লেকচার সিরিজের
SURE SUCCESS

Short
সিলেবাসে

HSC সৃজনশীল

# সেইভ ইজি টু টেস্ট পেপারস

# সমাজকর্ম

প্রথম পত্র

বোর্ড পরীক্ষার প্রশ্নপত্র

# ঢাকা, যশোর, কুমিল্লা ও সিলেট বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 7 1

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট


## সমাজকর্ম প্রথম পত্র ◉ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। এশা রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অনার্স ১ম বর্ষের শিক্ষার্থী। সে এমন একটা বিষয়ে অধ্যয়ন করছে, যা বৈজ্ঞানিক পদ্ধতি নির্ভর সাহায্যকারী পেশা হিসেবে পরিচিত। এটি ব্যক্ত, দল ও সমষ্টির নিজস্ব সম্পদের সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে সমস্যার স্থায়ী সমাধানের প্রচেষ্টা চালায়।

ক. সমাজকর্মের উৎপত্তি হয়েছিল কোন দেশে? ১
খ. 'সমাজকর্ম একটি সক্ষমকারী পেশা'– বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে এশার পঠিত বিষয়টি কী? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত বিষয়টির পরিধি আলোচনা কর। ৪

২।



ক. CSWE-এর পূর্ণরূপ কী? ১
খ. নির্ভরশীল বালক-বালিকা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে ইঙ্গিতকৃত পেশাগত সংগঠনটির নাম কী? ব্যাখ্যা কর। ৩
ঘ. সমাজকর্ম পেশার বিকাশে উক্ত সংগঠনের ভূমিকা বিশ্লেষণ কর। ৪

৩। অষ্টাদশ শতাব্দীর শেষ ভাগ থেকে উনবিংশ শতাব্দীর প্রথমভাগ পর্যন্ত সময়ে ইংল্যান্ডে এবং পরে অন্যান্য দেশের উৎপাদন ব্যবস্থায় এক যুগান্তকারী ও আমূল পরিবর্তন সূচিত হয়। ফলে নানা ধরনের জটিল সমস্যার উদ্ভব ঘটে। উদ্ভূত সমস্যা মোকাবিলায় বিজ্ঞানভিত্তিক ও পদ্ধতি নির্ভর কৌশল প্রয়োগের প্রয়োজনীয়তা দেখা দেয়।

ক. Charities Review পত্রিকাটি কত সালে প্রকাশিত হয়। ১
খ. পঞ্চদৈত্য বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের যুগান্তকারী পরিবর্তনকে কী হিসেবে আখ্যায়িত করা যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. সমাজকর্ম পেশার বিকাশে উদ্দীপকে ইংগিতকৃত বিষয়ের ভূমিকা আলোচনা কর। ৪

SURE SUCCESS

৪। জাহিন সিলেট মেডিকেল কলেজ থেকে এমবিবিএস পাস করে একটি হাসপাতালে সেবার বিনিময়ে জীবিকা নির্বাহ করেন। অন্যদিকে, আক্কাস এসএসসি পাস করার পর কৃষিকাজ করে জীবিকা নির্বাহ করেন।


ক. মূল্যবোধ কী? ১
খ. সম্পদের সদ্ব্যবহার বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে জাহিনের জীবিকা নির্বাহের উপায়কে কী বলে? ব্যাখ্যা কর। ৩
ঘ. জাহিন ও আক্কাসের জীবিকা নির্বাহরে মধ্যে মিল থাকলেও অমিলও রয়েছে– বিশ্লেষণ কর। ৪

৫। জনাব তুহিন একজন সমাজকর্মী। তিনি আগত সাহায্যার্থীকে মত প্রকাশের সুযোগ না দিয়ে সিদ্ধান্ত চাপিয়ে দেন এবং সাহায্যার্থীর কাছ থেকে প্রাপ্য তথ্য অন্যের কাছে প্রকাশ করেন।


ক. 'Profession' শব্দটি কোন ভাষা থেকে উদ্ভূত? ১
খ. সকল পেশা বৃত্তি, কিন্তু সকল বৃত্তি পেশা নয়– বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে জনাব তুহিনের কর্মকাণ্ডে সমাজকর্মের কোন কোন মূল্যবোধের প্রতিফলন ঘটেনি? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে ইঙ্গিতকৃত মূল্যবোধগুলো একজন সমাজকর্মীর জন্য অবশ্য পালনীয় – বিশ্লেষণ কর। ৪

৬। কামরুল আহসান একজন পরহেজগার ও ধনাঢ্য ব্যক্তি। ধর্মীয় রীতি অনুসারে তিনি প্রতিবছর তার সম্পদের একটি অংশ সুনির্দিষ্ট খাতে গরিব ও অসহায়দের মধ্যে বিতরণ করেন। এর মাধ্যমে সামাজিক সংহতি বজায় থাকে এবং ধনী-গরিবের মধ্যে বৈষম্য হ্রাস পায়।

ক. সামাজিক নিরাপত্তা কত প্রকার? ১
খ. দানশীলতার একটি দুর্বল দিক বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে কামরুল আহসানের বিতরণকৃত সম্পদ কোন ঐতিহ্যগত সমাজকল্যাণ কার্যক্রমকে নির্দেশ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের নির্দেশকৃত ঐতিহ্যগত সমাজকল্যাণ কার্যক্রমের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৭।



ক. সমাজকর্মের সহায়ক পদ্ধতি কয়টি? ১
খ. সামাজিক কার্যক্রম বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপক কাঠামো দ্বারা ব্যক্তি সমাজকর্মের কী প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে ব্যক্তি সমাজকর্মের সকল নীতির প্রতিফলন ঘটেনি– মতামত দাও। ৪

৮।



ক. সদকা কী? ১
খ. সামাজিক উন্নয়ন বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের (?) প্রশ্ন চিহ্নিত সমাজকর্মের সাথে সম্পর্কিত কোন প্রত্যয়কে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের (?) প্রশ্নচিহ্নিত স্থানের প্রত্যয়টি সমাজকর্মের সাথে কতটুকু সাদৃশ্যপূর্ণ? বিশ্লেষণ কর। ৪

৯। নাজনীন এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। পনেরো বছর বয়সে মুক্তমনের শিক্ষিত ব্যবসায়ী তৌফিকের সাথে তার বিয়ে হয়। বিয়ের পর স্বামীর অনুপ্রেরণায় তিনি পড়াশোনা করেন। স্বামীর মৃত্যুর পর তিনি বিপুল সম্পত্তির মালিক হন এবং নিজ এলাকায় মেয়েদের জন্য একটি বিদ্যালয় প্রতিষ্ঠা করে নারী শিক্ষায় অবদান রাখেন।

ক. ধর্মগোলা কী? ১
খ. সমাজসেবা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের নাজনীনের সাথে উপমহাদেশের কোন মহিয়সী নারীর সাদৃশ্য পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. নারী শিক্ষার প্রসারে উক্ত মহিয়সী নারীর অবদান বিশ্লেষণ কর। ৪

১০। মাদকাসক্ত মিঠুকে তার বাবা সংশোধনের উদ্দেশ্যে একটি নিরাময় কেন্দ্রে নিয়ে আসেন। কেন্দ্রের একজন সমাজকর্মী তাকে সাদরে গ্রহণ করেন। তিনি সমাজকর্মের পদ্ধতি ও কৌশল প্রয়োগের মাধ্যমে মিঠুকে স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনার ব্যবস্থা করেন।

ক. Rapport শব্দের অর্থ কী? ১
খ. সমাজকর্ম গবেষণা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে সমাজকর্মী মিঠুকে সংশোধনে সমাজকর্মের কোন পদ্ধতি প্রয়োগ করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত পদ্ধতির সমস্যা সমাধান প্রক্রিয়া আলোচনা কর। ৪

১১। করোনা মহামারী ও বৈশ্বিক সংকটের কারণে সমগ্র বিশ্বে দারিদ্র্যের হার উদ্বেগজনক হারে বাড়ছে। এ অবস্থায় প্রফেসর ফখরুল ইসলাম দারিদ্র্যের কারণ উদঘাটনের জন্য ছাত্র-ছাত্রীদের করণীয় সম্পর্কে দিকনির্দেশনা প্রদান করেন। ছাত্র-ছাত্রীরা তথ্য সংগ্রহ, উপাত্ত বিশ্লেষণ, প্রতিবেদন তৈরিসহ প্রভৃতি কার্য সম্পাদন করেন।

ক. ব্যক্তি সমাজকর্মের অগ্রদূত বলা হয় কাকে? ১
খ. সমষ্টি সংগঠন বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে ছাত্র-ছাত্রীরা দারিদ্র্যের কারণ উদঘাটনের জন্য সমাজকর্মের কোন সহায়ক পদ্ধতির আশ্রয় গ্রহণ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত পদ্ধতির সুনির্দিষ্ট ধাপসমূহ বিশ্লেষণ কর। ৪

# রাজশাহী, চট্টগ্রাম, বরিশাল, দিনাজপুর ও ময়মনসিংহ বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 7 1

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

## সমাজকর্ম প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। সভ্যতার বিবর্তন, জ্ঞানবিজ্ঞানের ক্রমবিকাশ তথা শিল্প বিপ্লবের প্রভাবে ইতিবাচক পরিবর্তনের পাশাপাশি সমাজজীবনে নানাবিধ জটিল সমস্যার সৃষ্টি হয়। সৃষ্ট সমস্যা মোকাবিলার লক্ষ্যে জ্ঞানবিজ্ঞানের বিভিন্ন শাখার উদ্ভব হয়। উদ্ভাবতি শাখার মধ্যে এমন একটি বিশেষ শাখা রয়েছে, যা মানুষের সুপ্ত প্রতিভার বিকাশ সাধন ও প্রাপ্ত সম্পদের সদ্ব্যবহারের মাধ্যমে সুখী ও সমৃদ্ধশালী জীবন ধারণে পদ্ধতি নির্ভর সেবাদান করে।

ক. "Introduction to social welfare" গ্রন্থের লেখক কে? ১

খ. 'সমাজকর্ম একটি সংগঠিত সাহায্য দান প্রক্রিয়া'— বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকে কোন বিশেষ শাখার ইঙ্গিত রয়েছে তার পরিচয় তুলে ধর। ৩

ঘ. উদ্দীপকে ইঙ্গিতকৃত বিষয়টি মানুষের জীবনমান উন্নয়নে কীভাবে ভূমিকা রাখে তা বিশ্লেষণ কর। ৪

২। জনাব খালিদ হোসেন একজন পৌর মেয়র। তিনি সাহায্যদান কার্যক্রমে কতিপয় নিয়ম অনুসরণ করেন। সাহায্যপ্রার্থীদের সম্পদশালী কোনো নিকট আত্মীয় থাকলে তাদেরকে সাহায্যের আওতায় না এনে ওই আত্মীয়দের দায়িত্ব নিতে উৎসাহিত করেন। সাহায্য পেতে হলে তার নির্বাচনি এলাকায় স্থায়ী বাসিন্দা অথবা একটি নির্দিষ্ট সময় ধরে ওই এলাকায় বসবাস করতে হয়। তিনি ত্রাণ সামগ্রী সুষ্ঠু বন্টনের স্বার্থে সাহায্যার্থীদের কতিপয় শ্রেণিতে বিভক্ত করে পৃথক পৃথক কর্মসূচির মাধ্যমে সেবাদান করেন।

ক. বিভারিজ রিপোর্ট কত সালে পেশ করা হয়? ১

খ. সামাজিক বিমা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত খালিদ সাহেবের কার্যক্রম তোমার পাঠ্যবইয়ের কোন আইনের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. আমাদের দেশের দারিদ্র্য দূরীকরণে উদ্দীপকে ইঙ্গিতকৃত আইনের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৩। ১৭৬০ থেকে ১৮৫০ সালের মধ্যে সংঘটিত একটি ঘটনা মানুষের আর্থসামাজিক, রাজনৈতিক চিন্তাধারা ও জীবন প্রণালিতে সুদূরপ্রসারী আমূল পরিবর্তন বয়ে আনে। উৎপাদন ও বন্টনের ক্ষেত্রে বৈপ্লবিক পরিবর্তন সাধিত হয়। শিল্পায়ন ও শহরায়ণের ফলে নানাবিধ সুযোগ-সুবিধা সৃষ্টি হলেও সমাজজীবনে সৃষ্টি হয় নতুন নতুন জটিল সমস্যা। যার ফলস্বরূপ উদ্ভাবিত হয় বৈজ্ঞানিক সমাধান ব্যবস্থার।


ক. বিভারিজ রিপোর্ট কী? ১

খ. শিল্প দুর্ঘটনা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে কোন ঐতিহাসিক ঘটনার ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত ঘটনার প্রভাব সমাজকর্মের বিকাশে কীভাবে ভূমিকা রাখে তা বিশ্লেষণ কর। ৪

৪। উদ্দীপকের ছবিগুলো লক্ষ কর এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :



চিত্র : 'ক' চিত্র : 'খ'

ক. মূল্যবোধ কী? ১

খ. আত্মনিয়ন্ত্রণ অধিকার বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে চিত্র 'খ'-এর জীবিকা অর্জনের মাধ্যমকে কী বলে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত চিত্র 'ক' ও 'খ'-এর মধ্যকার পার্থক্য নির্ণয় কর। ৪

৫। একটি সেবামূলক সংস্থায় কর্মরত হুজায়ফা নূর একজন দক্ষ সমাজকর্মী। কোনো সমস্যাগ্রস্ত ব্যক্তি তার নিকট সহায়তার জন্য এলে তিনি তাদের আন্তরিকতার সাথে মর্যাদাসহকারে গ্রহণ করেন। সমস্যা সমাধানে জোরপূর্বক কোনো সমাধান চাপিয়ে না দিয়ে তাদের মতামতের মূল্য ও মর্যাদা দেন এবং তাদের দেওয়া তথ্য গোপন রাখার প্রতিশ্রুতি প্রদান করেন। ফলে সেবা গ্রহীতাদের সাথে তার সহজেই সুসম্পর্ক গড়ে ওঠে এবং সমস্যার ফলপ্রসূ সমাধান সহজ হয়।

ক. সতীদাহ প্রথা উচ্ছেদ আইন কত সালে প্রণীত হয়? ১

খ. পেশাগত সম্পর্ক ধারণাটি ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে হুজায়ফা নূরের কার্যক্রমে যে সকল মূল্যবোধের প্রতিফলন ঘটেছে সেগুলো চিহ্নিত কর। ৩

ঘ. সমাজকর্ম পেশার মর্যাদা লাভে উক্ত মূল্যবোধগুলোই যথেষ্ট নয়— তোমার মতামত দাও। ৪

৬। আধুনিক সভ্যতার বিকাশে পর্যায়ক্রমে ঘটে যাওয়া শিল্প বিপ্লব মানুষকে যেমন দিয়েছে প্রাচুর্য ও বিলাসিতা। তেমনি দিয়েছে আকস্মিক অসুস্থতা, দুর্ঘটনা, বেকারত্ব, অক্ষমতাজনিত নির্ভরশীলতা। এরূপ আর্থসামাজিক বিপর্যয় মোকাবিলার জন্য যথাযথ প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত হয়েছে সুনির্দিষ্ট প্রতিরক্ষামূলক ব্যবস্থা। যেমন— পেনশন, প্রভিডেন্ট ফান্ড, দুর্ঘটনা ভাতা, মাতৃত্ব ভাতা ইত্যাদি।

ক. যাকাত শব্দের আভিধানিক অর্থ কী? ১

খ. বায়তুলমাল বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত প্রতিরক্ষামূলক ব্যবস্থাসমূহ সমাজকর্মের কোন প্রত্যয়ের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর, সমাজ জীবনের আকস্মিক বিপর্যয় মোকাবিলায় গৃহীত ব্যবস্থার বিশেষ গুরুত্ব রয়েছে? মতামত দাও। ৪

৭। অল্প বয়সে পারমিতার বিয়ে হয় ধনাঢ্য ব্যবসায়ী রনজিৎ সাহেবের সাথে। সুখের সংসার তাদের। হঠাৎ সড়ক দুর্ঘটনায় রনজিৎ-এর মৃত্যু হলে চরম বিপাকে পড়ে পারমিতা। মানবতাবাদী ও আধুনিক চিন্তার ধারক অরুণ মাস্টারের অক্লান্ত প্রচেষ্টায় বিধবাদের বিবাহের রীতি চালু হলে পারমিতাসহ অসংখ্য নারী নতুন জীবন লাভ করে।

ক. সামাজিক পরিবর্তন কী? ১

খ. সমাজসংস্কার বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে অরুণ মাস্টারের প্রচেষ্টার সাথে ভারতবর্ষের কোন সমাজসংস্কারকের কাজের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সমাজসংস্কারে উক্ত মহৎ ব্যক্তির আবেদন মূল্যায়ন কর। ৪

৮। মাদকাসক্ত রফিককে তার অভিভাবক নবদিগন্ত "মাদকাসক্ত পুনর্বাসন কেন্দ্রে" ভর্তি করেন। কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা আকবর সাহেব রফিক ও তার অভিভাবকের নিকট হতে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করেন। সংগৃহীত তথ্যগুলো বিশ্লেষণ করে সুনির্দিষ্ট প্রক্রিয়ায় জনাব আকবর-রফিকের সমস্যার সমাধানে সহায়তা করেন।

ক. ব্যক্তি সমাজকর্মে সমস্যা সমাধানের প্রথম স্তর কোনটি? ১

খ. সামাজিক দল বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে সমাজকর্মের কোন মৌলিক পদ্ধতির ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উক্ত পদ্ধতির সকল উপাদানের প্রতিফলন ঘটেছে— বিশ্লেষণপূর্বক মতামত দাও। ৪

৯। আলেয়া বেগম একটি মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। ছোটবেলা থেকেই লেখাপড়ার প্রতি তার প্রবল আগ্রহ ছিল। সে সময়ে মেয়েদের লেখাপড়ার কোনো সুযোগ না থাকলেও তিনি তার বড় ভাইয়ের কাছে পড়ালেখা শেখেন। বিয়ের পর স্বামীর সহযোগিতায় নারীদের কল্যাণার্থে শিক্ষা প্রতিষ্ঠানসহ নানাবিধ কাজ করেন। তাই তাকে নারী শিক্ষার পথিকৃৎ বলে।

ক. সতীদাহ শব্দের অর্থ কী? ১

খ. দেবোত্তর ধারণাটি ব্যাখ্যা কর। ২

গ. আলেয়া বেগমের কাজের সাথে তোমার পাঠ্যবইয়ের কোন মহিয়সী নারীর কর্মকাণ্ডের সাদৃশ্য পাওয়া যায় তা আলোচনা কর। ৩

ঘ. নারী শিক্ষা ও অগ্রযাত্রায় তার অবদান মূল্যায়ন কর। ৪

১০। 'ক' নামক দেশে ১৩৪৯ হতে ১৫৯৭ সাল পর্যন্ত দরিদ্রদের ভাগ্যোন্নয়নে বেশ কিছু আইন পাশ হয়। আইনগুলো দারিদ্র্য নিরসনে কার্যকর ভূমিকা রাখে। তবে ওই দেশে শিল্প বিপ্লব সংঘটিত হওয়ায় পরিবর্তিত পরিস্থিতিতে নানান জটিল সমস্যার উদ্ভব হয়। এসব সমস্যা মোকাবিলায় পূর্বের আইনগুলো সংস্কারের প্রয়োজনীয়তা দেখা দেয়। এজন্য পার্লামেন্ট নির্দেশিত গঠিত কমিটির সুপারিশের ভিত্তিতে একটি নতুন সংস্কার আইন পাশ হয়। এ আইনটি সমাজকর্ম বিকাশে সহায়ক ভূমিকা পালন করে।

ক. ১৬০১ সালের দরিদ্র আইনে দরিদ্রদের কয়টি শ্রেণিতে বিভক্ত করা হয়? ১

খ. পঞ্চদৈত্য ধারণাটি ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে 'ক' দেশের সংস্কার আইনের মধ্যে যুক্তরাজ্যের কোন সংস্কার আইনের ইঙ্গিত পাওয়া যায় তার পরিচয় বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকে ইঙ্গিতকৃত যুক্তরাজ্যে প্রণীত আইনটি 'সমাজকর্ম পেশার বিকাশে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক'— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

১১। বর্তমান প্রযুক্তি নির্ভর সমাজ ব্যবস্থায় ছোট, বড় প্রায় সকলের হাতেই মোবাইল ফোন পৌঁছে গিয়েছে। এর বহুবিধ ইতিবাচক দিক থাকলেও উদীয়মান তরুণ সমাজ ব্যাপকভাবে এর অপব্যবহার করছে। ফলে সমাজে কিশোর গ্যাংসহ নানাবিধ অপরাধ ও কিশোর অপরাধ সংঘটিত হচ্ছে। এর কারণ উৎঘাটন ও নির্মূলে সমাজকর্মের একটি পদ্ধতি কার্যকর ভূমিকা পালন করতে পারে। কেননা সমাজের কাঙ্ক্ষিত পরিবর্তন সাধন ও অনাকাঙ্ক্ষিত পরিবর্তনে বাধা দেওয়াই এ পদ্ধতির মূল লক্ষ্য।

ক. সমাজকর্ম গবেষণা সমাজকর্মের কোন ধরনের পদ্ধতি? ১

খ. সমাজকর্মের সহায়ক পদ্ধতি বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে সমাজকর্মের কোন সহায়ক পদ্ধতির ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর। ৩


ঘ. "উক্ত পদ্ধতির গুরুত্ব বর্তমান সমাজে বেড়েই চলছে"— বিশ্লেষণ কর। ৪

## ঢাকা, যশোর, কুমিল্লা, চট্টগ্রাম, সিলেট, দিনাজপুর ও ময়মনসিংহ বোর্ড ২০২২

বিষয় কোড : 2 7 1

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট | **সমাজকর্ম প্রথম পত্র — সৃজনশীল প্রশ্ন** | পূর্ণমান—৭০


[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১।



ক. সমাজকর্মের উদ্ভব ঘটে কোন দেশে? ১
খ. সামগ্রিক কল্যাণ বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে সমাজকর্মের কোন দিকটি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে সমাজকর্মের সকল বৈশিষ্ট্য প্রকাশ পায় নাই। এ বিষয়ে মতামত দাও। ৪

২। কোভিড পরবর্তীতে একটি দেশের আর্থসামাজিক সমস্যা মোকাবিলার জন্য প্রফেসর বাহাদুর হোসেনকে প্রধান করে একটি কমিটি গঠন করা হয়। তিনি অনুসন্ধান করে সমস্যার পাঁচটি কারণ চিহ্নিত করেন এবং এগুলো দূরীকরণের জন্য পাঁচটি সুপারিশ করেন। এর আলোকে সরকার কতিপয় নিরাপত্তামূলক কর্মসূচি গ্রহণ করে যা দেশের উন্নয়নে সুদূরপ্রসারী ভূমিকা রাখে।
ক. কোন সালে দরিদ্র আইন সংস্কার করা হয়? ১
খ. অক্ষম দরিদ্র বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের সাথে সমাজকর্ম পেশার ঐতিহাসিক প্রেক্ষাপট হিসেবে কোন রিপোর্টের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. এ রিপোর্টের গুরুত্ব তুলে ধর। ৪

৩। জনাব রায়েয়া রাব্বি আইন পেশায় জড়িত। এ পেশায় তাকে বিশেষ শিক্ষা ও প্রশিক্ষণ গ্রহণ করতে হয়েছে। এ পেশার সুশৃঙ্খল জ্ঞানভান্ডার রয়েছে, এছাড়া বার এসোসিয়েশন, নৈতিক মূল্যবোধের অনুসরণ ও জনকল্যাণমুখিতার কারণে পেশাটি সম্মানজনক অবস্থায় রয়েছে।
ক. পেশার সংজ্ঞা দাও। ১
খ. পেশা ও বৃত্তির দুটি পার্থক্য উল্লেখ কর। ২
গ. উদ্দীপকে সমাজকর্ম পেশার কোন বৈশিষ্ট্য রয়েছে? ব্যাখ্যা দাও। ৩
ঘ. উদ্দীপকে সমাজকর্ম পেশার সকল বৈশিষ্ট্যের প্রতিফলন ঘটেনি— মতামত দাও। ৪

৪।



ক. পেশার একটি বৈশিষ্ট্য লেখ। ১
খ. জনকল্যাণমুখিতা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপক কাঠামোতে সমাজকর্মের কী প্রকাশ পেয়েছে? মতামত দাও। ৩
ঘ. উদ্দীপকে উল্লেখ হয়নি সমাজকর্মের এ রকম একটি নীতির বর্ণনা দাও। ৪

৫। বিনোদ রায় একজন সচেতন ব্যক্তি। সমাজে তিনি দয়ার সাগর নামে পরিচিত। তিনি সমাজের প্রচলিত বিধিকে সমালোচনা করে বিধবা সম্পা রায়কে তাঁর ছেলের সাথে বিয়ে দেন।
ক. সতীদাহ নিরোধ আইন কোন সালে পাস হয়? ১
খ. রাজা রামমোহন রায় বিখ্যাত কেন? ২
গ. উদ্দীপকের সাথে কোন সমাজ সংস্কার আন্দোলনের মিল রয়েছে? ব্যাখ্যা দাও। ৩
ঘ. উক্ত আন্দোলনের গুরুত্ব আলোচনা কর। ৪


৬। সিফাত শৈশবেই মা-বাবাকে হারিয়েছে। জগতে আপন বলতে কেউ নেই। ষোল বছর পর্যন্ত একটি প্রতিষ্ঠান তাকে আশ্রয় দিয়ে তার ভরণপোষণ ও শিক্ষার ব্যবস্থা করে। এখানে বসবাস করেই সে বৃত্তিমূলক প্রশিক্ষণ গ্রহণ করেছে।
ক. সরাইখানা কী? ১
খ. দেবোত্তর বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে সিফাত কোন ঐতিহ্যগত সমাজকল্যাণ প্রতিষ্ঠানে বেড়ে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত প্রতিষ্ঠানটির গুরুত্ব আলোচনা কর। ৪

৭। ললিতা রায় ও নূরজাহান দানশীল, পরোপকারী হিসেবে পরিচিত। ললিতা রায় পাপমুক্তির আশায় মন্দির ও অনাথ আশ্রমে সম্পদ দান করেন আর নূরজাহান তার সম্পদের একটি অংশ মসজিদ মাদ্রাসায় দান করেন। এ দানের মাধ্যমে দুজনেই মানসিক তৃপ্তিতে আছেন।
ক. সমাজ সংস্কার কী? ১
খ. সামাজিক নিরাপত্তার ধারণা দাও। ২
গ. উদ্দীপকে ললিতা রায়ের দান সমাজকর্মের সাথে সম্পর্কিত কোন প্রত্যয়কে ইঙ্গিত করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. ললিতা রায় ও নূরজাহানের দান মানবকল্যাণে অবদান রাখছে— সংশ্লিষ্ট প্রত্যয়ের আলোকে মতামত দাও। ৪

৮। সড়ক দুর্ঘটনায় পা হারিয়ে রনি মিয়া সিইপিজেড এলাকায় ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত। তার পাশেই কালু মিয়া সুস্থ ও সামর্থ্যবান হওয়া সত্ত্বেও একই পদ্ধতিতে সাহায্য কামনা করেন। এজন্য তাদের মধ্যে প্রায়ই ঝগড়া হয়। পথচারী হাসিব তাদের অবস্থা দেখে ইংল্যান্ডের ১৬০১ সালের দরিদ্র আইনের কথা স্মরণ করে।
ক. ১৯০৫ সালের দরিদ্র আইন কমিশনের সভাপতি কে ছিলেন? ১
খ. পেশাগত দুর্ঘটনা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে রনি মিয়া ইংল্যান্ডের ১৬০১ সালের দরিদ্র আইনের আলোকে কোন শ্রেণির দরিদ্র? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত আইনে রনি ও কালু মিয়াদের মতো দরিদ্রদের অবস্থার উন্নয়নে কী ধরনের কার্যক্রম উল্লেখ আছে তা বিশ্লেষণ কর। ৪

৯। পারিবারিক সম্মতিতেই শাপলা ও জনির বিয়ে হয়। বিয়ের কিছুদিন পর তাদের মধ্যে মনোমালিন্য দেখা দেয় যা পরবর্তীতে দাম্পত্য কলহে রূপ নেয়। এ অবস্থায় শাপলা অসহায় হয়ে পড়ে এবং একজন সমাজকর্মীর শরণাপন্ন হয়।
ক. সমাজকর্মের মৌলিক পদ্ধতি কয়টি? ১
খ. সমষ্টি উন্নয়ন বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে শাপলার সমস্যা সমাধানে সমাজকর্মের কোন মৌলিক পদ্ধতি প্রয়োগ করা যেতে পারে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত পদ্ধতির সমস্যা সমাধান প্রক্রিয়া যথাযথ অনুসরণের মাধ্যমে সমস্যা সমাধান দ্রুততর হয়— বিশ্লেষণ কর। ৪

১০। জনাব রফিকুল ইসলাম একজন পেশাদার কর্মী। প্রাতিষ্ঠানিক শিক্ষা ও মাঠ পর্যায়ের প্রশিক্ষণের মাধ্যমে এ পেশাদারিত্ব গড়ে উঠে। সামাজিক সমস্যা, সমাজ সম্পর্কিত জ্ঞান অর্জন, সামাজিক দায়িত্ব ও কর্তব্য সচেতনতা ইত্যাদি সৃষ্টিতে এ পেশার জ্ঞান অর্জনের প্রয়োজনীয়তা রয়েছে। বাংলাদেশের আর্থসামাজিক প্রেক্ষাপটে এ পেশা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার সুযোগ আছে।
ক. NASW এর পূর্ণরূপ কী? ১
খ. সমাজকর্ম প্রশাসন বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে কোন পেশা শিক্ষার প্রয়োজনীয়তা উল্লেখ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রয়োজনীয়তা ছাড়া সমাজকর্ম শিক্ষার আরো প্রয়োজনীয়তা রয়েছে— মতামত দাও। ৪

১১।



ক. সমাজকর্মের পদ্ধতি কয়টি? ১
খ. অনুধ্যান বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপক কাঠামোতে দল সমাজকর্মের কোন দিককে দেখানো হয়েছে? ব্যাখ্যা দাও। ৩
ঘ. দল সমাজকর্ম অনুশীলনে যেকোনো একটি উপাদানের গুরুত্ব তুলে ধর। ৪

# রাজশাহী ও বরিশাল বোর্ড ২০২২

বিষয় কোড : | 2 | 7 | 1 |

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **সমাজকর্ম প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। আবিদ একজন মেধাবী ছাত্র। উচ্চ মাধ্যমিক সমাপ্তির পর সে এমন একটি বিষয় নিয়ে উচ্চ শিক্ষা গ্রহণ করতে চায়, যা তাকে মানবীয় সম্পর্ক উন্নয়নে বৈজ্ঞানিক পদ্ধতিভিত্তিক সেবাদানে সহায়তা করবে। কোনো সেবামূলক প্রতিষ্ঠানের অধীনে তার অর্জিত জ্ঞান বাস্তব ক্ষেত্রে প্রয়োগ করে আধুনিক শিল্প-সমাজের বহুমুখী জটিল সামাজিক সমস্যা সমাধানে আত্মনিয়োগ করাই তার লক্ষ্য।

ক. 'Introduction to Social Work' গ্রন্থের লেখক কে? ১
খ. সমাজকর্মকে সক্ষমকারী প্রক্রিয়া বলা হয় কেন? ২
গ. আবিদ যে বিষয়ে উচ্চ শিক্ষা গ্রহণ করতে চায় তার বৈশিষ্ট্য বর্ণনা কর। ৩
ঘ. বাংলাদেশের আর্থসামাজিক অবস্থার প্রেক্ষিতে বিষয়টির আবশ্যকতা বিশ্লেষণ কর। ৪

২। করোনা অতিমারির কারণে জনগণের জীবনব্যবস্থায় ক্ষতিকর প্রভাব পড়েছে। জীবিকার তাগিদে কাজের সন্ধানে মানুষ ভবঘুরের মতো এক এলাকা থেকে অন্য এলাকায় ছুটে বেড়াচ্ছে। ভিক্ষুকের সংখ্যাও পূর্বের থেকে বেড়ে গেছে। বৃদ্ধ, অসুস্থ, প্রতিবন্ধী ভিক্ষুকের পাশাপাশি শিশুসহ সুস্থ-সবল ভিক্ষুকও বেড়েছে। অনুরূপ পরিস্থিতিতে যুক্তরাজ্যে এক যুগান্তকারী দরিদ্র আইন প্রণীত হয়।

ক. NASW-এর পূর্ণরূপ লেখ। ১
খ. সামাজিক দায়িত্ব বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত পরিস্থিতির সাথে যুক্তরাজ্যের কোন আইন প্রণয়নের পরিস্থিতির সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে ইঙ্গিতকৃত আইনটি যুক্তরাজ্যের উদ্ভূত পরিস্থিতি মোকাবিলায় কী কী ব্যবস্থা গ্রহণ করেছিল? তোমার পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

৩। কাঞ্চনপুর একটি নদী বিধৌত এলাকা। প্রাকৃতিক দুর্যোগে এ অঞ্চলের আর্থসামাজিক অবস্থা স্থবির হয়ে পড়েছে। জনসাধারণ নিরাপত্তাহীনতায় ভুগছে। উক্ত সমস্যা মোকাবেলায় গৃহীত সমাজসেবামূলক কর্মসূচির আমূল সংস্কার দরকার। তাই জেলা প্রশাসক সমাজসেবা কর্মকর্তা জনাব আবুল বাসারের নেতৃত্বে একটি কমিটি গঠন করেন। কমিটির সদস্যগণ এলাকার সর্বস্তরের প্রতিনিধিদের মতামতের ভিত্তিতে একটি রিপোর্ট প্রদান করেন। রিপোর্ট জনগণের অগ্রগতির পথে পাঁচটি অন্তরায় চিহ্নিত করেন এবং সেগুলো দূরীকরণে পাঁচটি সুপারিশও পেশ করেন।

ক. যাকাত প্রদানের খাত কয়টি? ১
খ. সামাজিক পরিবর্তন বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে কাঞ্চনপুর এলাকার রিপোর্টের সাথে যুক্তরাজ্যের কোন ঐতিহাসিক রিপোর্টের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে ইঙ্গিতকৃত রিপোর্টটি যুক্তরাজ্যে সামাজিক নিরাপত্তাব্যবস্থা প্রবর্তনে কী ভূমিকা রাখে? আলোচনা কর। ৪

৪। রায়হান মানবজ্ঞানের একটি নির্দিষ্ট শাখায় উচ্চমানের জ্ঞান অর্জন করেন। তিনি ব্যবহারিক প্রশিক্ষণ ও সামাজিক দায়বদ্ধতা নিয়ে একটি প্রতিষ্ঠানের প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন করেন। তারই বাল্যবন্ধু রতন জীবিকার তাগিদে কখনো নৌকার মাঝি, কখনো দিনমজুর, আবার কখনো রিক্সা চালায়।

ক. মূল্যবোধ কী? ১
খ. আত্মনিয়ন্ত্রণ অধিকার বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের রায়হান ও রতনের জীবিকার পরিচয় ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে জ্ঞরায়হানের জীবিকার্জনের পন্থাটি বিশেষ বৈশিষ্ট্যম›িত"– উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৫। জামাল একজন সমাজকর্মী। তিনি একটি সংস্থায় কর্মরত। দায়িত্ব পালনের ক্ষেত্রে তিনি সমাজকর্ম পেশার নিজস্ব রীতি-নীতি ও আদর্শ অনুসরণ করেন। যা তাঁর পেশাগত আচার-আচরণকে পরোক্ষভাবে নিয়ন্ত্রণ করে। এ ছাড়া সমস্যাগ্রস্ত ব্যক্তিকে তিনি আন্তরিকতার সাথে গ্রহণ করেন এবং সমস্যা সমাধানে সংশ্লিষ্ট ব্যক্তির মতের মূল্য ও মর্যাদা দেন। ফলে সমস্যা সমাধানের পথ সহজ হয়।

ক. 'Profession' শব্দটি কোন ভাষা থেকে এসেছে? ১
খ. শ্রমের মর্যাদা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে জামালের কর্মকা›ে অনুসৃত মূল্যবোধের পরিচয় দাও। ৩
ঘ. সাহায্যার্থীর সমস্যার কার্যকরী সমাধানে উদ্দীপকে উল্লিখিত মূল্যবোধগুলোর গুরুত্ব ব্যাখ্যা কর। ৪

৬। সাবিহা নূর একটি সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। শৈশব থেকেই লেখাপড়ার প্রতি তার প্রবল আগ্রহ ছিল। কিন্তু তৎকালীন সমাজে মেয়েদের প্রাতিষ্ঠানিক শিক্ষা গ্রহণের কোনো ব্যবস্থা ছিল না। তার অদম্য ইচ্ছায় প্রথমে বড় ভাইয়ের ও পরিবর্তিতে স্বামীর সহায়তায় পারিবারিক পরিবেশে শিক্ষা গ্রহণকরেন। অতঃপর স্বামীর রেখে যাওয়া সম্পদ কাজে লাগিয়ে একটি বালিকা বিদ্যালয় প্রতিষ্ঠা করে নারী শিক্ষায় অগ্রণী ভূমিকা পালন করেন।

ক. 'সতীদাহ' শব্দটির অর্থ কী? ১
খ. সামাজিক আন্দোলন বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের সাবিহা নূর এর কার্যক্রমের সাথে কোন সমাজ সংস্কারকের কার্যক্রমের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. নারী শিক্ষার অগ্রগতিতে উদ্দীপকে ইঙ্গিতকৃত সমাজ সংস্কারকের অবদান মূল্যায়ন কর। ৪

৭। রাইসুল ইসলাম একজন সম্পদশালী ব্যবসায়ী ও ধর্মভীরু লোক। তিনি তার সম্পদের একটি বৃহৎ অংশ ইসলাম ধর্মের বিধান অনুসারে ধর্মীয় জনহিতকর কাজে স্বত্বত্যাগ করে দান করেন। তার বন্ধু ব্যবসায়ী কৃষ্ণপদ রায়ও তার সম্পদের এক-তৃতীয়াংশ হিন্দু ধর্মমতে দেবতার সন্তুষ্টির লক্ষ্যে ধর্মীয় শিক্ষা প্রতিষ্ঠান ও অনাথ আশ্রম প্রতিষ্ঠায় দান করেন। উভয়ের দানে মানবকল্যাণের পথ সুগম হয়েছে।

ক. সরাইখানা কী? ১
খ. সামাজিক নিরাপত্তা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে রাইসুল ইসলামের দানকে কী বলা যায়? ব্যাখ্যা করা। ৩
ঘ. উদ্দীপকে রাইসুল ইসলাম ও কৃষ্ণপদ রায়ের দান মানবকল্যাণে কী অবদান রাখছে, তা ব্যাখ্যা কর। ৪

৮। আব্দুর রহিম একটি সমাজসেবামূলক প্রতিষ্ঠানে পেশাদার সমাজকর্মী হিসেবে কর্মরত। রুবেল নামক এক ব্যক্তি কতিপয় সমস্যা নিয়ে উক্ত প্রতিষ্ঠানে সেবা গ্রহণের জন্য আসেন। আব্দুর রহিম তাকে সাদরে গ্রহণ করেন। তিনি সমাজকর্মের বিশেষ পদ্ধতি অবলম্বন করে তার সমস্যাসমূহ সমাধানের প্রচেষ্টা চালান। অল্প দিনের প্রচেষ্টায় রুবেল সমস্যামুক্ত হয়ে স্বাভাবিক জীবনে ফিরে আসেন।

ক. সমাজকর্মের মৌলিক পদ্ধতি কয়টি? ১
খ. মনো-সামাজিক অনুধ্যান বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে সমাজকর্মের কোন পদ্ধতির ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে রুবেলের সমস্যার সমাধানে উক্ত পদ্ধতিতে প্রয়োগকৃত স্তরগুলো অধিক কার্যকরী- বক্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৯। পঁচিশ বছরের যুবক রনি তিন বছর যাবত মাদকাসক্ত। তার বাবা তাকে মাদকাসক্তি থেকে মুক্ত করার আশায় একটি মাদকাসক্ত নিরাময় কেন্দ্রে ভর্তি করান। সেখানে একজন সমাজকর্মী রনিকে আন্তরিকভাবে গ্রহণ করেন। তিনি তাকে দলীয় পরিবেশে তার আবেগ, অনুভূতি, প্রত্যাশা, পরিকল্পনা ও সিদ্ধান্ত গ্রহণে পরস্পরের সঙ্গে অংশগ্রহণের সুযোগ দেন। এছাড়া দলীয় পরিবেশে খেলাধুলা ও চিত্তবিনোদনের সুযোগ পেয়ে তার দৃষ্টিভঙ্গি, জীবনদর্শন ও জীবনধারার পরিবর্তন হয় এবং সে মাদকাসক্তি থেকে মুক্তি পায়।

ক. Meta এবং Hodos কোন দেশীয় শব্দ থেকে এসেছে? ১
খ. সামাজিক দল বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে সমাজকর্মী সমাজকর্মের কোন পদ্ধতিকে হাতিয়ার হিসেবে ব্যবহার করেন? তা ব্যাখ্যা কর। ৩
ঘ. সমস্যা সমাধানে উক্ত পদ্ধতির গুরুত্ব বর্ণনা কর। ৪

১০। শারমীন জাহান একজন সমাজকর্মী। তিনি একটি বেসরকারি সংস্থায় পরিবর্তন প্রতিনিধি হিসেবে কর্মরত। তার সংস্থা গ্রামীণ এলাকায় নিরক্ষরতা, বাল্যবিবাহ, যৌতুক প্রথা অর্থাৎ সমাজে বিরাজমান কুসংস্কার, কুপ্রথা, গোঁড়ামি ও অজ্ঞতা দূরীকরণে কাজ করেন। সমস্যা সমাধানে তিনি সুনির্দিষ্ট সমাজকর্ম পদ্ধতি অনুসরণ করেন। এক্ষেত্রে শারমীন জাহানের ধারণা উল্লিখিত এলাকায় প্রত্যাশিত পরিবর্তন আনতে হলে যৌথ ও সমন্বিত প্রচেষ্টা প্রয়োজন।

ক. ব্যক্তি সমাজকর্মের অগ্রদূত কাকে বলা হয়? ১
খ. সমষ্টি উন্নয়ন বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে কোন পদ্ধতি অনুসরণের ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত সমস্যাবলি সমাধানে কোন পদ্ধতি প্রয়োগ যথার্থ বলে তুমি মনে কর তা বিশ্লেষণ কর। ৪

১১। 'ক' দেশে আর্থসামাজিক উন্নতির সাথে সাথে প্রবীণ জনগোষ্ঠীর সংখ্যাও ক্রমাগতভাবে বৃদ্ধি পাচ্ছে। বিশেষজ্ঞদের ধারণা প্রয়োজনীয় ব্যবস্থায় গ্রহণ না করলে সময়ের আবর্তে এটি একটি বড় সমস্যায় রূপ নিবে। তাই প্রকৃত ঘটনা উদঘাটনের লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজন সিনিয়র অধ্যাপক তার কিছু সংখ্যক শিক্ষার্থী নিয়ে তথ্য সংগ্রহ শুরু করেন। তাদের উদ্দেশ্য প্রবীণদের আর্থসামাজিক পরিবেশ ও পারিপার্শ্বিক অবস্থা সম্পর্কে তথ্য সংগ্রহ, বিশ্লেষণ, প্রতিবেদন প্রস্তুত ও পরবর্তীতে করণীয় সম্পর্কে সুপারিশ প্রদান।

ক. সমাজকর্ম প্রশাসন কী? ১
খ. সমাজকর্ম পদ্ধতি বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনিয়র অধ্যাপকের কাজটি সমাজকর্মের কোন পদ্ধতির ইঙ্গিত বহন করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত পদ্ধতির সুনির্দিষ্ট ধাপসমূহের কার্যকারিতা বিশ্লেষণ কর। ৪

## ঢাকা, রাজশাহী, কুমিল্লা, বরিশাল, দিনাজপুর ও ময়মনসিংহ বোর্ড ২০২১

বিষয় কোড : | 2 | 7 | 1 |

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

### সমাজকর্ম প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। হোসনে আরা খন্দকার ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে সমাজকর্ম বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রি লাভ করেন। বর্তমানে তিনি একটি সমাজসেবা প্রতিষ্ঠানে পেশাদার সমাজকর্মী হিসেবে কর্মরত আছেন। তাঁর কাজের প্রধান দিক হলো– সাহায্যার্থীর শারীরিক, মানসিক, অর্থনৈতিক, সাংস্কৃতিক প্রভৃতি ক্ষেত্রের উন্নয়নে সহায়তা করা।

ক. Introduction to Social Welfare গ্রন্থের লেখক কে? ১
খ. সমাজকর্ম ধারণাটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের হোসনে আরা খন্দকারের কাজের ক্ষেত্রে সমাজকর্মের কোন উদ্দেশ্যের ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. মানুষকে পরিপূর্ণভাবে সাহায্য করার ক্ষেত্রে উদ্দীপকে ইঙ্গিতকৃত উদ্দেশ্যের তাৎপর্য ব্যাখ্যা কর। ৪

২। চাঁদপুর জেলার ভিক্ষাবৃত্তি সমস্যার সমাধানের লক্ষ্যে জেলা প্রশাসক একটি পরামর্শ সভার আয়োজন করেন। উক্ত সভায় প্রফেসর আলাউদ্দিন ইংল্যান্ডের একটি দরিদ্র আইনের আলোকে ভিক্ষুকদেরকে সক্ষম ও অক্ষম এ দু'ভাগে বিভক্ত করা এবং সক্ষম ভিক্ষুকদের কাজের ব্যবস্থা করে দিতে পরামর্শ দেন।

ক. বিভারিজ রিপোর্ট কত সালে পেশ করা হয়? ১
খ. দরিদ্র আইন বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে প্রফেসর আলাউদ্দিন ইংল্যান্ডের কোন আইনের আলোকে পরামর্শ দিয়েছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. দরিদ্র সমস্যা সমাধানে উক্ত আইনের ভূমিকা আলোচনা কর। ৪

৩। ১৭৬০ সাল থেকে ১৮৫০ সালের মধ্যে ইংল্যান্ড ও ইউরোপের অন্যান্য দেশে একটি যুগান্তকারী পরিবর্তন সংঘটিত হয়। উক্ত পরিবর্তনের ফলে উৎপাদন ক্ষেত্রে সনাতন পদ্ধতির পরিবর্তে যান্ত্রিক পদ্ধতির প্রয়োগ ঘটে এবং মানুষের চিন্তাচেতনার ক্ষেত্রে আমূল পরিবর্তন সাধিত হয়।

ক. ব্ল্যাক ডেথ কী? ১
খ. সক্ষম দরিদ্র বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের উল্লিখিত পরিবর্তনটি কী নামে পরিচিত? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের উল্লিখিত পরিবর্তনটি সমাজকর্ম পেশার বিকাশে কী ধরনের অবদান রেখেছে? বিশ্লেষণ কর। ৪

৪। শিল্প বিপ্লবের ফলে উৎপাদন ব্যবস্থায় আমূল পরিবর্তন হওয়ার পাশাপাশি জটিল ও পরস্পর সম্পর্কযুক্ত বহুমুখী সমস্যা সৃষ্টি হয় যা অর্থ ও বস্তুগত সেবার মাধ্যমে সমাধান সম্ভব হচ্ছিল না। শিল্পবিপ্লবোত্তর আধুনিক সমাজব্যবস্থায় সৃষ্ট এ সমস্যা সমাধানে বৈজ্ঞানিক পদ্ধতি-নির্ভর ও বুদ্ধিভিত্তিক পেশাদার সেবা কার্যক্রমের প্রয়োজন দেখা দেয়।

ক. প্রথম 'শিল্প বিপ্লব' প্রত্যয়টির নামকরণ করেছিলেন কে? ১
খ. সমাজকর্ম শিক্ষা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে শিল্প বিপ্লবের ফলে কোন পেশার উদ্ভব ও বিকাশ হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত পেশাটির বিকাশে শিল্প বিপ্লবের ভূমিকা আলোচনা কর। ৪

৫। সুমন ও সুজন বাল্যবন্ধু। সুমন উচ্চ মাধ্যমিক পাস করে একটি মেডিকেল কলেজে ভর্তি হয় এবং ডাক্তারি পাস করে জনগণের সেবায় নিজেকে নিয়োজিত করে জীবিকা নির্বাহ করে। অন্যদিকে সুজন দরিদ্রতার কারণে পড়াশোনা করতে না পেরে কৃষিকাজ করে জীবিকা নির্বাক করে।

ক. মূল্যবোধ কী? ১
খ. পেশার ক্ষেত্রে জবাবদিহিতা গুরুত্বপূর্ণ কেন? ২
গ. উদ্দীপকের সুমনের জীবিকা নির্বাহের উপায়টিকে কী হিসেবে আখ্যায়িত করা যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের সুমন ও সুজনের জীবিকা নির্বাহের উপায় দুটির বৈসাদৃশ্য বিশ্লেষণ কর। ৪

৬। ফাতেমা জেসমিন একজন সম্পদশালী ধার্মিক মহিলা। তিনি প্রতিবছর রমজান মাসের প্রথমভাগে ইসলাম ধর্মের বিধান অনুযায়ী তার সম্পদের একটি নির্দিষ্ট অংশ দরিদ্র, অভাবগ্রস্ত ও ঋণগ্রস্ত মানুষের মধ্যে বিতরণ করেন। তিনি বিশ্বাস করেন– এর মাধ্যমে সমাজে সম্পদ ও সুযোগ-সুবিধার সুষম বণ্টনের পরিবেশ সৃষ্টি হবে।

ক. দানশীলতা কী? ১
খ. এতিমখানার কার্যক্রম ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে ফাতেমা জেসমিনের কর্মকাণ্ডে কোন ঐতিহ্যগত সমাজকল্যাণ প্রতিষ্ঠানের ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত প্রতিষ্ঠানের মাধ্যমে কীভাবে সমাজে সুষম বণ্টনের পরিবেশ সৃষ্টি হতে পারে আলোচনা কর। ৪

৭।

| "ক" | "খ" |
|---|---|
| (i) আধুনিক জীবনের অসুস্থতা, বেকারত্ব, প্রবীণ বয়সের নির্ভরশীলতা, শিল্প দুর্ঘটনায় ব্যক্তির অসহায়ত্বে সহায়তা করে। | (i) ব্যক্তি, দল ও সমষ্টিকে সাহায্য করার বৈজ্ঞানিক জ্ঞান নির্ভর পদ্ধতি। |
| (ii) উদ্দেশ্য হলো– মানুষের সুপ্ত প্রতিভা বিকাশের সুযোগ সৃষ্টি করা। | (ii) উদ্দেশ্য হলো– মানুষের সুপ্ত প্রতিভা বিকাশ ও সামাজিক ভূমিকা পালনের সামর্থ্য জোরদার করা। |
| (iii) অর্থনৈতিক কর্মসূচি যা আকস্মিক বিপর্যয় কাটিয়ে উঠতে সহায়তা করে। | (iii) একটি সাহায্যকারী পেশা যা অনুশীলন করা হয়। |
| (iv) সামাজিক বিমা, সামাজিক সাহায্য ও সমাজসেবার মাধ্যমে প্রয়োগ করা হয়। | (iv) জ্ঞান, দক্ষতা, মূল্যবোধ, নীতি প্রয়োগের সুযোগ রয়েছে। |

ক. ইংরেজি Reform শব্দের অর্থ কী? ১
খ. সামাজিক আন্দোলন বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে 'ক' দ্বারা সমাজকর্মের সাথে সংশ্লিষ্ট কোন প্রত্যয়টিকে উল্লেখ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের 'ক' ও 'খ' চিহ্নিত করে এদের সম্পর্ক তুলে ধর। ৪

৮। ঢোল আর বাদ্যের তালে তালে ধাক্কা দিয়ে এগিয়ে নেয়া হচ্ছে একটি মেয়েকে। তার স্বামী অমল চক্রবর্তী কিছু সময় আগে মৃত্যুবরণ করেছেন। তাই তিনি স্বামীর সাথে সহমরণে গিয়ে অনন্তকাল স্বর্গবাসী হবেন। পত্নীর মহৎ কর্তব্য হচ্ছে সহমরণ। কিন্তু অজয় রায় এভাবে ধর্মের দোহাই দিয়ে স্ত্রীকে জোর করে বা স্ত্রীর ইচ্ছায় স্বামীর চিতার আগুনে জীবন্ত দাহ করার নিষ্ঠুর প্রথার বিরুদ্ধে আন্দোলন গড়ে তোলেন। ফলে ১৯২৯ সালে এ অমানবিক প্রথা নিরোধ আইন পাস হয়।

ক. প্রকৃতিগত দিক থেকে ওয়াক্ফ কত প্রকার? ১
খ. সমাজসেবা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে অজয় রায়ের আন্দোলন ভারতীয় উপমহাদেশের কোন সমাজ সংস্কার আন্দোলনকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে ইঙ্গিতকৃত আন্দোলনের প্রভাব আলোচনা কর। ৪

৯। জনাব ফজল একজন পেশাদার সমাজকর্মী। তিনি সমস্যাগ্রস্ত ব্যক্তির উপর জোরপূর্বক কোনো সিদ্ধান্ত চাপিয়ে দেন না। সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে ব্যক্তির মতামত প্রকাশের স্বাধীনতা দেয়া হয়। যাতে সমস্যাগ্রস্ত ব্যক্তি নিজেই নিজের সিদ্ধান্ত গ্রহণে সক্ষম হয়।

ক. ব্যক্তি সমাজকর্মের উপাদান কয়টি? ১
খ. সমাজকর্ম পেশা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে ব্যক্তি সমাজকর্মের কোন নীতির ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. ব্যক্তির সমস্যা সমাধানে উক্ত নীতির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

১০। আদনান সাহেব উচ্চ শিক্ষিত ব্যক্তি। তিনি তাঁর গ্রামের অনুন্নত জনগোষ্ঠীর শিক্ষা, স্বাস্থ্য, পুষ্টি, বিনোদন প্রভৃতির উন্নয়নে কিছু কর্মসূচি গ্রহণ করেন। সেক্ষেত্রে সমাজকর্মের একটি মৌলিক পদ্ধতির উপাদান হিসেবে অনুসন্ধান, শনাক্তকরণ, পরিকল্পনা প্রণয়ন, সেবা প্রদান, মূল্যায়ন প্রভৃতি ধাপ অনুসরণ করেন।

ক. সমাজকর্মের সহায়ক পদ্ধতি কয়টি? ১
খ. দল সমাজকর্ম ধারণাটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে আদনান সাহেব সমাজকর্মের কোন মৌলিক পদ্ধতির প্রক্রিয়া অনুসরণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. গ্রামীণ জনগোষ্ঠীর সমস্যা সমাধানে উক্ত মৌলিক পদ্ধতির উপাদান হিসেবে এর কর্ম প্রক্রিয়া ব্যাখ্যা কর। ৪

১১। সমাজকর্মী ফরিদ আহমেদ তাঁর প্রতিষ্ঠানের লক্ষ্য অর্জনের ক্ষেত্রে সমাজকর্মের একটি সহায়ক পদ্ধতির উপাদান হিসেবে কিছু কাজ করে থাকেন। প্রথমত তিনি লক্ষ্যভুক্ত জনগোষ্ঠীকে সংঘটিত করেন, দ্বিতীয়ত সঠিক নেতৃত্ব নির্বাচন করেন। তৃতীয়ত জনগণের মধ্যে কার্যক্রমে অংশগ্রহণের অনুভূতি জাগ্রত করেন, চতুর্থত জনমত সৃষ্টি করেন।

ক. গবেষণা কী? ১
খ. সামাজিক গবেষণা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে ফরিদ আহমেদ সমাজকর্মের কোন সহায়ক পদ্ধতির উপাদান অনুসরণ করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত পদ্ধতিতে জনমত সৃষ্টির গুরুত্ব ব্যাখ্যা কর। ৪

# যশোর, চট্টগ্রাম ও সিলেট বোর্ড ২০২১

বিষয় কোড : 2 7 1

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **সমাজকর্ম প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। মামুন রাজশাহী বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা করে। ছুটিতে বাড়ি এসে তার বাল্যবন্ধু তারেকের সাথে সময় কাটায়। তারেক মামুনকে তার পড়ার বিষয়ে জিজ্ঞেস করলে মামুন বলে যে, সে যে বিষয়ে লেখাপড়া করে তা এমন একটি বিষয় যা সমস্যাগ্রস্ত মানুষকে এমনভাবে সাহায্য করে, যাতে সে নিজেই নিজের সম্পদের সর্বোত্তম ব্যবহার করে সমস্যার সমাধান নিজে করতে পারে। অতীতকাল থেকে বর্তমান সময়ে এর গুরুত্ব বৃদ্ধি পাচ্ছে।

ক. সমাজ কী? ১

খ. সমাজকর্মে স্বাবলম্বন বলতে কী বোঝায়? ২

গ. মামুনের গঠিত বিষয়ের পরিচয় ব্যাখ্যা কর। ৩

ঘ. মামুনের পঠিত বিষয়টির গুরুত্ব দিন দিন বৃদ্ধি পাচ্ছে— কথাটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

২। জামিল একটি পেশাগত সংগঠনের কর্মকর্তা। তাঁর সংগঠনের কর্মীরা সুনির্দিষ্ট পদ্ধতি অনুযায়ী সমস্যাগ্রস্ত লোকদের সাহায্য করে থাকে। সামাজিকভাবে তারা এ কার্যক্রম পরিচালনা করে থাকে। ব্যক্তি, পরিবার ও সমাজের চাহিদা পূরণে তারা সমাজের সম্পদ ব্যবহার করে ও কাজে লাগায়।

ক. সমাজকর্ম কাকে বলে? ১

খ. সমাজকর্মের দুটি বৈশিষ্ট্য উল্লেখ কর। ২

গ. জামিলের সংগঠনের কাজের সাথে তোমার পাঠ্যবইয়ের কোন বিষয়ের সাদৃশ্য আছে তা আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত বিষয়টির গুরুত্ব বাংলাদেশের প্রেক্ষাপটে মূল্যায়ন কর। ৪

৩। ১৭৬০ সাল থেকে ১৮৫০ সালের মধ্যে একটি বিশেষ ঘটনার কারণে বিশ্বে একটি সুদূরপ্রসারী আমূল পরিবর্তন আসে। এ সময়ে বিশ্বে অর্থনৈতিক, সামাজিক ও রাজনৈতিক পরিবর্তন ঘটে। মানুষ প্রাকৃতিক শক্তিকে ব্যবহার করে উৎপাদনসহ বিভিন্ন ক্ষেত্রে অভাবনীয় উন্নতি সাধন করে।

ক. বিপ্লব অর্থ কী? ১

খ. শিল্পায়ন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে কোন ঘটনার ইঙ্গিত বহন করে তা আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপকের ঘটনা মানবজীবনে কী ধরনের প্রভাব ফেলেছে বলে তুমি মনে কর? তা বুঝিয়ে বল। ৪

৪। ইউরোপের একটি রাষ্ট্র তাদের দেশের দরিদ্র ও ভবঘুরেদের সমস্যা সমাধানের লক্ষ্যে একটি আইন প্রণয়ন করে। এ আইনে রাষ্ট্র দরিদ্রদের দায়িত্ব গ্রহণ করার পাশাপাশি অসচ্ছল দরিদ্রদের দায়িত্ব নেওয়ার জন্য সচ্ছল আত্মীয়-স্বজনকে বাধ্য করা হয়।

ক. কোথায় সমাজকর্ম পেশার পরিপূর্ণতা পায়? ১

খ. নগরায়ণ কী? ২

গ. উদ্দীপকে উল্লিখিত আইনটি কোন বিখ্যাত দরিদ্র আইনের সাথে সামঞ্জস্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে বাংলাদেশে এ আইনের প্রয়োগ সম্ভাব্যতা যাচাই কর। ৪

৫। ১৭৬০ সাল হতে ১৮৫০ সালের মধ্যে প্রথমে ইংল্যান্ডে পরবর্তীতে ইউরোপের বিভিন্ন দেশে উৎপাদন, প্রযুক্তি ও যোগাযোগ ব্যবস্থায় আমূল পরিবর্তন হয়। এ পরিবর্তনের ফলে নাগরিক সুযোগ-সুবিধা বৃদ্ধি পেলেও মানবজীবনে নতুন নতুন জটিল সমস্যার সৃষ্টি করে। এ সমস্যার মোকাবিলায় বিজ্ঞানসম্মত উপায় হিসেবে একটি সুনির্দিষ্ট বিষয়ের উদ্ভব হয়।

ক. সতীদাহ প্রথা উচ্ছেদ আইন কত সালে প্রণীত হয়? ১

খ. পেশা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত পরিবর্তনকে কী নামে অভিহিত করা হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত সুনির্দিষ্ট বিষয়ের উদ্ভাবন প্রক্রিয়া বিশ্লেষণ কর। ৪

৬। রমজান সাহেব একজন সম্পদশালী ধার্মিক ব্যক্তি। তিনি নামাজ, রোজা ও হজের পাশাপাশি আরও একটি আর্থিক এবাদত করেন। তিনি তার সম্পদের নির্দিষ্ট অংশ কোরআনে বর্ণিত নির্ধারিত আটটি খাতের বাইরে ব্যয় করেন না। তাঁর এ অর্থ ব্যয় সমাজের ধনী ও দরিদ্রের বৈষম্য হ্রাস করে।


ক. সমাজকর্মের সূত্রপাত কোন দেশে হয়? ১

খ. সামাজিক বিমা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত রমজান সাহেবের অর্থব্যয় কোন ঐতিহ্যগত সমাজকল্যাণ প্রতিষ্ঠানের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত অর্থ সুনির্দিষ্ট খাতে ব্যয়ের তাৎপর্য পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৪

৭।




ক. NASW-এর পূর্ণরূপ কী? ১

খ. পঞ্চদৈত্য বলতে বোঝায়? ২

গ. উদ্দীপকের বক্সের ('?') প্রশ্নবোধক চিহ্নে ইংল্যান্ডে যে পদক্ষেপের কথা বোঝানো হয়েছে তা সংক্ষেপে লিখ। ৩

ঘ. বাংলাদেশের দারিদ্র্য বিমোচনে জ্ঞ?" চিহ্নিত স্থানের প্রত্যয়টির প্রয়োগযোগ্যতা বিশ্লেষণ কর। ৪

৮। ইংল্যান্ড ও আমেরিকায় দানকাজে নিয়োজিত সংস্থাগুলোর মাঝে অযথা প্রতিযোগিতা, সম্পদের অপচয় রোধ ও সমন্বয়হীনতা ছিল। এগুলো দূর করে বিচ্ছিন্ন সমাজসেবা কার্যক্রমকে সংগঠিত রূপ দেওয়ার প্রয়োজনীয়তা দেখা দেয়। সেই লক্ষ্যে একটি নীতি আদর্শে ইংল্যান্ড ও আমেরিকায় নতুন একটি সমাজকল্যাণমূলক সংগঠন গড়ে ওঠে। এটি সমাজকর্মকে পেশাগত মর্যাদাদানে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।


ক. এলিজাবেথীয় দরিদ্র আইন কত সালে প্রণীত হয়? ১

খ. শিল্প দুর্ঘটনা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত সংগঠন গড়ে ওঠার পিছনে যে নীতি গ্রহণ করা হয়েছে তার ব্যাখ্যা দাও। ৩

ঘ. উদ্দীপক নির্দেশিত সংগঠনটি সমাজকর্মকে পেশায় মর্যাদাদানে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে– যুক্তিসহকারে উপস্থাপন কর। ৪

৯।




ক. প্রশাসন কী? ১

খ. সমষ্টি সংগঠন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে ? চিহ্নিত স্থানে সমাজকর্মের যে পদ্ধতি ইঙ্গিত করা হয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. জ্ঞউদ্দীপকে উল্লিখিত পদ্ধতিই সমস্যা সমাধানে যথেষ্ট নয়"– বিশ্লেষণ কর। ৪

১০। সজল ও রিপন দুই বন্ধু এক সাথে প্রাথমিক বিদ্যালয়ে যেত। রিপন পড়ালেখা শেষ না করে বাবার জমিতে চাষাবাদ করে জীবিকা নির্বাহ করে। ফলে সে সন্তানদের মৌলিক চাহিদা মেটাতে অক্ষম। সজল এম.বি.বি.এস পাস করে একটি সরকারি হাসপাতালে চাকরি করে। সজলের ছেলে-মেয়েরা ভালো স্কুলে পড়ালেখা করে।

ক. 'Introduction to Social Welfare' গ্রন্থটি কার লেখা? ১

খ. সমাজকর্ম পদ্ধতি বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে সজলের জীবিকা নির্বাহের উপায় ব্যাখ্যা কর। ৩

ঘ. সজল ও রিপনের জীবিকা নির্বাহের উপায় দুটির বৈসাদৃশ্য উপস্থাপন কর। ৪

১১। অধ্যাপক সায়েম তার আলোচনায় বলেন, মানুষের কিছু ইচ্ছা ও বিশ্বাসবোধ থাকে যার আলোকে তার ভালো-মন্দ মূল্যায়িত হয়। এই মূল্যায়ন বিভিন্ন প্রকার ও পর্যায়ের হয়ে থাকে।

ক. মূল্যবোধ কী? ১

খ. ব্যক্তিস্বাতন্ত্রীকরণ মূল্যবোধটি বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকে উল্লিখিত অধ্যাপক সায়েম সাহেবের আলোচিত প্রত্যয়টি ব্যাখ্যা কর। ৩

ঘ. সমাজকর্ম অনুশীলনে উদ্দীপকে উল্লিখিত প্রত্যয়ের গুরুত্ব আলোচনা কর। ৪

# সকল বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 7 1

সময়—৩০ মিনিট

## সমাজকর্ম প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. নিচের কোনটিকে রাষ্ট্রীয় কোষাগার বলা হয়?**
K যাকাত L বায়তুল মাল
M সদকা N ওয়াকফ

**২. ঐতিহ্যগত সমাজকল্যাণ প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম—**
i. বিজ্ঞানভিত্তিক
ii. স্বেচ্ছাপ্রণোদিত
iii. অসংগঠিত
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :**
এডভোকেট জনাব আলী হায়দার একজন ধনাঢ্য ব্যক্তি। তিনি অনাথ অসহায় শিশুদের লালন পালন ও সুনাগরিক হিসেবে গড়ে তোলার উদ্দেশ্যে একটি প্রতিষ্ঠান স্থাপন করেন।

**৩. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটির কার্যক্রম ঐতিহ্যগত সমাজকল্যাণ প্রতিষ্ঠানের কোন কার্যক্রমের সাথে মিল রয়েছে?**
K সরাইখানা L এতিমখানা
M লঙ্গরখানা N বায়তুল মাল

**৪. উক্ত প্রতিষ্ঠানটির গুরুত্ব হলো—**
i. চরিত্র গঠনে সহায়তা করা
ii. দায়িত্ব ও কর্তব্যে উদাসীন করা
iii. সামাজিকীকরণে সহায়তা করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৫. সতীদাহ প্রথা উচ্ছেদ হয় কোন সমাজ সংস্কারকের প্রচেষ্টায়?**
K ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
L বেগম রোকেয়া
M রাজা রামমোহন রায়
N হাজী মুহম্মদ মুহসীন

**৬. যাকাতের অর্থ ব্যয়ের খাত কয়টি?**
K ৬ L ৮ M ১০ N ১২

**৭. 'Charitas' শব্দের অর্থ কী?**
K মানবপ্রেম L সাহায্য
M দেশপ্রেম N পবিত্রতা

**৮. সমাজকর্ম নীতির অন্তর্ভুক্ত হলো—**
i. বিচার নিরপেক্ষ দৃষ্টিভঙ্গি
ii. মানব মর্যাদা ও মূল্যের প্রতি সম্মান প্রদর্শন
iii. আবেগ অনুভূতির উদ্দেশ্যমূলক প্রকাশ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৯. দল সমাজকর্মের উপাদান কয়টি?**
K ৫ L ৬
M ৭ N ৮


**১০. সমাজকর্ম গবেষণার সর্বশেষ ধাপ কোনটি?**
K সমস্যা চিহ্নিতকরণ L নকশা প্রস্তুত
M প্রতিবেদন প্রস্তুত N অনুমান গঠন

**১১. কোনটি সমাজকর্মের মৌলিক পদ্ধতি?**
K সমাজকর্ম প্রশাসন L সমষ্টি সমাজকর্ম
M সামাজিক কার্যক্রম N সমাজকর্ম গবেষণা

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ১২ ও ১৩নং প্রশ্নের উত্তর দাও :**
জামালপুর একটি অনুন্নত এলাকা। এ এলাকার বেশিরভাগ মানুষ নিরক্ষর ও দরিদ্র। সমাজকর্মী মোহাম্মদ আনোয়ার হোসেন এলাকাটির উন্নয়নে সমাজকর্মের একটি মৌলিক পদ্ধতি প্রয়োগ করেন, যা স্থানীয় জনগণ ও সরকারের যৌথ প্রচেষ্টায় পরিচালিত হয়।

**১২. উদ্দীপকে মোহাম্মদ আনোয়ার হোসেন সমাজকর্মের কোন মৌলিক পদ্ধতি প্রয়োগ করেছেন?**
K ব্যক্তি সমাজকর্ম L দল সমাজকর্ম
M সমষ্টি উন্নয়ন N সমষ্টি সংগঠন

**১৩. উক্ত মৌলিক পদ্ধতির প্রয়োগ ক্ষেত্র হলো—**
i. কৃষি উন্নয়ন
ii. মানব সম্পদ উন্নয়ন
iii. সমবায় উন্নয়ন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii




**১৪. উদ্দীপক কাঠামোতে ব্যক্তি সমাজকর্মের কোন দিককে দেখানো হয়েছে?**
K নীতি L উপাদান
M প্রয়োগক্ষেত্র N প্রক্রিয়া

**১৫. ভাগলপুরে বেগম রোকেয়া সাখাওয়াত মেমোরিয়াল গার্লস স্কুল প্রতিষ্ঠিত হয়েছিল কত সালে?**
K ১৯০৯ L ১৯১১
M ১৯২৯ N ১৯৩১

**১৬. সমাজকর্ম প্রশাসনের প্রয়োজনীয় দিক হলো—**
i. সামাজিক নীতির বাস্তবায়ন
ii. সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ
iii. দৃষ্টিভঙ্গির পরিবর্তন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii


**১৭. "সমাজকর্ম হলো বৈজ্ঞানিক জ্ঞান এবং মানবিক সম্পর্ক বিষয়ক দক্ষতাভিত্তিক এমন একটি পেশাদারি সেবাকর্ম, যা ব্যক্তিগত ও সামাজিক সন্তুষ্টি এবং স্বাধীনতা লাভে কোনো ব্যক্তিকে একক, দলীয় ও সমষ্টিগতভাবে সাহায্য করে।"— উক্তিটি কার?**
K Morales and Sheafor
L Walter A. Friedlander
M Robert L. Barker
N Rex Skidmore and M.G Thackeray

**১৮. সমাজকর্ম পেশার উদ্ভব ঘটে কোন দেশে?**
K জাপান L অস্ট্রেলিয়া
M ইংল্যান্ড N আমেরিকা

**১৯. সমাজকর্মের উদ্দেশ্য হলো—**
i. সকল মানুষের সামগ্রিক কল্যাণ
ii. সামাজিক নীতির পরিবর্তন
iii. সম্পদের সদ্ব্যবহার
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২০. "Social Work : A Profession of Many Faces" গ্রন্থের লেখক কে?**
K Morales and Sheafor L Halen H. Perlaman
M Mary Richmond N G. Konopka

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ২১ ও ২২নং প্রশ্নের উত্তর দাও :**




**২১. উদ্দীপকে ইংল্যান্ডের কোন দরিদ্র আইনকে নির্দেশ করা হয়েছে?**
K ১৩৪৯ সালের দরিদ্র আইন
L ১৫৩১ সালের দরিদ্র আইন
M ১৬০১ সালের দরিদ্র আইন
N ১৮৩৪ সালের দরিদ্র আইন

**২২. উদ্দীপকে নির্দেশিত দরিদ্র আইনের বৈশিষ্ট্য হলো—**
i. সক্ষম ভিক্ষুকদের ভিক্ষাদান নিষিদ্ধ করা
ii. ওভারসিয়ার নিযুক্ত করা
iii. আইন ভঙ্গকারীর বিরুদ্ধে জরিমানার ব্যবস্থা না রাখা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৩. COS-এর পূর্ণরূপ কোনটি?**
K Community Organization Society
L Charity Organization Society
M Council Organization Society
N Charity Operational Society

**২৪. আমেরিকার সমাজকর্ম শিক্ষার ক্ষেত্রে সবচেয়ে বিখ্যাত ও সর্ববৃহৎ সংগঠনের নাম কী?**
K NASW L COS
M CSWE N ACSW

**২৫. ইংল্যান্ডের প্রথম দরিদ্র আইন প্রণয়ন করেন কে?**
K রানি এলিজাবেথ L মার্টিন লুথার
M রাজা অষ্টম হ্যানরী N রাজা তৃতীয় এডওয়ার্ড

**২৬. সমাজকর্ম শিক্ষার মাধ্যমে—**
i. সমস্যা সম্পর্কে জ্ঞান লাভ করা যায়
ii. সমাজ সম্পর্কে জ্ঞান লাভ করা যায়
iii. স্বাবলম্বী হওয়ার কৌশল জানা যায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :**
'X' ঢাকা বিশ্ববিদ্যালয় হতে অর্থনীতি বিষয়ে উচ্চতর ডিগ্রি অর্জন করে অধ্যাপনার মাধ্যমে জীবিকা নির্বাহ করেন। 'Y' চায়ের দোকানে কাজ করে জীবিকা নির্বাহ করেন।

**২৭. উদ্দীপকে 'X'-এর জীবিকা নির্বাহের উপায়কে কী বলে?**
K পেশা L স্বেচ্ছাশ্রম
M বৃত্তি N আত্মকর্মসংস্থান

**২৮. উদ্দীপকের X ও Y-এর মধ্যে পার্থক্য নিরূপিত হয়—**
i. সুশৃঙ্খল জ্ঞান, দক্ষতা ও নৈপুণ্যের মাধ্যমে
ii. তাত্ত্বিক ও ব্যবহারিক শিক্ষার মাধ্যমে
iii. অর্থ উপার্জনের মাধ্যমে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৯. সাহায্যার্থীর মতামত, পছন্দ, অপছন্দকে প্রাধান্য দিয়ে সমস্যার সমাধান সমাজকর্মের কোন মূল্যবোধের অনুশীলনকে বোঝায়?**
K সকলের সমান সুযোগ
L ব্যক্তির মূল্য ও মর্যাদার স্বীকৃতি
M আত্মনিয়ন্ত্রণ অধিকার
N সামাজিক দায়িত্ববোধ

**৩০. দেবোত্তর কত প্রকার?**
K ২ L ৩
M ৪ N ৫

# সকল বোর্ড ২০২২

বিষয় কোড : | 2 | 7 | 1 |

## সমাজকর্ম প্রথম পত্র ◉ বহুনির্বাচনি অভীক্ষা

সময়–৩০ মিনিট

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. পেশা ও বৃত্তির মধ্যে কোনটি সঠিক?**
K বৃত্তিমূলক কাজ প্রযুক্তিসম্পন্ন
L পেশা চাইলেই পরিবর্তন করা যায়
M সকল পেশা বৃত্তি কিন্তু সকল বৃত্তি পেশা নয়
N সকল বৃত্তিই পেশা কিন্তু সকল পেশা বৃত্তি নয়

**২. সামাজিক পরিবর্তনের বাহক কে?**
K সমাজকর্মী L চিকিৎসক
M প্রকৌশলী N সাহায্যার্থী

■ **উদ্দীপকটি পড় এবং ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব ইহসান বছর শেষে তার সম্পদের হিসাব করে নির্দিষ্ট পরিমাণ অর্থ গরিব ও অসহায়দের মাঝে দান করেন। এতে তার সম্পদ পবিত্র হয়। এটি ইসলাম ধর্মের অন্যতম স্তম্ভ।

**৩. জনাব ইহসানের দানকৃত অর্থ কী নামে পরিচিত?**
K ওয়াকফ L সদকা
M সরাইখানা N জাকাত

**৪. জনাব ইহসানের দানকৃত অর্থ ভূমিকা রাখবে—**
i. দারিদ্র্য বিমোচনে
ii. ধনী-দরিদ্র বৈষম্য দূরীকরণে
iii. নির্ভরশীলতা তৈরিতে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৫. হিন্দু বিধবা বিবাহ প্রবর্তন করেন কে?**
K রাজা রামমোহন রায়
L বেগম রোকেয়া
M ঈশ্চরচন্দ্র বিদ্যাসাগর
N এ. কে. ফজলুল হক

**৬. সমাজের ক্ষতিকর ও অবাঞ্ছিত রীতিনীতি সংশোধন বলতে নিম্নের কোন প্রত্যয়টিকে বোঝায়?**
K সমাজ সংস্কার L সামাজিক পরিবর্তন
M সামাজিক নিয়ন্ত্রণ N সামাজিক উন্নয়ন

**৭. সামাজিক নিয়ন্ত্রণের বাহন হলো—**
i. ধর্ম ii. পরিবার
iii. আইন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৮. NASW এর পূর্ণরূপ কী?**
K National Association of Social Work
L National Association of Social Workers
M National Adhock Committee of Social Work
N National Administration of Social Workers

**৯. ১৬০১ সালের এলিজাবেথীয় দরিদ্র আইনে দরিদ্রদের কয় শ্রেণিতে ভাগ করা হয়?**
K ৩ L ৪ M ৫ N ৬

**১০. সমাজকর্মে আত্মনিয়ন্ত্রণ অধিকার বলতে বোঝায়—**
i. সমাজকর্মীর সিদ্ধান্ত চাপিয়ে দেয়া
ii. সাহায্যার্থীর মতামতকে গুরুত্ব দেয়া
iii. সাহায্যার্থীর পছন্দকে গুরুত্ব দেয়া
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড় এবং ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও :**
সোলামানপুর গ্রামের কয়েকজন যুবক নিজেদের উদ্যোগে একটি প্রতিষ্ঠান গড়ে তোলেন। প্রতিষ্ঠানটি ফসলের মৌসুমে কৃষকদের কাছ থেকে শস্য সংগ্রহ করে মজুদ করে রাখে এবং ফসলহানি কিংবা দুর্যোগের সময় জমাকৃত শস্য থেকে ক্ষতিগ্রস্তদের সহায়তা করে।

**১১. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটির কার্যক্রমের সাথে ঐতিহ্যগত সমাজকল্যাণের কোন দৃষ্টান্তের মিল রয়েছে?**
K ধর্মগোলা L বায়তুল মাল
M সরাইখানা N দানশীলতা

**১২. উদ্দীপকে ইঙ্গিতকৃত দৃষ্টান্তটির ভূমিকা হলো—**
i. মহাজনদের হাত থেকে কৃষকদের রক্ষা
ii. সুদখোরদের হাত থেকে কৃষকদের রক্ষা
iii. বিনাসুদে কৃষকদের মধ্যে খাদ্য ঋণ প্রদান
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii


**১৩. Profession শব্দটি কোন শব্দ থেকে এসেছে?**
K আরবি L ফারসি
M গ্রিক N ল্যাটিন

**১৪. পেশার বৈশিষ্ট্য হলো—**
i. সুশৃঙ্খল জ্ঞান
ii. সামাজিক স্বীকৃতি
iii. পেশাগত সংগঠন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৫. সমাজ সংস্কারের ইতিহাসে নারী জাগরণের অগ্রদূত হিসেবে স্বীকৃত কে?**
K নওয়াব ফয়জুন্নেছা
L বেগম রোকেয়া
M রাজা রামমোহন রায়
N ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

**১৬. ব্যক্তি সমাজকর্মের উপাদান কয়টি?**
K ৩ L ৪
M ৫ N ৬

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও :**




**১৭. উদ্দীপকে '?' চিহ্নিত স্থানে নিম্নের কোনটি বসবে?**
K সমাজকর্মের সহায়ক পদ্ধতি
L সমাজকর্মের শাখা
M সমাজকর্মের মৌলিক পদ্ধতি
N সমাজকর্মের উপাদান

**১৮. উদ্দীপকে 'গ'-এ উল্লিখিত ধারণার বিশেষ গুরুত্ব ও প্রয়োজনীয়তা রয়েছে—**
i. সামাজিক নীতি প্রণয়নে
ii. সামাজিক পরিকল্পনা প্রণয়নে
iii. সমস্যার বাস্তবসম্মত সমাধানে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৯. সাহায্যার্থীর সমস্যা সমাধানে সঠিক প্রক্রিয়া কোনটি?**
K অনুধ্যান → সমস্যা নির্ণয় → সমাধান → মূল্যায়ন → অনুসরণ
L অনুধ্যান → সমস্যা নির্ণয় → মূল্যায়ন → সমাধান → অনুসরণ
M সমস্যা নির্ণয় → অনুসরণ → সমাধান → মূল্যায়ন → অনুধ্যান
N সমস্যা নির্ণয় → সমাধান → মূল্যায়ন → অনুধ্যান → অনুসরণ

**২০. অপেক্ষাকৃত উন্নত ও সংগঠিত এলাকায় সমাজকর্মের কোন মৌলিক পদ্ধতি প্রয়োগ করা যায়?**
K ব্যক্তি সমাজকর্ম L দল সমাজকর্ম
M সমষ্টি সংগঠন N সমষ্টি উন্নয়ন

**২১. সমাজকর্মের সমস্যাগ্রস্ত ব্যক্তি বলতে বোঝায়—**
i. সমাজকর্মীর নিকট সাহায্যপ্রার্থী
ii. মানসিক চাপ সামলাতে সক্ষম
iii. সামাজিক ভূমিকা পালনে অক্ষম
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২২. সামাজিক নিরাপত্তা কর্মসূচি কয় ভাগে বিভক্ত?**
K ২ L ৩ M ৪ N ৫

**২৩. "Introduction to Social Welfare" গ্রন্থের লেখক কে?**
K Walter A Friedlander
L Morales and Sheafor
M Skidmore and Thackeray
N Warner W Boehm

**২৪. সমাজকর্ম পেশার বিকাশ ঘটে কোন দেশে?**
K ইংল্যান্ড L আমেরিকা
M চীন N অস্ট্রেলিয়া

**২৫. সমাজকর্মের ত্রিবিধ ভূমিকা কী?**
K প্রতিকার, প্রতিরোধ, সংস্কার
L প্রতিকার, সংশোধন, উন্নয়ন
M প্রতিকার, প্রতিরোধ, উন্নয়ন
N প্রতিরোধ, প্রতিকার, বাস্তবায়ন

**২৬. সমাজকর্মের পরিধিভুক্ত বিষয়—**
i. সামাজিক নীতি ও পরিকল্পনা প্রণয়ন
ii. গ্রামীণ ও শহর সমাজসেবা কার্যক্রম
iii. সমাজ সংস্কার ও সামাজিক আইন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৭. "সমাজকর্ম এমন একটি পেশা, যা বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে সামাজিক পরিবর্তন দ্বারা জনগণের জীবনমান উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ।" – উক্তিটি কার?**
K Skidmore and Thackeray
L Morales and Sheafor
M Warner W Boehm
N Walter A Friedlander

■ **উদ্দীপকটি পড় এবং ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও :**
১৭৬০ সাল থেকে ১৮৫০ সাল পর্যন্ত ইংল্যান্ড ও ইউরোপের অন্যান্য দেশে উৎপাদন ক্ষেত্রে যুগান্তকারী ও আকস্মিক পরিবর্তন ঘটে। হস্তচালিত শিল্পের পরিবর্তে যন্ত্রচালিত শিল্পের বিকাশ ঘটে। মানুষের চিন্তা-চেতনার পরিবর্তন ঘটে।

**২৮. উদ্দীপকে উল্লিখিত পরিবর্তন ইতিহাসে কী নামে পরিচিত?**
K ব্ল্যাক ডেথ L প্রযুক্তির উৎকর্ষতা
M শিল্প বিপ্লব N রেনেসাঁ

**২৯. উদ্দীপকে উল্লিখিত ঘটনার ফলে উদ্ভব ঘটে—**
i. নগরায়ণ
ii. শিল্পায়ন
iii. সমাজকর্ম
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৩০. ইংল্যান্ডে দান সংগঠন সমিতি কত সালে গড়ে উঠে?**
K ১৮৬৯ L ১৮৭৭ M ১৯০৫ N ১৯৪২

# সকল বোর্ড ২০২১

বিষয় কোড : 2 7 1

সময়–৩০ মিনিট

## সমাজকর্ম প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. নিচের কোনটি সমাজকর্ম পেশার গুরুত্বপূর্ণ দিক?**
K সমাজকর্ম পেশা সকল পেশার জ্ঞানের উৎস
L সমস্যার তাৎক্ষণিক সমাধান
M সমস্যার কার্যকর সমাধান
N সুনির্দিষ্ট মূল্যবোধ ও নীতিমালার অপরিহার্যতা নেই

**২. ব্যবহারিক দিক হতে ওয়াক্ফ কত প্রকার?**
K ২ L ৩ M ৪ N ৮

**৩. সমাজকর্মীর আত্মসচেতনতার নীতি বলতে–**
i. সমাজকর্মী নিজের দুর্বলতা, দায়িত্ব, ক্ষমতা, দক্ষতা সম্পর্কে সচেতন থেকে সমস্যার সমাধান করা
ii. সমাজকর্মীর পছন্দ, অপছন্দের প্রভাব হতে সমস্যা সমাধান প্রক্রিয়াকে মুক্ত রাখা
iii. সাহায্যার্থীর আত্মনিয়ন্ত্রণ অধিকার বজায় না রেখে সমস্যার সমাধান করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M iii ও iii N i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**
জারিফ কৃতিত্বের সাথে ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করে একটি ইঞ্জিনিয়ারিং ফার্মে চাকরিতে যোগদান করে জীবিকা নির্বাহ করেছে।

**৪. জারিফের চাকরি কোন ধরনের আয় ব্যবস্থা?**
K চাকরি L পেশা
M বৃত্তি N আত্মকর্মসংস্থান

**৫. পেশা নির্বাচিত হয়–**
K দেশে-বিদেশে অবস্থানের ভিত্তিতে
L পেশার মানদণ্ডের ভিত্তিতে
M জ্ঞানের প্রয়োগের ভিত্তিতে
N বেশি বেশি উপার্জনের ভিত্তিতে

**৬. "Social Case Work : A Problem Solving Process" গ্রন্থটির রচয়িতা কে?**
K H. H Perlman L W.A. Friedlander
M Mary Richman N Werner Boehm

**৭. সমাজকর্ম পদ্ধতি কয় ধরনের?**
K ২ L ৩ M ৪ N ৫

**৮. ঐতিহ্যগত সমাজকল্যাণ হচ্ছে–**
i. প্রাক-শিল্প যুগের বিচ্ছিন্ন ও অসংগঠিত সমাজসেবা
ii. ধর্মীয় অনুশাসন ও মানবসেবার ভিত্তিতে পরিচালিত
iii. সমস্যার স্থায়ী সমাধানের জন্য কাজ করে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৯. সতীদাহ প্রথা উচ্ছেদ সাধনে কোন সমাজ সংস্কারকের অবদান সর্বজন স্বীকৃত?**
K রাজা রামমোহন রায়
L ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
M বেগম রোকেয়া
N হাজী মুহাম্মদ মহসিন

■ **নিচের উদ্দীপকটি পড়ে ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :**
পাবেল ঢাকা বিশ্ববিদ্যালয়ে এমন একটি বিষয়ে অধ্যয়ন করছে যে বিষয়টি মানুষের বহুমুখী সমস্যার কার্যকর সমাধানের জন্য বৈজ্ঞানিক জ্ঞান প্রয়োগ করে থাকে।


**১০. উদ্দীপকের পাবেলের অধীত বিষয় কোনটি?**
K সমাজবিজ্ঞান L জনবিজ্ঞান
M মনোবিজ্ঞান N সমাজকর্ম

**১১. উদ্দীপকের পাবেলের অধীত বিষয়টি–**
i. কলা ii. বিজ্ঞান iii. ব্যবসা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১২. মূল্যবোধ একটি–**
K বিমূর্ত ধারণা L মূর্ত ধারণা
M আদর্শ ধারণা N সঠিক ধারণা


**১৩. ১৩৪৯ সাল থেকে ১৫৯৭ সাল পর্যন্ত ইংল্যান্ডে কতটি দরিদ্র আইন প্রণীত হয়?**
K ৪১ L ৪২ M ৪৩ N ৪৪

**১৪. সামাজিক কার্যক্রম হচ্ছে–**
i. জনমত গঠন
ii. কুসংস্কার দূরীকরণ
iii. সংগঠিত দলগত আন্দোলন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii




**১৫. উদ্দীপকের "?" চিহ্নিত স্থানে কোনটি বসবে?**
K পরিকল্পনা L নীতি
M গবেষণা N প্রক্রিয়া

■ **নিচের উদ্দীপকটি পড়ে ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও :**




**১৬. উদ্দীপকে '?' চিহ্নিত স্থানে ইংল্যান্ডের কোন দরিদ্র আইনকে ইঙ্গিত করা হয়েছে?**
K ১৩৪৯ সালের দরিদ্র আইন
L ১৫৩৯ সালের দরিদ্র আইন
M ১৬০১ সালের দরিদ্র আইন
N ১৮৩৪ সালের দরিদ্র আইন

**১৭. বাংলাদেশের প্রেক্ষিতে উদ্দীপকে ইঙ্গিতকৃত আইনটির গুরুত্বপূর্ণ দিক হলো–**
i. নির্ভরশীল শিশুদের দত্তক প্রদান
ii. গ্রামীণ জনগণের শহরমুখী প্রবণতা বৃদ্ধি করা
iii. দুস্থ ব্যক্তিদের দায়িত্ব গ্রহণে সম্পদশালী আত্মীয়স্বজনকে বাধ্য করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৮. সমাজকর্মে পেশাগত সম্পর্ককে কী বলে?**
K র‌্যাপো L এডাপটেশন
M কেস স্টাডি N রিপোর্ট

**১৯. রহিমা বেগম প্রতি মাসে সরকার কর্তৃক বিধবা ভাতা গ্রহণ করেন। রহিমা বেগমের মাসে মাসে ভাতা গ্রহণ সমাজকর্মের কোন প্রত্যয়ের সাথে সম্পর্কযুক্ত?**
K সামাজিক বিমা L সমাজসেবা
M চাকরি N সামাজিক সাহায্য

**২০. সতীদাহ প্রথা উচ্ছেদ আইন কত সালে প্রণীত হয়?**
K ১৮২৯ L ১৮৫৬ M ১৮৭০ N ১৯১১

**২১. 'Administrate' শব্দটি কোন শব্দ থেকে এসেছে?**
K গ্রিক L ফরাসি
M ল্যাটিন N টিউটনিক

**২২. সমাজসেবা হচ্ছে–**
i. মানবসম্পদ উন্নয়ন ও সংরক্ষণের লক্ষ্যে গৃহীত সুসংগঠিত কার্যক্রম
ii. অসুবিধাগ্রস্ত, দুস্থ ও অসহায় শ্রেণির কল্যাণে গৃহীত কার্যক্রম
iii. মানুষের কল্যাণে শিক্ষা, স্বাস্থ্য, খাদ্য নিরাপত্তা ইত্যাদি কার্যক্রম
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৩. 'সমাজকর্ম বৈজ্ঞানিক জ্ঞান ও মানবিক সম্পর্ক বিষয়ক দক্ষতাসম্পন্ন এমন একটি পেশাদার সেবাকর্ম যা ব্যক্তিকে একক বা দলীয়ভাবে সামাজিক ও ব্যক্তিগত সন্তুষ্টি ও স্বাধীনতা লাভে সহায়তা করে।'– সংজ্ঞাটি কার?**
K মরেলস এবং শেফর
L সমাজকর্ম অভিধান
M ডব্লিউ. এ. ফ্রিডল্যান্ডার
N এনসাইক্লোপিডিয়া অব সোস্যাল ওয়ার্ক

**২৪. সমাজকর্মের উদ্দেশ্য হলো–**
i. সামাজিক ভূমিকা পালন ক্ষমতা উন্নয়ন
ii. সকল মানুষের সামগ্রিক কল্যাণ
iii. সম্পদের সদ্ব্যবহার
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬নং প্রশ্নের উত্তর দাও :**
মি. রহমান প্রতিবছর নির্দিষ্ট সময়ে তার সম্পদের একটি নির্দিষ্ট অংশ নির্ধারিত জনগণকে দান করেন। এতে এলাকার মানুষের দারিদ্র্য দূরীকরণে সহায়ক হয়।

**২৫. মি. রহমানের দান হচ্ছে–**
K যাকাত L ওয়াক্ফ
M সদকা N দানশীলতা

**২৬. উদ্দীপকে উল্লিখিত এলাকার জনগণের দারিদ্র্য দূর হওয়ার কারণ–**
i. দরিদ্রদের মধ্যে বণ্টন করা হয়
ii. এ দান ধনীদের কর্তব্য এবং গরিবদের অধিকার
iii. অমুসলিম ব্যক্তিকে দেয়া হয় না
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৭. COS-এর পূর্ণরূপ কী?**
K Charity of Society
L Charity Operational Society
M Charity Organization Society
N Charity Observation Society

**২৮. আমেরিকার দান সংগঠন সমিতি কত সালে গড়ে ওঠে?**
K ১৮৬৯ L ১৮৭৭ M ১৮৯৩ N ১৯৪২

■ **নিচের উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**
মিসেস সাদিয়া মহিলা সহায়তা কেন্দ্রের একজন নির্বাহী কর্মকর্তা। তিনি সাহায্যার্থীদের কল্যাণে তাদের মতামত পছন্দ-অপছন্দের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করেন।

**২৯. উদ্দীপকে মিসেস সাদিয়া ব্যক্তি সমাজকর্মের কোন নীতিটি অনুশীলন করেছেন?**
K যোগাযোগ নীতি L অংশগ্রহণ নীতি
M আত্মনিয়ন্ত্রণ অধিকার নীতি
N ব্যক্তিস্বাতন্ত্রীকরণ নীতি

**৩০. উদ্দীপকের অনুসৃত নীতির গুরুত্বপূর্ণ দিক হলো–**
i. সাহায্যার্থীর নিজস্ব দৃষ্টিভঙ্গি প্রয়োগের সুযোগ থাকে
ii. জোরপূর্বক সিদ্ধান্ত চাপিয়ে দেয়া হয়
iii. সাহায্যার্থী নিজের সমস্যা, সম্পদ ও সমাধান সম্পর্কে অবগত থাকেন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

# শীর্ষস্থানীয় কলেজসমূহের নির্বাচনি পরীক্ষার প্রশ্নপত্র

SURE SUCCESS

# আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা

বিষয় কোড : 2 7 1

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট | **সমাজকর্ম প্রথম পত্র ⊙ সৃজনশীল প্রশ্ন** | পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ ফাতিমা ঢাকা বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের একটি বিষয়ে পড়াশোনা করে। বিষয়টি একটি সাহায্যকারী পেশা হিসেবে স্বীকৃত এবং এটি ব্যক্তি, দল ও সমষ্টির বহুমুখী সমস্যা এমনভাবে সমাধান করে যাতে তারা আত্মনির্ভরশীল হতে পারে। বর্তমানে বিষয়টির পরিধি ও জনপ্রিয়তা দিন দিন বৃদ্ধি পাচ্ছে।

ক. সমাজকর্ম কী ধরনের পেশা? ১

খ. বহুমুখী সমস্যা বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের ফাতিমার পঠিত বিষয়টি কী? তার লক্ষ্য ও উদ্দেশ্য বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত বিষয়টির পরিধি তোমার পাঠ্যবইয়ের আলোকে বর্ণনা কর। ৪

২ ▶ করিম সাহেব একজন সচেতন অভিভাবক। তার মেয়ে ফাবিহা ঢাকার একটি নামকরা কলেজে সমাজকর্ম বিষয়ে অধ্যয়ন করে। করিম সাহেব তার মেয়ের পড়াশোনার নিয়মিত খোঁজখবর নেন। আলোচনার এক পর্যায়ে তার মেয়েকে সমাজকর্ম সম্পর্কে জিজ্ঞেস করলে মেয়ে বলে, এটি একটি বিজ্ঞানভিত্তিক সাহায্যকারী সেবাকর্ম। এর প্রধান বৈশিষ্ট্য হলো সুসংগঠিত ও পদ্ধতিগত সেবা প্রদান। ফাবিহা আরও জানায় যে, সামাজিক সমস্যা সমাধানে সমাজকর্ম অত্যন্ত কার্যকর।

ক. সমাজকর্ম কী? ১

খ. সুপ্ত প্রতিভার বিকাশ সাধন বলতে কী বোঝ? ২

গ. ফাবিহা যে বিষয়ে পড়াশোনা করছে তার বৈশিষ্ট্য বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত বিষয়টি সামাজিক সমস্যা সমাধানে অত্যন্ত কার্যকর। ব্যাখ্যা কর। ৪

৩ ▶ মহামারি-পরবর্তী একটি দেশের আর্থসামাজিক সমস্যা মোকাবিলার জন্য প্রফেসর ইউনূসকে প্রধান করে একটি কমিটি গঠন করা হয়। তিনি অনুসন্ধান করে সমস্যা সৃষ্টিকারী পাঁচটি কারণ খুঁজে পান। একই সাথে তিনি পাঁচটি সুপারিশ পেশ করেন। পরবর্তীতে এর আলোকে সরকার সামাজিক নিরাপত্তা কর্মসূচি গ্রহণ করে, যা দেশের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

ক. এলিজাবেথীয় দরিদ্র আইন কত সালে প্রণীত হয়? ১

খ. পঞ্চদৈত্য বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের সাথে সমাজকর্ম পেশায় ঐতিহাসিক প্রেক্ষাপট হিসেবে কোন রিপোর্টের সাদৃশ্য রয়েছে? তার স্বরূপ বর্ণনা কর। ৩

ঘ. ভারসাম্যপূর্ণ সমাজ গঠনে উক্ত রিপোর্টের গুরুত্ব বর্ণনা কর। ৪

৪ ▶ পৃথিবীর ইতিহাস পর্যালোচনা করলে দেখা যায়, একটা সময় ইংল্যান্ডের উৎপাদন ব্যবস্থায় ব্যাপক পরিবর্তন ঘটে, যেটা পরবর্তীতে সমগ্র বিশ্বে ছড়িয়ে পড়ে। এই ঘটনা সমাজে ইতিবাচক ও নেতিবাচক দুই ধরনের প্রভাব সৃষ্টি করে। নেতিবাচক প্রভাবগুলো দূর করার জন্য নানা ধরনের কৌশলের প্রয়োজন দেখা যায়।

ক. বিভারিজ রিপোর্ট কত সালে প্রণীত হয়? ১

খ. সামাজিক নিরাপত্তা বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে কোন ঐতিহাসিক ঘটনায় ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত ঘটনার প্রভাব পেশাদার সমাজকর্ম বিকাশে কীভাবে ভূমিকা রাখে? বিশ্লেষণ কর। ৪

৫ ▶ জনাব আবির সাহেব একটি বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা করে বিশেষ জ্ঞান ও দক্ষতা অর্জন করে নিজেকে শিক্ষকতা পেশায় নিয়োজিত করেছে। তারই বাল্যবন্ধু কবির দারিদ্র্যের কারণে বিদ্যালয়ে পড়াশোনা করতে পারেনি। এখন সে রিকশা চালিয়ে জীবিকা নির্বাহ করে।


ক. পেশা কী? ১

খ. মনোসামাজিক অনুধ্যান বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে জনাব আবির সাহেবের জীবিকা নির্বাহের উপায়টি কী? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে আবির ও কবিরের জীবিকা নির্বাহের উপায় দুটি বৈসাদৃশ্য ব্যাখ্যা কর। ৪

৬ ▶




ক. সমাজকর্মের নীতিমালাগুলো কে নির্ধারণ করে? ১

খ. মূল্যবোধ ও সমাজকর্ম মূল্যবোধের পার্থক্য লেখ। ২

গ. উদ্দীপকের কাঠামোতে সমাজকর্মের কী প্রকাশ পেয়েছে? বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকে নির্দেশিত বিষয়টি পরিপূর্ণ নয়। বাকিগুলো বর্ণনা কর। ৪

৭ ▶ সাহিদা একটি সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। পনেরো বছর বয়সে এক শিক্ষিত যুবকের সাথে তার বিয়ে হয়। বিয়ের পর স্বামীর অনুপ্রেরণায় তিনি পড়াশোনায় চালিয়ে যান। স্বামীর মৃত্যুর পর তিনি বিপুল সম্পদের মালিক হন এবং তিনি নারীদের জন্য একটি শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করেন, যা নারী শিক্ষা প্রসারে অগ্রণী ভূমিকা পালন করে।


ক. সতীদাহ প্রথা বিলোপ হয় কোন সমাজ সংস্কারকের প্রচেষ্টায়? ১

খ. সমাজ সংস্কার বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের সাহিদার সাথে উপমহাদেশের কোন নারীর সাদৃশ্য পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. নারী শিক্ষার প্রসার ও অগ্রযাত্রার তার অবদান মূল্যায়ন কর। ৪

৮ ▶




ক. দেবোত্তর কী? ১

খ. সামাজিক উন্নয়ন বলতে কী বোঝায়? ২

গ. বৈষম্যহীন সমাজ প্রতিষ্ঠায় যাকাতের গুরুত্ব অপরিসীম। বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত বিষয়গুলো কীভাবে সামাজিক সমস্যা দূরীকরণে ভূমিকা রাখে। ৪

৯ ▶ জুলাই বিপ্লব আমাদের জাতীয় জীবনে একটি উল্লেখযোগ্য ঘটনা। এই বিপ্লবে অনেক ছাত্র-জনতা আহত ও শহীদ হন। তাদের পরিবারও মানবেতর জীবনযাপন করতে থাকে। তাদের জন্য কল্যাণমূলক কিছু করার মানসিকতা নিয়ে প্রফেসর মিলন তার ছাত্রছাত্রীদের নিয়ে কাজ শুরু করেন ও প্রয়োজনীয় নির্দেশনা দান করেন। ছাত্রছাত্রীরা তথ্য সংগ্রহ, উপাত্ত বিশ্লেষণ ও প্রতিবেদন তৈরিসহ প্রভৃতি কার্য সম্পাদন করে।


ক. সমাজকর্মের সহায়ক পদ্ধতি কয়টি? ১

খ. সমষ্টি সংগঠন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে ছাত্রছাত্রীরা জুলাই বিপ্লবে ক্ষতিগ্রস্তদের তালিকা সংগ্রহে সমাজকর্মের কোন পদ্ধতি গ্রহণ করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত পদ্ধতির সুনির্দিষ্ট ধাপসমূহ বর্ণনা কর। ৪

১০ ▶




ক. ব্যক্তি সমাজকর্মের অগ্রদূহিতা বলা হয় কাকে? ১

খ. গোপনীয়তা নীতি বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের কাঠামোতে ব্যক্তি সমাজকর্মের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত ব্যক্তি সমাজকর্মের প্রক্রিয়া তোমার পাঠ্যবইয়ের আলোকে বর্ণনা কর। ৪

১১ ▶ বৈষম্য আমাদের জাতীয় জীবনের একটি বড় সমস্যা। একটি দেশের সুষম উন্নয়নের জন্য বৈষম্যহীন সমাজ চাই। সমাজের সকল মানুষের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণই সমাজে বৈষম্যের বিলোপ সাধন করতে পারে। সমাজকর্মীরাও এ ধরনের সামাজিক সমস্যা সমাধানে সকলকে নিয়ে সম্মিলিত প্রচেষ্টা চালায়।

ক. Rapport শব্দের অর্থ কী? ১

খ. সমাজকর্ম প্রশাসন বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের সমাজকর্মের কোন পদ্ধতির ইঙ্গিত প্রদান করা হয়েছে? উপাদান বর্ণনা কর। ৩

ঘ. উক্ত পদ্ধতি সমাজ থেকে বৈষম্য দূরীকরণে সবচেয়ে বেশি কার্যকর। ব্যাখ্যা কর। ৪

# বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ঢাকা

বিষয় কোড : 2 7 1

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

## সমাজকর্ম প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ আজিম একটি বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত। তার সংস্থাটি সমস্যাগ্রস্ত ব্যক্তি, ঝরে পড়া শিশু, মানসিক প্রতিবন্ধী, জনসংখ্যা হ্রাস ও অপরাধপ্রবণ শিশুদের উন্নয়ন ইত্যাদি ক্ষেত্রে কাজ করে। সংস্থাটি দীর্ঘদিন যাবত মানুষের পারস্পরিক সম্পর্কের উন্নয়ন, সম্পদের সদ্ব্যবহারসহ আর্থসামাজিক ও মনো-দৈহিক সমস্যা সমাধানে অবদান রেখে যাচ্ছে।

ক. 'CSWE'-পূর্ণরূপ কী? ১

খ. সমাজকর্মের ধারণা দাও। ২

গ. অনুচ্ছেদে সমাজকর্মের যেসব পরিধির কথা বলা হয়েছে সেগুলো চিহ্নিত করে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে সমাজকর্মের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

২ ▸ একটি দেশের আর্থসামাজিক সমস্যা মোকাবিলা করার জন্য একটি কমিটি গঠন করা হয়েছিল। এই কমিটি সমস্যার পাঁচটি কারণ চিহ্নিত করে এগুলো দূরীকরণের জন্য পাঁচটি সুপারিশ করে। এগুলো বাস্তবায়নে দেশের উন্নয়নে সুদূরপ্রসারী ভূমিকা রাখে।

ক. 'ব্ল্যাক ডেথ' কী? ১

খ. নির্ভরশীল দরিদ্র বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের সাথে পাঠ্যবইয়ের কোন রিপোর্টের শাদৃশ্য রয়েছে?- ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত পাঁচটি সুপারিশ উল্লেখপূর্বক রিপোর্টটির গুরুত্ব আলোচনা কর। ৪

৩ ▸ কবীর তার বাবা-মা, ভাই-বোন নিয়ে রংপুরে বসবাস করে। সম্প্রতি তাকে ঢাকায় বদলি করা হয়। ফলে সে তার স্ত্রী ও সন্তানদের নিয়ে ঢাকায় চলে আসে। এতে তার বাবা-মা রংপুরে নিরাপত্তাহীনভাবে বসবাস করে।

ক. নগরায়ণ কী? ১

খ. শিল্পবিপ্লবের ফলে মৃত্যু হ্রাস পেয়েছে– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত শিল্পবিপ্লবের ফলে নেতিবাচক প্রভাব পরিলক্ষিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের সমস্যা সমাধানে সমাজকর্মের বিকাশে শিল্পবিপ্লবের ভূমিকা আলোচনা কর। ৪

৪ ▸ শাকিল মনোবিজ্ঞানের একটি নির্দিষ্ট শাখায় উচ্চমানের জ্ঞান অর্জন করেছেন। তিনি ব্যবহারিক প্রশিক্ষণ ও সামাজিক দায়বদ্ধতা নিয়ে একটি প্রতিষ্ঠানের প্রতিনিধি হিসাবে দায়িত্ব পালন করেন। তারই বন্ধু সিয়াম জীবিকার তাগিদে কখনো রিকশা চালায়, আবার দিনমজুরের কাজও করে।


ক. বৃত্তি কী? ১

খ. আত্মনিয়ন্ত্রণ অধিকার বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে শাকিল ও সিয়ামের কাজের মধ্যে কী পার্থক্য ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে "শাকিলের জীবিকার্জনের পন্থাটি বিশেষ বৈশিষ্ট্যমণ্ডিত"– উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৫ ▸




ক. NASW-এর পূর্ণরূপ কী? ১

খ. অক্ষম দরিদ্র বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বক্সের '?' প্রশ্নবোধক চিহ্নে ইংল্যান্ডে যে আইন প্রণীত হয়েছিল তা সংক্ষেপে লেখ। ৩

ঘ. দরিদ্রদের উন্নয়নের লক্ষ্যে গৃহীত আইনের মূল্যায়ন কর। ৪

৬ ▸ অদিতি রহমান একটি সমাজকর্ম প্রতিষ্ঠানে কর্মরত। বিভিন্ন ধরনের সমস্যাগ্রস্ত ব্যক্তিরা তার নিকট সমাধানের জন্য আসে। তিনি অত্যন্ত সচেতনভাবে তাদের আন্তরিকতার সাথে গ্রহণ করেন। প্রত্যেককে আত্মনিয়ন্ত্রণ অধিকার প্রদান করেন। ফলে তাদের সাথে অদিতি রহমানের সুসম্পর্ক গড়ে ওঠে এবং সমস্যার সন্তোষজনক সমাধান হয়।

ক. সমাজকর্ম মূল্যবোধ কী? ১

খ. ব্যক্তিস্বাতন্ত্রীকরণ নীতি বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে অদিতি রহমানের কাজে সমাজকর্মের কোন মূল্যবোধের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. অদিতির কাজের সাফল্যের জন্য মূল্যবোধগুলোর গুরুত্ব অত্যধিক আলোচনা কর। ৪

৭ ▸ প্রতিবছর মুসলিম সম্প্রদায় তাদের আয়-ব্যয়ের হিসাব করে একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ বা সম্পদ গরিব, দুঃখী, মিসকিন ও এতিমদের মাঝে বিতরণ করে। আবার কেউ কেউ সেই নির্দিষ্ট পরিমাণ অর্থ দুস্থ মানুষের আর্থসামাজিক উন্নয়নের জন্য কোনো প্রতিষ্ঠানে প্রদান করে। এটি উচ্চবিত্তদের জন্য বাধ্যতামূলক এবং নিম্নবিত্তদের হক হিসেবে বিবেচিত হয়।

ক. ধর্মগোলা কী? ১

খ. সমাজকর্ম ও সমাজকল্যাণের পার্থক্য লেখ। ২

গ. উদ্দীপকে উল্লিখিত কর্মসূচির মাধ্যমে কোন কল্যাণমূলক কর্মসূচির ইঙ্গিত দিয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর, উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠান শ্রেণিবৈষম্য দূরীকরণে ভূমিকা রাখবে? ৪

৮ ▸ শিল্পবিপ্লব মানুষকে যেমন দিয়েছে প্রাচুর্য ও বিলাসিতা, ঠিক তেমনি দিয়েছে অসুস্থতা, দুর্ঘটনা, বেকারত্ব ও অক্ষমতাজনিত নির্ভশীলতা। আধুনিক কল্যাণ রাষ্ট্র সামাজিক আইন প্রণয়নের মাধ্যমে ঐ সমস্ত লোকদের প্রতিরক্ষামূলক কর্মসূচি গ্রহণ করেছে। আবার নাগরিকগণ তাদের অসহায় ও বিপর্যয়মূলক পরিস্থিত মোকাবিলার জন্য নিজেরাও পরিকল্পিতভাবে কর্মসূচির আওতায় আসে।

ক. সামাজিক নিয়ন্ত্রণ কী? ১

খ. সামাজিক বিমা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত কর্মসূচির মাধ্যমে কোন কল্যাণমুলক কর্মসূচির ইঙ্গিত দিয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. পরিকল্পিত কর্মসূচির মাধ্যমে নাগরিকগণ নিজেরা কীভাবে দুর্যোগকালীন সময়ে মোকাবিলা করে– মতামত দাও। ৪

৯ ▸ বাংলাদেশে আর্থসামাজিক উন্নতির সাথে সাথে মাদকাসক্তও ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। বিশেষজ্ঞদের ধারণা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ না করলে সময়ের আবর্তে এটা জটিল রূপ ধারণ করবে। তাই প্রকৃত চিত্র উদ্ঘাটনের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক তাঁর কিছুসংখ্যক শিক্ষার্থী নিয়ে তথ্য সংগ্রহ করেন। তাদের উদ্দেশ্য আর্থসামাজিক পরিবেশ ও পারিপার্শ্বিক অবস্থা সম্পর্কে তথ্য সংগ্রহ, বিশ্লেষণ, প্রতিবেদন প্রস্তুত ও পরবর্তীতে করণীয় সম্পর্কে সুপারিশ প্রদান।

ক. র‍্যাপো কী? ১

খ. সমষ্টি উন্নয়ন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত অধ্যাপকের কাজটি সমাজকর্মের কোন পদ্ধতির ইঙ্গিত বহন করে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত পদ্ধতির ধাপসমূহ বিশ্লেষণ কর। ৪

১০ ▸ নাহিদ একজন পেশাদার সমাজকর্মী। সে একটি পেশাগত প্রতিষ্ঠানে চাকরি করেন। তার কাছে একজন সাহায্যপ্রার্থী সমস্যা নিয়ে আসে। সমাজকর্মী নাহিদ তার সমস্যার ধরন অনুযায়ী সমাজকর্মের একটি পদ্ধতি প্রয়োগ করে তাকে সাহায্য করে থাকে।

ক. পঞ্চদৈত্য কী? ১

খ. সমাজকর্ম পদ্ধতি বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে ব্যক্তি সমাজকর্মের উপাদানগুলো বিদ্যমান রয়েছে– কথাটির যথার্থতা বিশ্লেষণ কর। ৩

ঘ. ব্যক্তি সমাজকর্মের উপাদান হিসেবে নাহিদের অবস্থান বিশ্লেষণ কর। ৪

১১ ▸ সমাজকর্মী জহির আহমেদ তার প্রতিষ্ঠানের লক্ষ্য অর্জনের জন্য সমাজকর্মের একটি সহায়ক পদ্ধতি উপাদান হিসেবে বেশ কিছু কাজ করে থাকেন। প্রথমত, তিনি লক্ষ্যভুক্ত জনগোষ্ঠীকে সংগঠিত করেন। দ্বিতীয়ত, সঠিক নেতৃত্ব নির্বাচন করেন। তৃতীয়ত, জনগণের মধ্যে কার্যক্রমে অংশগ্রহণের অনুভূতি জাগ্রত করেন। চতুর্থত, জনমত সৃষ্টি করেন।

ক. প্রশাসন কী? ১

খ. সামাজিক কার্যক্রম বলতে কী বোঝায়? ২

গ. সমাজকর্মী জহির আহমেদ সমাজকর্মের কোন সহায়ক পদ্ধতির উপাদান অনুসরণ করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত পদ্ধতিতে জনমত সৃষ্টির গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

## উত্তরা হাই স্কুল এন্ড কলেজ, ঢাকা

বিষয় কোড : 2 7 1

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

### সমাজকর্ম প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ সাকিব ঢাকা বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞানের একজন ছাত্র। সে এমন একটি বিষয় নিয়ে অধ্যয়ন করছে যে বিষয়টি বৈজ্ঞানিক জ্ঞান, ব্যবহারিক দক্ষতা, সুনির্দিষ্ট মূল্যবোধ ও পদ্ধতির মাধ্যমে সামাজিক সমস্যার বিজ্ঞানসম্মত সমাধান দিতে সক্ষম।

ক. 'Introduction to Social Welfare' গ্রন্থটি কার লেখা? ১
খ. সমাজকর্ম একটি সক্ষমকারী প্রক্রিয়া– বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে সাকিব সামাজিক বিজ্ঞানের কোন বিষয় নিয়ে পড়াশোনা করছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের বিষয়টি সামাজিক সমস্যা সমাধানে কীভাবে ভূমিকা পালন করছে? আলোচনা কর। ৪

২ ▸ ১৭৬০-১৮৫০ সারের মধ্যে প্রথমে ইংল্যান্ডে পরবর্তীতে ইউরোপের বিভিন্ন দেশে উৎপাদন, প্রযুক্তি ও যোগাযোগ ব্যবস্থায় আমূল পরিবর্তন হয়। এ পরিবর্তনের ফলে নাগরিক সুযোগ-সুবিধা বৃদ্ধি পেলে ও মানবজীবনে নতুন নতুন জটিল সমস্যার সৃষ্টি করে। এ সমস্যার মোকাবিলায় বিজ্ঞানসম্মত উপায় হিসেবে একটি সুনির্দিষ্ট বিষয়ের উদ্ভব হয়।

ক. NASW-এর পূর্ণরূপ লেখ। ১
খ. পঞ্চদৈত্য বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের উল্লিখিত পরিবর্তনের নেতিবাচক প্রভাবগুলো ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত সুনিদিষ্ট বিষয়ের উদ্ভাবন প্রক্রিয়া বিশ্লেষণ কর। ৪

৩ ▸ জনাব রাকিব একজন সমাজকর্মী। তাকে তার গ্রামের সমস্যা চিহ্নিতকরণের দায়িত্ব দেওয়া হয়। তিনি গ্রামের সকল শ্রেণির মানুষের প্রতিনিধিদের সাথে আলোচনা করে কর্তৃপক্ষের নিকট একটি রিপোর্ট জমা দেন। রিপোর্টে উন্নয়ন কর্মকাণ্ডে বাধা সৃষ্টিকারী পাঁচটি প্রতিবন্ধকতার নাম উল্লেখ করেন।

ক. কোন আইন অনুসারে ইংল্যান্ডে দরিদ্রের শ্রেণিবিভাগ করা হয়েছিল? ১
খ. সামাজিক দায়িত্ববোধ বলতে কী বোঝায়? ২
গ. জনাব রাকিবের রিপোর্টের সাথে তোমার পাঠ্যবইয়ের কোন রিপোর্টের মিল আছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে ইঙ্গিতকৃত রিপোর্টিই যুক্তরাজ্যের সামাজিক নিরাপত্তা ব্যবস্থা প্রতিষ্ঠা করেছে বিশ্লেষণ কর। ৪

৪ ▸ জাহিদ রংপুর মেডিকেল কলেজ থেকে এমবিবিএস পাস করে একটি হাসপাতালে সেবার বিনিময়ে জীবন নির্বাহ করেন। অন্যদিকে আলী এমবিবিএস পাস করার পর কৃষিকাজ করে জীবিকা নির্বাহ করেন।

ক. মূল্যবোধ কী? ১
খ. আত্মনিয়ন্ত্রণ অধিকার বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে জাহিদের জীবিকা নির্বাহের উপায়কে কী বলে? ব্যাখ্যা কর। ৩
ঘ. জাহিদ ও আলীর জীবিকা নির্বাহের মধ্যে মিল থাকলেও অমিলও রয়েছে– বিশ্লেষণ কর। ৪

৫ ▸ দীর্ঘদিন যাবত শারীরিক প্রতিবন্ধীদের নিয়ে কাজ করছেন সমাজকর্মী শাহনাজ। একজন সমাজকর্মী হিসেবে তার অনেক গুণ। তিনি সমস্যাগ্রস্ত ব্যক্তির সমস্যাসমূহ সঠিকভাবে বোঝার ক্ষমতা রাখেন। নিজেকে খোলাখুলিভাবে প্রকাশ করেন। তার সমর্থন এবং দায়িত্ববোধের কারণে অনেক হতাশাগ্রস্ত সেবাগ্রহীতা আবার আত্মবিশ্বাস ফিরে পায়।

ক. পেশা কী? ১
খ. সতীদাহ প্রথা বলতে কী বোঝায়? ২
গ. সমাজকর্মী হিসেবে শাহনাজের মধ্যে যে গুণাবলি ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর সমাজকর্মী হিসেবে সফলতা পেতে শাহনাজের গুণাবলি সহায়ক ভূমিকা পালন করে? ৪

৬ ▸ রসুলপুর গ্রামের জব্বার সাহেব ধর্মীয় বিধান অনুযায়ী গরিব-দুঃখীদের সাহায্য করেন। সাহায্যদানের ক্ষেত্রে তিনি কোনো বৈষম্য করেন না। তবে তিনি কর্মক্ষমদের সাহায্য না দিয়ে কাজের ব্যবস্থা করেন।

ক. যাকাত কী? ১
খ. দানশীলতা ত্রুটিমুক্ত নয়–ব্যাখ্যা কর। ২
গ. জব্বার সাহেবের সেবা কার্যক্রম সমাজকল্যাণের কোন ধারাকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. জব্বার সাহেবের সামাজসেবায় আধুনিক সমাজকর্মের উদ্দেশ্য গভীরভাবে লক্ষণীয় বিশ্লেষণ কর। ৪

৭ ▸ জনাব মহসিন নবীনগেরের এলাকায় একজন দানবীর নামে পরিচিত। তিনি সারাজীব প্রচুর সম্পদ অর্জন করেছেন। তার অর্জিত সম্পদ থেকে তিনি প্রতিদিন গরিব-দুঃখী মানুষের কল্যাণে ব্যয় করেন। আর যখন বন্যা, খরা, জলোচ্ছ্বাসের মতো প্রাকৃতিক দুর্যোগের কারণে মানুষ অসহায় হয়ে পড়ে, তখন তিনি নিজস্ব সম্পদ থেকে দুর্গতদের মাঝে ত্রাণসমাগ্রী বিতরণ করেন।


ক. 'ওয়াক্‌ফ' অর্থ কী? ১
খ. বায়তুল মাল বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে কোন সনাতন সমাজকল্যাণের ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. সমাজকল্যাণে উক্ত সনাতন সমাজকল্যাণ প্রতিষ্ঠানের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৮ ▸




ক. দল কী? ১
খ. সমষ্টি সংগঠন বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের কাঠামো দ্বারা ব্যক্তি সমাজকর্মের কী প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে ব্যক্তি সমাজকর্মের সকল নীতির প্রতিফলন ঘটেনি– মতামত দাও। ৪

৯ ▸




ক. সমাজকর্মের সহায়ক পদ্ধতি কয়টি? ১
খ. 'POSCORB' ধারণাটি ব্যাখ্যা কর। ২
গ. উল্লিখিত '?' চিহ্নিত স্থানে উপযুক্ত সমাজকর্ম পদ্ধতির নাম বসিয়ে ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত ধাপগুলোই উক্ত সমাজকর্ম পদ্ধতির জন্য যথেষ্ট নয়– বিশ্লেষণ কর। ৪

১০ ▸ নুরজাহান একজন সমাজকর্মী। তিনি একটি বেসরকারি সংস্থায় পরিবর্তন প্রতিনিধি হিসেবে কর্মরত। তার সংস্থা গ্রামীণ এলাকায় নিরক্ষতা, বাল্যবিবাহ, যৌতুক প্রথা অর্থাৎ সমাজে বিরাজমান কুসংস্কার, কু-প্রথা, গোঁড়ামি ও অজ্ঞতা দূরীকরণে কাজ করেন। সমস্যা সমাধানে তিনি সুনির্দিষ্ট পদ্ধতি অনুসরণ করেন। এক্ষেত্রে নুরজাহানের ধারণা, উল্লিখিত এলাকায় প্রত্যাশিত পরিবর্তন আনতে হলে যৌথ ও সমন্বিত প্রচেষ্টা প্রয়োজন।

ক. "Administration' শব্দটি কোন শব্দ থেকে এসেছে? ১
খ. দল সমাজকর্মের প্রকারভেদ উল্লেখ কর। ২
গ. উদ্দীপকে কোন পদ্ধতি অনুসরণের ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত সমস্যাবলি সমাধানে কোন পদ্ধতির প্রয়োগ যথার্থ বলে তুমি মনে কর? তা বিশ্লেষণ কর। ৪

১১ ▸ কণা রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অনার্স প্রথম বর্ষের শিক্ষার্থী, সে এমন একটি বিষয়ে অধ্যয়ন করছে যা বৈজ্ঞানিক পদ্ধতিনির্ভর সাহায্যকারী পেশা হিসেবে পরিচিত। এটি ব্যক্তি, দল ও সমষ্টির নিজস্ব সম্পদের সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে সমস্যার স্থায়ী সামাধানের প্রচেষ্টা চালায়।

ক. সমাজকর্মের উৎপত্তি হয়েছিল কোন দেশে? ১
খ. সমাজবিজ্ঞানী বোয়েম প্রদত্ত সমাজকর্মের লক্ষ্যগুলো উল্লেখ কর। ২
গ. কণা পঠিত বিষয়টির বৈশিষ্ট্যগুলো ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত বিষয়টির পরিধি আলোচনা কর। ৪

SURE SUCCESS

## কাদিরাবাদ ক্যান্টনমেন্ট স্যাপার কলেজ, নাটোর

বিষয় কোড : 2 7 1

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **সমাজকর্ম প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ জিন্নাহ নগর নামের গ্রামটিতে সমস্যার শেষ নেই। মাদকাসক্তি, কিশোর অপরাধ, আত্মহত্যা প্রভৃতি সমস্যা এখানে বিদ্যমান। এছাড়াও এখানে লেখাপাড়ার জন্য স্কুল, কলেজ এবং চিকিৎসার জন্য হাসপাতালের অভাব রয়েছে, যা সমস্যাকে আর বাড়িয়ে দিয়েছে। এ অবস্থায় একটি সংগঠন সেখানে কাজ শুরু করে। এর ফলে গ্রামটি উন্নত হতে শুরু করেছে। সংগঠনের কর্মীরা তাদের কাজকে এখন পেশা হিসেবে গ্রহণ করেছে।

ক. সমাজকর্মের ইংরেজি প্রতিশব্দ কী? ১
খ. সমাজকর্মের ত্রিবিধ ভূমিকা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের উল্লিখিত সংগঠনটি কোন বিষয়ের ইঙ্গিত বহন করে? সে বিষয়ের উদ্দেশ্যগুলো তোমার পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত বিষয়টি বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশে প্রয়োজন কেন? তোমার নিজের ভাষায় এবং পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

২ ▸ দ্বিতীয় বিশ্বযুদ্ধে 'ক' নামক রাষ্ট্রে নানা রকম সমস্যা দেখা দেয়। সে সমস্যাগুলো দূর করার জন্য রাষ্ট্রটি প্রফেসর এম এম আকাশ নামে একজন অর্থনীতিবিদের নেতৃত্বে সামাজিক বিমা ও অনুরূপ বিষয়াদির একটি আন্তঃবিভাগীয় কমিটি গঠন করে। প্রায় ২ বছর পর কমিটি যে রিপোর্ট দেয় সেখানে কিছু সুপারিশ উপস্থাপন করা হয়। পরবর্তীতে কমিটির সুপারিশের ভিত্তিতে নতুন নতুন কিছু আইন হয় এবং তা অন্যান্য দেশের জন্য মডেল হিসেবে বিবেচিত হয়।

ক. কত সালে আমেরিকায় দান সংগঠন সমিতি প্রতিষ্ঠিত হয়? ১
খ. দরিদ্র আইন বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে 'ক' রাষ্ট্রের যে রিপোর্টের কথা বলা হয়েছে তার সাথে পাঠ্যপুস্তকের কোন বিষয়ের মিল রয়েছে, তা সুপারিশসহ আলোচনা কর। ৩
ঘ. উক্ত রিপোর্ট অন্যান্য দেশের জন্য মডেল- কথাটি বিশ্লেষণ কর। ৪

৩ ▸ কুদ্দুস মিয়ার বয়স প্রায় ৯০ বছর। তিনি বিস্ময়ের সাথে লক্ষ করছেন যে, তাদের ছেলেবেলার সময়ের সাথে বর্তমান সময়ের সমাজব্যবস্থার অনেক পার্থক্য। বর্তমান সময়ের সবকিছু দ্রুত বদলে যাচ্ছে। আগের কুটির শিল্পের পরিবর্তে এখন সবখানে স্থাপিত হয়েছে যন্ত্রচালিত কলকারখানা। যোগাযোগ ব্যবস্থায় ঘটেছে ব্যাপক উন্নতি, মানুষের জীবন যাত্রার এসেছে পরিবর্তন। অনেক সুযোগ-সুবিধার পাশাপাশি সৃষ্টি হচ্ছে নানা ধরনের সমস্যা।

ক. দারিদ্র্য বিমোচনে রানি এলিজাবেথ কত সালে আইন প্রণয়ন করেন? ১
খ. NASW সম্পর্কে সংক্ষেপে লেখ। ২
গ. উদ্দীপকে কোন বিষয়ের প্রতি ইঙ্গিত করা হয়েছে? মানবজীবনে উক্ত বিষয়ের নেতিবাচক প্রভাব আলোচনা কর। ৩
ঘ. সমাজকর্ম পেশার বিকাশে উদ্দীপকের উল্লিখিত বিষয়ের ভূমিকা আলোচনা কর। ৪

৪ ▸ রনি ও জনি দুইজন খুব ভালো বন্ধু। পাশাপাশি বাসা হওয়ার কারণে দুইজনের সখ্যতা অনেক। দারিদ্র্যের কারণে জনির লেখাপড়া বেশিদূর এগোয়নি। সে এখন একজন মুদি দোকানি। অপরদিকে রনি লেখাপড়া শেষ করে আজ উচ্চ আদালতের একজন প্রতিষ্ঠিত উকিল।

ক. সমাজকর্ম পেশার মর্যাদা লাভ করে কোন দেশে ১
খ. শ্রমের মর্যাদা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের রনির জীবিকা নির্বাহর উপায়কে কী নামে অভিহিত করা যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের রনি ও জনির জীবিকা নির্বাহের উপায়ের মধ্যে পার্থক্য দেখাও। ৪

৫ ▸ সুমনা একজন সমাজকর্মী। স্বামী পরিত্যক্তা লতা তার কাছে সাহায্যের জন্য আসে। সুমনা তাকে আন্তরিকতার সাথে গ্রহণ করে। সমস্যার সমাধানে তার মতের প্রতি তিনি মূল্য দেন এবং তার প্রকাশিত গোপন কথা গোপন রাখার প্রতিশ্রুতি দেন।

ক. মূল্যবোধের ইংরেজি প্রতিশব্দ কী? ১
খ. পেশার ক্ষেত্রে সামাজিক স্বীকৃতি গুরুত্বপূর্ণ কেন? ২
গ. উদ্দীপকের সমাজকর্মী সুমনার কাজে সমাজকর্মের কোন কোন মূল্যবোধের পরিচয় পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. একজন সমাজকর্মীর জন্য উক্ত মুল্যবোধগুলো মেনে চলার গুরুত্ব আলোচনা কর। ৪

৬ ▸ রজত বাবু একজন উদার মনের মানুষ। তার এলাকার অনেক মেয়ে অল্প বয়সে বিধবা হয়ে কষ্টে দিন কাটাচ্ছে। তাকে বিষয়টি কষ্ট দেয়। বিধবাদের যাতে পুনরায় বিবাহ দেওয়া যায় সে লক্ষ্যে তিনি আন্দোলন চালিয়ে যান এবং নিজে অবিবাহিত ছেলেকে একজন বিধবার সাথে বিবাহ দিয়ে দৃষ্টান্ত স্থাপন করেন।

ক. সদকা কী ধরনের ইবাদত? ১
খ. বায়তুল মাল বলতে কী বোঝায়? ২
গ. রজত বাবুর কার্যক্রমে তোমার পাঠ্যবইয়ের কোন সমাজ সংস্কারকের আন্দোলনের সাথে মিল আছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত আন্দোলনের গুরুত্ব আলোচনা কর। ৪

৭ ▸ খুদিরাম একজন ধনাঢ্য ব্যক্তি। তিনি তার সম্পদের কিছু অংশ পাপমোচন, স্বর্গলাভ এবং ভগবানের সন্তুষ্টির জন্য স্থায়ীভাবে উৎসর্গ করেন। তার বিশ্বাস, তার এ কাজের ফলে পরপারে মুক্তি পাবেন।

ক. যাকাত শব্দের অর্থ কী? ১
খ. ধর্মগোলা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের খুদিরামের কর্মকাণ্ড কোন ঐতিহ্যগত সমাজকল্যাণ প্রতিষ্ঠানকে ইঙ্গিত করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. মানবকল্যাণে উদ্দীপকে ইঙ্গিতকৃত সমাজকল্যাণ প্রতিষ্ঠানের গুরুত্ব ব্যাখ্যা কর। ৪

৮ ▸ দবির সাহেব একজন ধর্মভীরু দানশীল ব্যক্তি। নামাজ, রোজা রাখার পাশাপাশি তিনি প্রতিবছর তার সম্পদের একটি নির্দিষ্ট অংশ ধর্মীয় বিধান মোতাবেক নির্দিষ্ট খাতে ব্যয় করেন। তার এ কাজ সমাজে ধনী-দরিদ্রের বৈষম্য দূর করতে সাহায্য করে।

ক. দানশীলতার ইংরেজি প্রতিশব্দ কী? ১
খ. সামাজিক পরিবর্তন বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের দবির সাহেবের এ কর্মকাণ্ড কোন ঐতিহ্যগত সমাজকল্যাণ প্রতিষ্ঠানকে ইঙ্গিত করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. মানবকল্যাণে উদ্দীপকে ইঙ্গিতকৃত কর্মকাণ্ডের গুরুত্ব ব্যাখ্যা কর। ৪

৯ ▸ মাহতাব একটি সমাজ উন্নয়ন সংস্থায় কর্মরত। তার সংস্থাটি মেয়েদের বৃত্তিমূলক প্রশিক্ষণ দেয়, নারী ও শিশু নির্যাতন বোধে সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করে, নারী ও শিশু নির্যাতনের কারণ অনুসন্ধান করে তা মোকাবিলার উপায় উদ্ভাবনে নিয়োজিত থাকে।

ক. সমাজকর্ম কী ধরনের পেশা? ১
খ. আত্মকর্মসংস্থান বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের উল্লিখিত সংস্থাটি কোন বিষয়ের ইঙ্গিত বহন করে? সে বিষয়ের বৈশিষ্ট্যগুলো তোমার পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে ইঙ্গিতকৃত বিষয়টির পরিধি আলোচনা কর। ৪

১০ ▸ জনাব কবির সাহেবের কলেজপড়ুয়া ছেলে বন্ধুদের প্ররোচনায় পড়ে মাদকাসক্ত হয়ে পড়ে। ক্রমান্বয়ে তার অবস্থা এতটাই অবনতি হয় যে তাকে মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে একজন সমাজকর্মীর তত্ত্বাবধানে ভর্তি করতে হয়। সেখানে সমাজকর্মী সমাজকর্মের একটি বিশেষ পদ্ধতি ব্যবহার করে তাকে সাহায্য করে।

ক. পদ্ধতি কী? ১
খ. আত্মনিয়ন্ত্রণ অধিকার বলতে কী বোঝায়? ২
গ. সমাজকর্মী সমাজকর্মের কোন বিশেষ পদ্ধতি ব্যবহার করে কবির সাহেবের ছেলের সমস্যার সমাধান করতে পারে? ব্যাখ্যা কর। ৩
ঘ. সমাজকর্মের উক্ত পদ্ধতির উপাদানগুলো আলোচনা কর। ৪

১১ ▸ আবিদা একটি সমাজকর্ম প্রতিষ্ঠানে কাজ করে। তাকে এমন একটি এলাকায় পাঠানো হয় যেখানে ব্যাপক আকারে যৌতুক প্রথা চালু রয়েছে। সে কাজ করতে গিয়ে অনুমান করে যে, শিক্ষার অভাবেই এই এলাকায় যৌতুকের প্রচলনটা বেশি। কাজ করার জন্য সে একটি নকশা তৈরি করে এবং তথ্য সংগ্রহ শুরু কের। পরে সে তথ্য বিশ্লেষণ করে। পরবর্তীতে তথ্যের মূল্যায়ন শেষে সমস্যার ওপর একটি প্রতিবেদন তৈরি করে।

ক. ফলো আপ বা অনুসরণ কী? ১
খ. Rapport বলতে কী বোঝায়? ২
গ. আবিদা সমাজকর্মের কোন সহায়ক পদ্ধতি ব্যবহার করে কাজ করেছেন বলে তুমি মনে কর? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত সহায়ক পদ্ধতির ধাপসমূহ আলোচনা কর। ৪

# কুমিল্লা সরকারি মহিলা কলেজ

বিষয় কোড : 2 7 1

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **সমাজকর্ম প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ আয়ান রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের একজন ছাত্র। সে এমন একটি বিষয়ে অধ্যয়ন করছে যে বিষয়টি বৈজ্ঞানিক জ্ঞান, ব্যবহারিক দক্ষতা, সুনির্দিষ্ট মূল্যবোধ ও পদ্ধতির মাধ্যমে সামাজিক সমস্যার বিজ্ঞানসম্মত সমাধান দিতে সক্ষম।

ক. NASW-এর পূর্ণরূপ কী? ১

খ. সামাজিক দায়িত্ব বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে আয়ান সামাজিক বিজ্ঞানের কোন বিষয়ে অধ্যয়ন করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে ইঙ্গিতকৃত বিষয়ের জ্ঞান সামাজিক সমস্যা সমাধানে কীভাবে ভূমিকা রাখতে পারে? বিশ্লেষণ কর। ৪

২ ▶ ১৮৫০ সাল হতে ১৯৬০ সালের মধ্যে প্রথমে ইংল্যান্ডে পরবর্তীতে ইউরোপ ও পৃথিবীর অন্যান্য দেশে উৎপাদন, প্রযুক্তি, যাতায়াত ও যোগাযোগ ক্ষেত্রে আমূল পরিবর্তন সূচিত হয়। এ পরিবর্তনের ফলে নাগরিক সুযোগ-সুবিধা বৃদ্ধি পেলেও মানবজীবনে নতুন নতুন জটিল সমস্যার সৃষ্টি হয়। আর এ সমস্যা মোকাবিলায় বিজ্ঞানসম্মত উপায় হিসেবে একটি সুনির্দিষ্ট পদ্ধতির উদ্ভব হয়।

ক. COS-এর পূর্ণরূপ কী? ১

খ. বিভারিজ রিপোর্ট কী? ২

গ. উদ্দীপকে উল্লিখিত আমূল পরিবর্তনকে কী নামে আখ্যায়িত করা হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত পরিবর্তনের প্রভাবে কীভাবে সমাজকর্মের উদ্ভব হয়? বিশ্লেষণ কর। ৪

৩ ▶ কৃষক পরিবারের সন্তান জাকির হোসেন লেখাপড়া শেষে ভালো চাকরি পেয়েছিলেন। তাই জীবনের তাগিদে গ্রাম ছেড়ে বিভিন্ন শহরে পরিবার নিয়ে থেকেছেন। আজ তার সন্তানরা দেশের গণ্ডি পেরিয়ে বিদেশে অবস্থান করছে। নিজেদের প্রয়োজনেও এখন সন্তানদের কাছে পান না। সামাজিক সম্পর্কের ক্ষেত্রেও দূরত্ব বেড়েছে। একই সাথে এসব সমস্যা থেকে উত্তরণের জন্য কিছু পেশাদার পদ্ধতিও আবিষ্কৃত হয়েছে।

ক. 'বিপ্লব' শব্দের ইংরেজি প্রতিশব্দ কী? ১

খ. সামাজিক নিরাপত্তা বলতে কী বোঝায়? ২

গ. জাকির হোসেনের পারিবারিক জীবনে যে বিষয়টি লক্ষণীয় তার বর্ণনা দাও। ৩

ঘ. "উদ্দীপকে ইঙ্গিতকৃত পেশাদার পদ্ধতি সমাজের বহুমুখী সমস্যা সমাধানে যথেষ্ট ভূমিকা রাখে।"– বিশ্লেষণ কর। ৪

৪ ▶ জনাব রাবেয়া সুলতানা আইন পেশায় জড়িত। এ পেশায় তাকে বিশেষ শিক্ষা ও প্রশিক্ষণ গ্রহণ করতে হয়েছে। এ পেশার সুশৃঙ্খল জ্ঞানভাণ্ডার রয়েছে। এছাড়া বার অ্যাসোসিয়েশন, নৈতিক মূল্যবোধের অনুসরণ ও জনকল্যাণমুখিতার কারণে পেশাটি সম্মানজনক অবস্থায় রয়েছে।

ক. পেশার সংজ্ঞা দাও। ১

খ. পেশা ও বৃত্তির দুটি পার্থক্য উল্লেখ কর। ২

গ. উদ্দীপকে সমাজকর্ম পেশার কোন বৈশিষ্ট্য রয়েছে? ব্যাখ্যা দাও। ৩

ঘ. উদ্দীপকে সমাজকর্ম পেশার সকল বৈশিষ্ট্যের প্রতিফল ঘটেনি– মতামত দাও। ৪

৫ ▶ সুনিল রায় একজন সচেতন ব্যক্তি। সমাজে তিনি দয়ার সাগর নামে পরিচিত। তিনি সমাজের প্রচলিত বিধিকে সমালোচনা করে বিধবা টুম্পা রায়কে তার ছেলের সাথে বিয়ে দেন।

ক. সতীদাহ নিরোধ আইন কোন সালে পাস হয়? ১

খ. রাজা রামমোহন রায় বিখ্যাত কেন? ২

গ. উদ্দীপকের সাথে কোন সমাজ সংস্কার আন্দোলনের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত আন্দোলনের গুরুত্ব আলোচনা কর। ৪

৬ ▶ নোমান সাহেব একজন সম্পদশালী ধার্মিক ব্যক্তি। তিনি নামাজ, রোজা ও হজের পাশাপাশি আরও একটি আর্থিক ইবাদত করেন। তিনি তার সম্পদের নির্দিষ্ট অংশ কোরআনে বর্ণিত নির্ধারিত আটটি খাতে ব্যয় করেন। তাঁর এ অর্থ ব্যয় সমাজের ধনী ও দরিদ্রের বৈষম্য হ্রাস করে।

ক. সমাজকর্মের সূত্রপাত কোন দেশে হয়? ১

খ. সামাজিক বিমা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত নোমান সাহেবের অর্থব্যয় কোন ঐতিহ্যগত সমাজকল্যাণ প্রতিষ্ঠানের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত অর্থ সুনির্দিষ্ট খাতে ব্যয়ের তাৎপর্য পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৪

৭ ▶ মি. ইমরান একজন সমাজকর্মী। তিনি তার কাছে আগত সাহায্যপ্রার্থীদের কখনো রেস্টুরেন্টে, কখনো তার বাড়িতে, কখনো বাজারে সাক্ষাৎ করতে বলেন। এতে সাহায্যপ্রার্থীরা বিরক্ত হয়ে সাক্ষাৎ করতে আসে না।

ক. সমাজকর্মের সহায়ক পদ্ধতি কয়টি? ১

খ. পেশাদার প্রতিনিধি বলতে কী বোঝায়? ২

গ. মি. ইমরানের কাজে ব্যক্তি সমাজকর্মের কোন উপাদানের অভাব রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকের মি. ইমরানের ভূমিকা পেশাগত সম্পর্ক স্থাপনের সহায়ক নয়।"– বিশ্লেষণ কর। ৪

৮ ▶ ঢোল আর বাদ্যের তালে ধাক্কা দিয়ে এগিয়ে নেওয়া হচ্ছে একটি মেয়েকে। তার স্বামী অরবিন্দ চক্রবর্তী কিছু সময় আগে মৃত্যুবরণ করেছেন। তাই তিনি স্বামীর সাথে সহমরণে গিয়ে অনন্তকাল স্বর্গবাসী হবেন । পত্নীর মহৎ কর্তব্য হচ্ছে সহমরণ। কিন্তু অজয় রায় এভাবে ধর্মের দোহাই দিয়ে স্ত্রীদের জোর করে বা স্ত্রীর ইচ্ছায় স্বামীর চিতার আগুনে জীবন্ত দাহ করার নিষ্ঠুর প্রথার বিরুদ্ধে আন্দোলন গড়ে তোলেন। ফলে ১৯২৯ সালে এ অমানবিক প্রথা নিরোধ আইন পাস হয়।

ক. প্রকৃতিগত দিক থেকে ওয়াকফ কত প্রকার? ১

খ. সমাজসেবা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে অজয় রায়ের আন্দোলন ভারতীয় উপমহাদেশের কোন সমাজ সংস্কার আন্দোলনকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে ইঙ্গিতকৃত আন্দোলনের প্রভাব আলোচনা কর। ৪

৯ ▶ সাবিনা একটি রক্ষণশীল মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। ১৪ বছর বয়সে একজন কলেজ শিক্ষকের সাথে তার বিয়ে হয়। তিনি তার স্বামীর সহযোগিতায় পড়াশুনা করেন এবং বিএ বিএড পাস করেন। সাবিনার গ্রামের অধিকাংশ মহিলা পশ্চাৎপদ, নিরক্ষর এবং কুসংস্কারাচ্ছন্ন। তিনি তার গ্রামের মহিলা জনগোষ্ঠীর উন্নয়নের কথা চিন্তা করেন। তিনি তাদের সংগঠিত, শিক্ষিত এবং উন্নয়ন কর্মকাণ্ডে অংশগ্রহণ করাতে চেষ্টা করেন। এ লক্ষ্যে তিনি তার গ্রামে একটি মহিলা সমিতি এবং একটি বালিকা বিদ্যালয় স্থাপন করেন।

ক. ব্রাহ্ম সমাজের প্রতিষ্ঠাতা কে? ১

খ. সামাজিক আন্দোলন বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে সাবিনার কর্মকাণ্ডের সাথে বাংলাদেশের কোন বিখ্যাত সমাজ সংস্কারকের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. বাংলাদেশের নারী উন্নয়নে সাবিনার কর্মকাণ্ড কীভাবে সহায়তা করতে পারে? আলোচনা কর। ৪

১০ ▶ 'ক' একটি বেসরকারি সংস্থা। যুদ্ধে ক্ষতিগ্রস্ত জনগণের ত্রাণ ও পুনর্বাসনের নিমিত্তে এটা ১৯৭২ সালে সিলেটের শাল্লা গ্রামে কার্যক্রম শুরু করে। দরিদ্র লোকদের দুঃখ-দুর্দশা দূরীকরণার্থে দেশের বাইরেও কিছু সংখ্যক কার্যক্রম চালু করেছে।

ক. গ্রামীণ ব্যাংকের প্রতিষ্ঠাতা কে? ১

খ. বেসরকারি সংস্থা বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের প্রতিষ্ঠানটিকে কেন জাতীয় স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান বলা যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. গ্রামীণ দরিদ্র জনগণের ভাগ্যোন্নয়নে প্রতিষ্ঠানটির পরিচালিত ভূমিকার গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

১১ ▶ আবদুস সালাম একটি সমাজসেবামূলক প্রতিষ্ঠানে পেশাদার সমাজকর্মী হিসেবে কর্মরত। ফারুক নামক এক ব্যক্তি কতিপয় সমস্যা নিয়ে উক্ত প্রতিষ্ঠানে সেবা গ্রহণের জন্য আসেন। আবদুস সালাম তাকে সাদরে গ্রহণ করেন। তিনি সমাজকর্মের বিশেষ পদ্ধতি অবলম্বন করে তার সমস্যাসমূহ সমাধানের প্রচেষ্টা চালান। অল্প দিনের প্রচেষ্টায় ফারুক সমস্যামুক্ত হয়ে স্বাভাবিক জীবনে ফিরে আসেন।

ক. সমাজকর্মের মৌলিক পদ্ধতি কয়টি? ১

খ. মনোসামাজিক অনুধ্যান বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে সমাজকর্মের কোন পদ্ধতির ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে ফারুকের সমস্যার সমাধানে উক্ত পদ্ধতিতে প্রয়োগকৃত স্তরগুলো অধিক কার্যকরী– বক্তব্যটি বিশ্লেষণ কর। ৪

# কুমিল্লা কমার্স কলেজ

বিষয় কোড : 2 7 1

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

## সমাজকর্ম প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ সভ্যতার বিবর্তন, জ্ঞানবিজ্ঞানের ক্রমবিকাশ তথা শিল্পবিপ্লবের প্রভাবে ইতিবাচক পরিবর্তনের পাশাপাশি সমাজজীবনে নানাবিধ জটিল সমস্যার সৃষ্টি হয়। সৃষ্ট সমস্যা মোকাবিলার লক্ষ্যে জ্ঞানবিজ্ঞানের বিভিন্ন শাখার উদ্ভব হয়। উদ্ভাবিত শাখার মধ্যে এমন একটি বিশেষ শাখা রয়েছে, যা মানুষের সুপ্ত প্রতিভার বিকাশ সাধন ও প্রাপ্ত সম্পদের সদ্ব্যবহারের মাধ্যমে সুখী ও সমৃদ্ধশালী জীবনধারণের পদ্ধতিনির্ভর সেবাদান করে।

ক. 'Indroduction to Social Welfare' গ্রন্থের লেখক কে? ১
খ. 'সমাজকর্ম একটি সংগঠিত সাহায্যদান প্রক্রিয়া'— বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের কোন বিশেষ শাখার ইঙ্গিত রয়েছে? তার পরিচয় তুলে ধর। ৩
ঘ. উদ্দীপকে ইঙ্গিতকৃত বিষয়টি মানুষের জীবনমান উন্নয়নে কীভাবে ভূমিকা রাখে তা বিশ্লেষণ কর। ৪

২ ▶ ভাওয়ালগড় ইউনিয়নে একটা সময় ব্যাপক অর্থনৈতিক মন্দা ও বেকারত্ব বেড়ে যায়। এ অবস্থার অবসানের জন্য চেয়ারম্যান সাহেব একজন অর্থনীতির অধ্যাপককে দায়িত্ব দেন। তিনি দীর্ঘদিন পর একটি রিপোর্ট পেশ করেন এবং বেশকিছু সুপারিশ উত্থাপন করেন।

ক. শিল্পবিপ্লব নামকরণ করেন কে? ১
খ. দান সংগঠন সমিতি কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের রিপোর্টের সাথে তোমার পাঠ্যবইয়ের কোন রিপোর্টের সাদৃশ্য আছে? বর্ণনা কর। ৩
ঘ. সমাজকর্ম পেশার বিকাশে উক্ত রিপোর্টের অবদান অনস্বীকার্য— তোমার মতামত দাও। ৪

৩ ▶ অষ্টাদশ শতাব্দীর শেষ ভাগ থেকে উনবিংশ শতাব্দীর প্রথমভাগ পর্যন্ত সময়ে ইংল্যান্ডে এবং পরে অন্যান্য দেশের উৎপাদন ব্যবস্থায় এক যুগান্তকারী ও আমূল পরিবর্তন সূচিত হয়। ফলে নানা ধরনের জটিল সমস্যার উদ্ভব ঘটে। উদ্ভূত সমস্যা মোকাবিলায় বিজ্ঞানভিত্তিক ও পদ্ধতিনির্ভর কৌশল প্রয়োগের প্রয়োজনীয়তা দেখা দেয়।

ক. Charities Review পত্রিকটি কত সালে প্রকাশিত হয়? ১
খ. পঞ্চদৈত্য বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের যুগান্তকারী পরিবর্তনকে কী হিসেবে আখ্যায়িত করা যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. সমাজকর্ম পেশার বিকাশে উদ্দীপকে ইঙ্গিতকৃত বিষয়ের ভূমিকা আলোচনা কর। ৪

৪ ▶ জাহিন সিলেট মেডিকেল কলেজ থেকে এমবিবিএস পাস করে একটি হাসপাতালে সেবার বিনিময়ে জীবিকা নির্বাহ করেন। অন্যদিকে আক্কাস এসএসসি পাস করার পর কৃষিকাজ করে জীবিকা নির্বাহ করেন।

ক. মূল্যবোধ কী? ১
খ. সম্পদের সদ্ব্যবহার বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের জাহিনের জীবিকা নির্বাহের উপায়কে কী বলে? ব্যাখ্যা কর। ৩
ঘ. জাহিন ও আক্কাসের জীবিকা নির্বাহের মধ্যে মিল থাকলেও অমিলও রয়েছে— বিশ্লেষণ কর। ৪

৫ ▶ সিফাত শৈশবেই মা-বাবাকে হারিয়েছে। জগতে আপন বলতে কেউ নেই। ষোলো বছর পর্যন্ত একটি প্রতিষ্ঠান তাকে আশ্রয় দিয়ে তার ভরণপোষণ ও শিক্ষার ব্যবস্থা করে। এখানে বসবাস করেই সে বৃত্তিমূলক প্রশিক্ষণ গ্রহণ করেছে।

ক. সরাইখানা কী? ১
খ. দেবোত্তর বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে সিফাত কোন ঐতিহ্যগত সমাজকল্যাণ প্রতিষ্ঠানে বেড়ে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত প্রতিষ্ঠানটির গুরুত্ব আলোচনা কর। ৪

৬ ▶ মিসেস রুবাইয়াত ইসলাম ধর্মের বিধান মোতাবেক গরু-ছাগল, উৎপাদিত পণ্য, ব্যবসার মাল, খনিজ সম্পদ ও তার সঞ্চিত সোনা-দানার একটি অংশ বিধানে বর্ণিত নির্দিষ্ট শ্রেণির মাঝে বিতরণ করে। বিদ্যমান সম্পত্তির পবিত্রকরণের জন্য এ কাজ তাকে প্রতিবছরই করতে হয়।

ক. 'সমাজকল্যাণ হলো সকল মানুষের কল্যাণে সকল মানুষের সুসংগঠিত প্রচেষ্টা' উক্তিটি কার? ১
খ. সদকা বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. মিসেস রুবাইয়াতের দান কার্যক্রমকে সনাতন সমাজকল্যাণের কোন প্রতিষ্ঠানের সাথে তুলনা করা যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. সনাতন সমাজকল্যাণ প্রতিষ্ঠান হিসেবে এর গুরুত্ব লিপিবদ্ধ কর। ৪

৭ ▶ কায়েস সাহেব তার মাদকাসক্ত ছেলেকে সংশোধনের জন্য একটি নিরাময় কেন্দ্রে নিয়ে গেলেন। সেখানে কর্মরত সমাজকর্মী সমাজকর্মের মৌলিক পদ্ধতির একটি প্রক্রিয়া অনুসরণ করে মাদকাসক্ত ছেলেটির সমস্যা সমাধানের চেষ্টা করেন।

ক. সমাজকর্মের সহায়ক পদ্ধতি কয়টি? ১
খ. সমষ্টি সংগঠন বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের সমাজকর্মের কোন মৌলিক পদ্ধতির ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'উদ্দীপকে ইঙ্গিতকৃত পদ্ধতিটি মাদকাসক্ত ছেলেটির সমস্যা সমাধানে ভূমিকা রাখতে পারে।'—বিশ্লেষণ কর। ৪

৮ ▶ প্রশিকা সংস্থার একজন সমাজকর্মী বেশ কয়েকটি দল গঠন করে নির্দিষ্ট লক্ষ্য অর্জনে সেগুলো সুনির্দিষ্ট প্রক্রিয়ায় নিয়ন্ত্রণ ও পরিচালনা করেন। এখানে সমাজকর্মী নিয়মিত দলের সদস্যদের সাথে মিলিত হন এবং দলীয় সমস্যা সমাধানে বৈজ্ঞানিক পদ্ধতি প্রয়োগ করেন। কিন্তু জাগরণ যুব সংঘে যেমন কোনো সমাজকর্মী থাকেন না, তেমনি এখানে সমস্যা সমাধানে কোনো বৈজ্ঞানিক পদ্ধতিও প্রয়োগ হয় না।

ক. পেশাগত সম্পর্কে ইংরেজি প্রতিশব্দ কী? ১
খ. সামাজিক দলের ধারণা দাও। ২
গ. প্রশিকা সংস্থায় গঠিত দল পরিচালনায় সমাজকর্মী কোন প্রক্রিয়া অবলম্বন করেন? আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রশিকার দল ও জাগরণ যুবসংঘ পরিচালনায় প্রক্রিয়াগত পার্থক্য নিরূপণ কর। ৪


৯ ▶ শারমীন জাহান একজন সমাজকর্মী। তিনি একটি বেসরকারি সংস্থায় পরিবর্তন প্রতিনিধি হিসেবে কর্মরত। তার সংস্থা গ্রামীণ এলাকায় নিরক্ষরতা, বাল্যবিবাহ, যৌতুক প্রথা অর্থাৎ সমাজে বিরাজমান কুসংস্কার, কুপ্রথা, গোঁড়ামি ও অজ্ঞতা দূরীকরণে কাজ করেন। সমস্যা সমাধানে তিনি সুনির্দিষ্ট পদ্ধতি অনুসরণ করেন। এক্ষেত্রে শারমীন জাহানের ধারণা উল্লিখিত এলাকায় প্রত্যাশিত পরিবর্তন আনতে হলে যৌথ ও সমন্বিত প্রচেষ্টা প্রয়োজন।

ক. ব্যক্তি সমাজকর্মের অগ্রদূত কাকে বলা হয়? ১
খ. সমষ্টি উন্নয়ন বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে কোন পদ্ধতি অনুসরণের ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত সমস্যাবলি সমাধানে কোন পদ্ধতি প্রয়োগ যথার্থ বলে তুমি মনে কর তা বিশ্লেষণ কর। ৪

১০ ▶ শান্ত ও তার বন্ধু তুহিনের গ্রামের বাড়িতে গ্রীষ্মের ছুটিতে বেড়াতে গিয়ে দেখতে পায়, কলেরা আক্রান্ত কয়েকটি শিশুকে ঝাড়-ফুঁক দিয়ে চিকিৎসার নামে খালি বিছানায় শুইয়ে রেখেছে এবং তাদেরকে তরল জাতীয় খাবার না দিতে বলেছে। সে এ গ্রামেরই পাশের বাড়ির এক তেরো বছরের মেয়ের সাথে ষোলো বছরের ছেলের বিয়ে অনুষ্ঠান দেখতে পায়। এসব অজ্ঞতা ও অসচেতনতা দেখে সে তুহিনকে এর কারণ জিজ্ঞাসা করে। তুহিন বলে, এ এলাকার অধিকাংশ মানুষ অশিক্ষিত। তাই তাদের এসব ব্যাপারে কেউ বাধাও দেয় না।

ক. সামাজিক প্রশাসন বলতে কী বোঝায়? ১
খ. ব্যক্তি সমাজকর্মের উপাদানগুলো কী কী? ২
গ. উদ্দীপকের সামাজিক কার্যক্রম প্রক্রিয়া বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকে তুহিনের গ্রামের সমস্যাগুলো সমাধানে সামাজিক কার্যক্রম কীরূপ ভূমিকা রাখতে পারে তা বিশ্লেষণ কর। ৪

১১ ▶




ক. সমাজকর্ম পদ্ধতি কী? ১
খ. 'র‍্যাপো' ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে '?' চিহ্নিত স্থানে উপযুক্ত সমাজকর্ম পদ্ধতির নাম বসিয়ে ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত ধাপগুলোই উক্ত সমাজকর্ম পদ্ধতির জন্য যথেষ্ট নয়— বিশ্লেষণ কর। ৪

# রূপসী বাংলা কলেজ, কুমিল্লা

বিষয় কোড : 2 7 1

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট — **সমাজকর্ম প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** — পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১▸ জনাব আব্দুল আলীম ঢাকা বিশ্ববিদ্যালয়ে সামাজিক বিজ্ঞানের এমন একটি বিষয় নিয়ে অধ্যয়ন করছে, যা মূলত শিল্পবিপ্লবের পরে জন্ম হয়েছে। উক্ত বিষয়টিতে বৈজ্ঞানিক জ্ঞানের ভিত্তিতে পেশাগত মূল্যবোধ ও নীতির মধ্য থেকে মনোসামাজিক সমস্যার সমাধান দিয়ে থাকে।

ক. সমাজকর্ম কী? ১
খ. 'সমাজকর্ম একটি সাহায্যকারী পেশা'– বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে কোন বিষয়ের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. বাংলাদেশের আর্থসামাজিক প্রেক্ষাপটে উক্ত বিষয়ের গুরুত্ব বর্ণনা কর। ৪


২▸ অষ্টাদশ শতাব্দীর শেষার্ধ থেকে উনবিংশ শতাব্দীর প্রথমার্ধ পর্যন্ত ইংল্যান্ড তথা সমগ্র ইউরোপজুড়ে উৎপাদন ব্যবস্থায় এক যুগান্তকারী পরিবর্তন ঘটে। তৎকালীন সময়ে কৃষকরা কৃষিকাজে 'লাঙল-বলদের পরিবতর্তে ট্রাক্টর' ব্যবহার শুরু করে। অনেকে কৃষিকাজ ছেড়ে শহরাঞ্চলে শিল্পকারখানায় কাজ নেয়। ফলে বেকারত্ব, পারিবারিক বিশৃঙ্খলা, পেশাগত দুর্ঘটনা ও কুটিরশিল্পের বিলুপ্তিসহ বহু জটিল সমস্যা সৃষ্টি হয়। অর্থাৎ 'যুগান্তকারী পরিবর্তনটি অবিমিশ্র আশীর্বাদ নয়'– বলে চিহ্নিত হতে লাগল।

ক. NASW-এর পূর্ণরূপ কী? ১
খ. দান সংগঠন সমিতি বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে যুগান্তকারী পরিবর্তনটি কোন বিষয়ের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'যুগান্তকারী পরিবর্তন অবিমিশ্র আশীর্বাদ নয়।'– উক্তিটি উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৩▸ 'ক' রাষ্ট্র তাদের দরিদ্র ব্যক্তিদের কল্যাণে একটি আইন প্রণয়ন করে। এ আইনে রাষ্ট্র দরিদ্রদের দায়িত্ব গ্রহণ করার পাশাপাশি অসচ্ছল দরিদ্রদের দায়িত্ব নেওয়ার জন্য সচ্ছল আত্মীয়স্বজনদের বাধ্য করা হয়। দরিদ্রদের সাহায্য করার সুবিধার্থে তাদেরকে তিন ভাগে ভাগ করা হয়।

ক. কোথায় সমাজকর্মের পরিপূর্ণতা লাভ করে? ১
খ. পঞ্চদৈত্য বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে 'ক' রাষ্ট্রের আইনটি কোন বিখ্যাত দরিদ্র আইনের সাথে সামঞ্জস্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত আইনের মাধ্যমে দরিদ্রদের বিভিন্ন শ্রেণিতে বিভক্ত করা। যথার্থতা তুলে ধর। ৪

৪▸ নিচের ছকটি এবং প্রশ্নগুলোর উত্তর দাও




ক. সমাজকর্ম পেশার সর্বপ্রথম সংগঠনের নাম কী? ১
খ. আত্মনিয়ন্ত্রণ অধিকার বলতে কী বোঝায়? ২
গ. প্রদত্ত ছকে '?' চিহ্নিত স্থানটি কোন বিষয়কে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্তত বিষয়টির গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৫▸ 'ক' রাষ্ট্রে প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল নামে একটি তহবিল রয়েছে। রাষ্ট্রের বিভিন্ন উৎস থেকে এ তহবিল গঠিত হয়। সেই সম্পদ রাষ্ট্রের দুস্থ, দরিদ্র ও আশ্রয়হীন জনগণের কল্যাণে ব্যবহার করা হয়।

ক. ওয়াক্‌ফ অর্থ কী? ১
খ. সমাজ সংস্কার বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে 'ক' রাষ্ট্রের গৃহীত ব্যবস্থা সনাতন সমাজকল্যাণের কোন ব্যবস্থার সাথে সামঞ্জস্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. সমাজকল্যাণে এ ধরনের ব্যবস্থার গুরুত্ব আছে কি? এ বিষয়ে তোমার মতামত দাও। ৪

৬▸ সমাজে বসবাসরত দরিদ্র, বৃদ্ধ, অসুস্থ, বিধবা, এতিম ও ভূমিহীনদের সহায়তার জন্য সরকার ত্রাণ কার্যক্রম, বয়স্ক ভাতা, বিধবা ভাতা, বিনামূল্যে চিকিৎসা, এতিমখানা, গুচ্ছগ্রাম ও আশ্রয়ণ গ্রহণ করেছে। এছাড়াও গ্রামীণ বেকার ও অর্ধ বেকার মানুষদের জন্য কাবিখা, কাবিটা ও জরুরি কর্মসংস্থান কর্মসূচি হাতে নিয়ে সরকার সকল শ্রেণির অধিকার সংরক্ষণে কাজ করছে।

ক. যাকাত কী? ১
খ. বায়তুল মালের ধারণা দাও। ২
গ. উদ্দীপকে সামাজিক নিরাপত্তা কোন কর্মসূচি নির্দেশ করছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত কর্মসূচির প্রয়োজনীয়তা বিশ্লেষণ কর। ৪

৭▸ এটি এমন একটি প্রতিষ্ঠান যা সরকারি ও বেসরকারি উদ্যোগে পরিচালিত হয়। তা রাস্তার দুই পাশে নির্মাণ করা হতো। ক্লান্ত পথিক, পীর, ফকির, দরবেশ, আউলিয়া, মুসাফির ও পর্যটকদের বিনামূল্যে নিরাপদ বিশ্রাম, খাদ্য, পানীয় সরবরাহ, রাত্রিযাপন এবং চিকিৎসা সেবা প্রদান করা হতো। বর্তমানে এই প্রতিষ্ঠানে পরিবর্তনে আবাসিক হোটেল, অবকাশ কেন্দ্র, ডাকবাংলো ইত্যাদির পথিকদের সেবা দেওয়া হয়।

ক. ওয়াকফ কী? ১
খ. দানশীলতা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে কোন সমাজকল্যাণমূলক প্রতিষ্ঠানের প্রতি ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উক্ত সমাজকল্যাণমূলক প্রতিষ্ঠানের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৮▸ জনাব 'জ' আর্থিকভাবে সচ্ছল একজন ব্যক্তি। তার দুই ছেলেমেয়ে তাদের সবাই বিদেশে চাকরিরত। ছেলেমেয়েদের অনুরোধে তিনি বিদেশে যেতে রাজি হলেন। যাওয়ার পূর্বে তিনি তার সম্পদের বিশাল অংশ স্কুল, কলেজ, এতিমখানা, মাদ্রাসা ও আত্মীয়স্বজনের মাঝে স্থায়িভাবে দান করে যান। তার ওই দানের সুবাদে অনেক অসহায় ছেলেমেয়ে দেশের সম্পদ হয়ে ওঠে, ধর্মীয় কাজেও ব্যবহৃত হয় তার সম্পদ।

ক. সরাইখানার আধুনিক রূপ কী? ১
খ. দেবোত্তর বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত ব্যক্তির দান ইসলামের পরিভাষায় কী বলে? ব্যাখ্যা কর। ৩
ঘ. এদেশের আর্থসামাজিক উন্নয়নে উক্ত দানের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৯▸ পেশাদার সমাজকর্মী সায়েম সমস্যা সমাধানে যে প্রক্রিয়া অনুসরণ করেন তার কতগুলো ধাপ বা পর্যায় রয়েছে। সমাজকর্মী সায়েম দলীয় সমস্যা সমাধানে সক্ষমকারী, উপদেষ্টা, শিক্ষক, নেতা, সমন্বয়কারী, তত্ত্বাবধায়কের ভূমিকা পালন করে দলীয় সদস্যদের বিভিন্ন সেবা প্রদানের মাধ্যমে দলের সামগ্রিক উন্নয়নে সহায়তা করেন।

ক. ব্যক্তি সমাজকর্মের উপাদান কয়টি? ১
খ. সমষ্টি সংগঠন বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে সায়েমের অনুসরণীয় প্রক্রিয়ায় ধাপগুলো সমাজকর্মের পদ্ধতির অংশ? ব্যাখ্যা কর। ৩
ঘ. সমাজকর্মী হিসেবে সায়েমের প্রক্রিয়া ধাপগুলো তোমার পাঠ্যবইয়ের আঙ্গিকে ব্যাখ্যা কর। ৪

১০▸ মি. বার্কার একজন সমাজকর্মী। তিনি তার কাছে আগত সাহায্যপ্রার্থীদের কখনো রেস্টুরেন্টে, কখনো তার বাড়িতে, কখনো বাজারে সাক্ষাৎ করতে বলেন। এতে সাহায্যপ্রার্থীরা বিরক্ত হয়ে সাক্ষাৎ করতে আসে না।

ক. সমাজকর্মের সহায়ক পদ্ধতি কয়টি? ১
খ. পেশাদার প্রতিনিধি বলতে কী বোঝায়? ২
গ. মি. বার্কারের ব্যক্তি সমাজকর্মের কোন উপাদানের অভাব রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে মি. বার্কারের ভূমিকা পেশাগত সম্পর্ক স্থাপনের সহায়ক নয়– বিশ্লেষণ কর। ৪

১১▸ কাশেম সাহেব তার মাদকাসক্ত ছেলের সংশোধনের জন্য একটি নিরাময় কেন্দ্রে নিয়ে গেলেন। এখানে কর্মরত সমাজকর্মী সমাজকর্মের মৌলিক পদ্ধতির একটি প্রক্রিয়া অনুসরণ করে মাদকাসক্ত ছেলেটির সমস্যা সমাধানে চেষ্টা করেন।

ক. Rapport শব্দের অর্থ কী? ১
খ. সমাজকর্ম প্রশাসন বলতে কী বোঝা? ২
গ. উদ্দীপকের সমাজকর্মের কোন মৌলিক পদ্ধতির ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে ইঙ্গিতকৃত পদ্ধতিটি মাদকাসক্ত ছেলেটির সমস্যা সমাধানে ভূমিকা রাখতে পারে– ব্যাখ্যা কর। ৪

# ভোলা সরকারি কলেজ

বিষয় কোড : 2 7 1

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

## সমাজকর্ম প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ কানিজ ঢাকা বিশ্ববিদ্যালয়ে সামাজিক বিজ্ঞানের এমন একটি বিষয় নিয়ে অধ্যয়ন করছে যে বিষয়টি বৈজ্ঞানিক জ্ঞান, ব্যবহারিক দক্ষতা ও সুনির্দিষ্ট মূল্যবোধভিত্তিক এমন একটি পেশা, যা কতকগুলো পদ্ধতির মাধ্যমে সামাজিক সমস্যার বিজ্ঞানসম্মত সমাধান দিতে সক্ষম।


ক. পদ্ধতি কী? ১

খ. সমাজকর্ম একটি সাহায্যকারী পেশা- বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকে কানিজ সামাজিক বিজ্ঞানের কোন বিষয়ে অধ্যয়ন করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে কানিজের অধ্যয়নকৃত বিষয়টির জ্ঞান সামাজিক সমস্যা সমাধানে কীভাবে ভূমিকা রাখতে পারে? বিশ্লেষণ কর। ৪

২ ▶




ক. পেশা কোন ভাষার শব্দ? ১

খ. আত্মনিয়ন্ত্রণের অধিকার ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের ছকে সমাজকর্মের কোন বিষয় প্রকাশ পেয়েছে? মতামত দাও। ৩

ঘ. উক্ত বিষয়গুলো মেনে চলার ওপরই পেশাদার সমাজকর্মের সফলতা নির্ভর করে– তোমার মতামত দাও। ৪

৩ ▶ সমাজকর্ম একটি সাহায্যকারী পেশা। শিল্পবিপ্লবের ফলে সৃষ্ট জটিল আর্থসামাজিক সমস্যা সমাধানের জন্য পেশাটির যাত্রা। বর্তমানে মনো-সামাজিক সমস্যা বৃদ্ধির প্রেক্ষিতে বিষয়টির গুরুত্ব ও পরিধি ক্রমশ বাড়ছে।

ক. সমাজকর্মের বিকাশ হয় কোন দেশে? ১

খ. সমাজকর্মে 'ত্রিমুখী' ভূমিকা বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের আলোকে সমাজকর্মের গুরুত্ব ব্যাখ্যা কর। ৩

ঘ. সমাজকর্মের পরিধি ক্রমবর্ধমান– বিশ্লেষণ কর। ৪

৪ ▶ সড়ক দুর্ঘটনায় পা হারিয়ে রনি মিয়া সিইপিজেড এলাকায় ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত। তার পাশেই কালু মিয়া সুস্থ ও সামর্থ্যবান হওয়া সত্ত্বেও একই পদ্ধতিতে সাহায্য কামনা করেন। এজন্য তাদের মধ্যে প্রায়ই ঝগড়া হয়। পথচারী করিম তাদের অবস্থা দেখে ইংল্যান্ডের ১৬০১ সালের দরিদ্র আইনের কথা স্মরণ করে।

ক. ১৯০৫ সালের দরিদ্র আইন কমিশনের সভাপতি কে ছিলেন? ১

খ. পেশাগত দুর্ঘটনা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে রনি মিয়া ১৬০১ সালের দরিদ্র আইনের আলোকে কোন শ্রেণির দরিদ্র? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত আইনে রনি ও কালু মিয়াদের মতো দরিদ্রদের অবস্থার উন্নয়নে কী ধরনের কার্যক্রম উল্লেখ আছে তা বিশ্লেষণ কর। ৪

৫ ▶ জুয়েল বরিশাল মেডিকেল কলেজ থেকে এমবিবিএস পাস করে একটি হাসপাতালে সেবার বিনিময়ে জীবিকা নির্বাহ করেন। অন্যদিকে শফিক এসএসসি পাস করে কৃষিকাজ করে জীবিকা নির্বাহ করেন।

ক. মূল্যবোধ কী? ১

খ. পেশা ও বৃত্তির দুটি পার্থক্য উল্লেখ কর। ২

গ. উদ্দীপকে জুয়েলের জীবিকা নির্বাহের উপায়কে কী বলে? ব্যাখ্যা কর। ৩

ঘ. জুয়েল ও শফিকের জীবিকা নির্বাহের মধ্যে মিল থাকলেও অমিল রয়েছে- বিশ্লেষণ কর। ৪

৬ ▶ বাংলাদেশ সরকার দুস্থ, দরিদ্র ও অক্ষম জনগোষ্ঠীকে রক্ষার জন্য বয়স্ক ভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতা, অতি দরিদ্রদের কর্মসংস্থান প্রভৃতি কর্মসূচি পরিচালনা করছে। সামাজিক নিরাপত্তা বেষ্টনী হিসেবে এসব কর্মসূচির বিশেষ তাৎপর্য রয়েছে।

ক. বায়তুল মাল কী? ১

খ. সমাজকল্যাণ ও সমাজকর্মের পার্থক্য লেখ। ২

গ. উদ্দীপকে কোন ধরনের সামাজিক নিরাপত্তার ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত নিরাপত্তা বেষ্টনীর তাৎপর্য তুলে ধর। ৪

৭ ▶ কায়েস সাহেব তার মাদকাসক্ত ছেলেকে সংশোধনের জন্য একটি নিরাময় কেন্দ্রে নিয়ে গেলেন। সেখানে কর্মরত সমাজকর্মী সমাজকর্মের মৌলিক পদ্ধতির একটি প্রক্রিয়া অনুসরণ করে মাদকাসক্ত ছেলেটির সমস্যা সমাধানের চেষ্টা করেন।

ক. সমাজকর্মের সহায়ক পদ্ধতি কাকে বলে? ১

খ. মনো-সামাজিক অনুধ্যান বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে সমাজকর্মের কোন মৌলিক পদ্ধতির ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উদ্দীপকে ইঙ্গিতকৃত পদ্ধতিটি মাদকাসক্ত ছেলেটির সমস্যা সমাধানে ভূমিকা রাখতে পারে'– বিশ্লেষণ কর। ৪

৮ ▶ আদনান সাহেব উচ্চশিক্ষিত ব্যক্তি। তিনি তার গ্রামের অনুন্নত জনগোষ্ঠীর শিক্ষা, স্বাস্থ্য, পুষ্টি, বিনোদন প্রভৃতির উন্নয়নে কতিপয় কর্মসূচি গ্রহণ করেন। সেক্ষেত্রে সমাজকর্মের একটি মৌলিক পদ্ধতির উপাদান হিসেবে অনুসন্ধান, শনাক্তকরণ, পরিকল্পনা প্রণয়ন, সেবা প্রদান, মূল্যায়ন প্রভৃতি ধাপ অনুসরণ করেন।

ক. গবেষণা কী? ১

খ. সমষ্টি সংগঠন ধারণাটি ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে আদনান সাহেব সমাজকর্মের কোন মৌলিক পদ্ধতির প্রক্রিয়া অনুসরণ করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. গ্রামীণ জনগোষ্ঠীর সমস্যা সমাধানে উক্ত মৌলিক পদ্ধতির উপাদান হিসেবে এর কর্মপ্রক্রিয়া ব্যাখ্যা কর। ৪

৯ ▶ জসিমউদ্দিন তাঁতি দীর্ঘদিন তাঁতে কাপড় বুনে জীবনযাপন করে। কিন্তু যন্ত্রের তাঁত আসার ফলে টেক্সটাইল মিলে কাপড় বোনা শুরু হয়। শিল্পাঞ্চল ও শহরাঞ্চলে বেকার ও অর্ধবেকাররা কাজের আশায় ছুটে আসে। ফলে উৎপাদন বৃদ্ধি পায়। অবকাঠামোগত সুবিধা, মানুষের আরাম-আয়েশ প্রভৃতি বৃদ্ধি পায়। তার মতো অনেকের কুটির শিল্প ধ্বংস হয়। শুধু তাই নয়, মানুষ শিল্পাঞ্চল ও শহরাঞ্চলে আসার ফলে সামাজিক বিচ্ছিন্নতা, একাকীত্ব, দুর্ঘটনা, অপরাধ, মাদকাসক্তিসহ নানা আর্থ-মনো-সামাজিক সমস্যা সৃষ্টি হয়।

ক. শিল্পবিপ্লব কখন শুরু হয়? ১

খ. 'আধুনিক সমাজকর্মের উদ্ভাবক শিল্পবিপ্লব'– কথাটি বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের আলোকে শিল্পবিপ্লবের নেতিবাচক দিকগুলো ব্যাখ্যা কর। ৩

ঘ. শিল্পবিপ্লব অবিমিশ্রিত আশীর্বাদ নয়– বিশ্লেষণ কর। ৪

১০ ▶ পারিবারিক সম্মতিতেই আশা ও জনির বিয়ে হয়। বিয়ের কিছুদিন পর তাদের মধ্যে মনোমালিন্য দেখা দেয়, যা পরবর্তীতে দাম্পত্য কলহে রূপ নেয়। এ অবস্থায় আশা অসহায় হয়ে পড়ে এবং একজন সমাজকর্মীর শরণাপন্ন হয়।


ক. সমাজকর্ম পদ্ধতি কী? ১

খ. গোপনীয়তা নীতি বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে আশার সমস্যা সমাধানে সমাজকর্মের কোন মৌলিক পদ্ধতি প্রয়োগ করা যেতে পারে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত পদ্ধতির সমস্যা সমাধান প্রক্রিয়া যথাযথ অনুসরণের মাধ্যমে সমস্যা সমাধান দ্রুততর হয়– বিশ্লেষণ কর। ৪

১১ ▶




ক. প্রশাসন কী? ১

খ. সামাজিক দল বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে '?' চিহ্নিত স্থানে কোন মৌলিক পদ্ধতি নির্দেশ করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকে উল্লিখিত পদ্ধতিই সমস্যা সমাধানে যথেষ্ট নয়।"– বিশ্লেষণ কর। ৪

# দিনাজপুর সরকারি মহিলা কলেজ

বিষয় কোড : 2 7 1

## সমাজকর্ম প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১▶ সাম্প্রতিক সময়ে বাংলাদেশে মাদকাসক্ততা, কিশোর অপরাধসহ বিভিন্ন সামাজিক সমস্যা প্রকট আকার ধারণ করেছে। অনাকাঙ্ক্ষিত খুন, আত্মহত্যার মতো ঘটনাও সমাজে বৃদ্ধি পেয়েছে। এ সকল সমস্যার সমাধানে সমাজকর্মের শিক্ষা অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

ক. সমাজকর্মের ইংরেজি প্রতিশব্দ কী? ১
খ. সমাজকর্মকে অনুশীলনধর্মী পেশা বলা হয় কেন? ২
গ. উদ্দীপকটিতে সমাজকর্মের কোন বিষয়টিকে ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের শেষোক্ত মন্তব্যটি তুমি কি সমর্থন কর? যৌক্তিক মতামত দাও। ৪

২▶ শরীফ মিয়া ঢাকা শহরের একটি ছোট্ট ভিক্ষুক দলের সদস্য। তার ভিক্ষুক দলে রয়েছে শারীরিক এবং মানসিক প্রতিবন্ধী চারজন সদস্য। এছাড়া রয়েছে দিপু নামের এক অনাথ শিশু। এরা সকলেই নানা অঙ্গভঙ্গির মাধ্যমে পথচারীদের সহানুভূতিপূর্ণ দৃষ্টি আকর্ষণ করে ভিক্ষা আদায় করে।

ক. নগরায়ণ কী? ১
খ. শিল্প দুর্ঘটনা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে দিপু ১৬০১ সালের দরিদ্র আইন অনুযায়ী কোন শ্রেণির দরিদ্র বলে বিবেচিত? ব্যাখ্যা কর। ৩
ঘ. দিপু ছাড়াও অপর দরিদ্রদের জন্য ১৬০১ সালের দরিদ্র আইনটি যে বিশেষ ভূমিকা রাখতে সক্ষম— তা বিশ্লেষণ কর। ৪

৩▶ একই গ্রামের দুইজন ধর্মপ্রাণ ব্যক্তি হলেন রমেশ ও সজীব মিয়া। রমেশ তার সম্পত্তির সম্পূর্ণ অংশ ধর্মীয় কাজে ও মাতৃ-পিতৃহীন শিশুদের রক্ষার জন্য দান করে গেছেন। অন্যদিকে, সজীব মিয়া তার সম্পত্তির অর্ধেক অংশ মসজিদ, মাদ্রাসা ও এতিমখানার জন্য স্থায়ীভাবে দান করে গেছেন।

ক. ওয়াক্‌ফ শব্দের অর্থ কী? ১
খ. সামাজিক আন্দোলন বলতে কী বোঝ? ২
গ. রমেশ-এর দানকার্যটি সনাতন সমাজকর্মের কোন প্রত্যয়টিকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. রমেশ এবং সজীব মিয়ার দানকার্য বর্তমান সমাজে কতটা গুরুত্ব বহন করে— বিশ্লেষণ কর। ৪

৪▶ মিস্টার জামান একজন সমাজকর্মী। তিনি তার কাছে আগত সাহায্যপ্রার্থীদের কখনো তার নিজ বাড়িতে, কখনো বাজারে আবার কখনো রেস্টুরেন্টে সাক্ষাৎ করতে বলেন। এতে সাহায্যপ্রার্থীরা প্রথমবার সাক্ষাৎ করতে আসলেও দ্বিতীয়বার বিরক্ত হয়ে আর সাক্ষাৎ করতে আসেন না।

ক. সমাজকর্মের মৌলিক পদ্ধতি কী কী? ১
খ. Rapport বলতে কী বোঝায়? ২
গ. মিস্টার জামানের মধ্যে ব্যক্তি সমাজকর্মের কোন উপাদানের উপস্থিতির অভাব রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপমে মিস্টার জামানের ভূমিকা পেশাগত সম্পর্ক স্থাপনে সহায়ক নয়— বিশ্লেষণ কর। ৪

৫▶ দইপাড়া এলাকায় চাষিরা এখন হাল চাষে লাঙ্গল-বলদের পরিবর্তে ট্রাক্টর ব্যবহার করছে। আগে ওই এলাকায় ছোট ছোট যন্ত্র ব্যবহার করে ঘরে বসে নারী-পুরুষ সকলেই শিল্পদ্রব্য তৈরি করত। এখন বৃহৎ যন্ত্রপাতির ব্যবহার করে কলকারখানায় বিভিন্ন দ্রব্য উৎপাদন করা হচ্ছে। এতে করে ওই এলাকায় বেকারত্বের হার যেমন কমেছে, ঠিক তেমনি মানুষের জীবনযাত্রায় সচ্ছলতা এসেছে।

ক. এলিজাবেথীয় দরিদ্র আইন কোনটি? ১
খ. সামাজিক বিচ্ছিন্নতা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকটির বর্ণিত এলাকায় কোন ঘটনার প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত ঘটনা এলাকার জনগণের জন্য আশীর্বাদস্বরূপ— কথাটি বিশ্লেষণ কর। ৪

৬▶ জনাব মশিউর ছেলেমেয়েদের সম্পূর্ণ স্বাধীনতা দিয়েই বড় করে তুলেছেন। পড়াশোনার পাশাপাশি জীবনসংক্রান্ত যাবতীয় সিদ্ধান্ত তিনি তাদের ওপরেই ছেড়ে দিয়েছেন। তার সন্তানরাও বাবা-মাকে অত্যন্ত শ্রদ্ধা করে। সমাজের অন্যান্য ক্ষেত্রেও মশিউর সাহেবের সন্তানরা যথাযথ আচরণ প্রদর্শন করে থাকে।

ক. মূল্যবোধ কোন ধরনের প্রত্যয়? ১
খ. সামাজিক মূল্যবোধ বলতে কী বোঝায়? ২
গ. জনাব মশিউরের জীবন আচরণে সমাজকর্মের কোন মূল্যবোধের ইঙ্গিত পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত মূল্যবোধের যথাযথ চর্চা সমাজে সামাজিক সংহতি এবং সামাজিক সংগতি বৃদ্ধি করে— বিশ্লেষণ কর। ৪

৭▶ গাজীপুরের টঙ্গীতে বাংলাদেশ সরকার ১৯৭৮ সালে কিশোর উন্নয়ন কেন্দ্র স্থাপন করে। এ কেন্দ্রে প্রায় ৫০০ জন কিশোর রয়েছে। মূলত সংশোধনের উদ্দেশ্যে এখানে কিশোরদের রাখা হয়েছে। অপরাধ সংশোধনের মাধ্যমে কিশোরদের সমাজে পুনর্বাসন করাই এ কিশোর উন্নয়ন কেন্দ্রের প্রধান লক্ষ্য।

ক. ব্যক্তির সমাজকর্মের উপাদান কয়টি? ১
খ. পেশাদার প্রতিনিধি বলতে কী বোঝায়? ২
গ. সমাজকর্মের কোন পদ্ধতিটি কিশোর উন্নয়ন কেন্দ্রের জন্য প্রযোজ্য? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত পদ্ধতিটি আর কোন কোন ক্ষেত্রে ভূমিকা রাখতে পারে? মতামত দাও। ৪


৮▶ শাফিনাদের গ্রামের মেয়েরা শিক্ষা গ্রহণ করছে না। তারা নানা বাধা-বিঘ্নের কারণে নিজেদের পড়ালেখা চালিয়ে যেতে পারছে না। ফলে সেখানে নারী শিক্ষার হার একেবারেই কম। সাফিনা বাড়ি বাড়ি গিয়ে মেয়েদের শিক্ষার জন্য উজ্জীবিত করে। সে অভিভাবকদের বুঝিয়ে নিজ উদ্যোগে নিজের অর্থ খরচ করে একটি বালিকা বিদ্যালয় স্থাপন করে। যাতে করে এলাকার মেয়েরা নিজেদেরকে শিক্ষিত করে তুলতে পারে।

ক. দেবোত্তর কত প্রকার? ১
খ. ধর্মগোলা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের শাফিনার কর্মকাণ্ডের সাথে তোমার পাঠ্যবইয়ের কোন ব্যক্তির কর্মকাণ্ডের সাদৃশ্য পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. নারী সমাজের কল্যাণে সেই ব্যক্তির অবদান আলোচনা কর। ৪

৯▶ মাসুদ সাহেব একজন ধর্মপ্রাণ মুসলমান। ইহকালীন কল্যাণ ও পারলৌকিক মুক্তি সাধনে তিনি ইসলামের একটি অন্যতম ফরজ যথাযথভাবে পালন করেন। তিনি একজন সম্পদশালী ব্যক্তি এবং ফরজ কাজটি পালন গরিবদের অধিকার বলে তিনি বিশ্বাস করেন।

ক. সরাইখানার আধুনিক রূপ কী? ১
খ. বায়তুল মাল বলতে কী বোঝায়? ২
গ. মাসুদ সাহেব কিছু শর্তপূরণ সাপেক্ষে উদ্দীপকে বর্ণিত ফরজ কাজটি পালন করেন— ব্যাখ্যা কর। ৩
ঘ. বাংলাদেশের প্রেক্ষিতে মাসুদ সাহেবের কার্যক্রমের গুরুত্ব মূল্যায়ন কর। ৪

১০▶




ক. সমাজকর্মের সহায়ক পদ্ধতি কয়টি? ১
খ. ব্যক্তি সমাজকর্মে ব্যক্তির তিনটি বৈশিষ্ট্য লেখ। ২
গ. উদ্দীপকে '?' চিহ্নিত স্থানে উপযুক্ত সমাজকর্ম পদ্ধতিটির নাম বসিয়ে ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত ধাপগুলোই উক্ত সমাজকর্ম পদ্ধতির জন্য যথেষ্ট নয়— বিশ্লেষণ কর। ৪

১১▶ দ্বিতীয় বিশ্বযুদ্ধের প্রভাবে সৃষ্ট সমস্যা মোকাবিলাকল্পে 'ক' দেশের সেবামূলক কর্মসূচি পরিচালনার জন্য একটি কমিটি প্রণয়ন করা হয়। উক্ত কমিটি যেসব সুপারিশ পেশ করে তার মধ্যে উল্লেখযোগ্য হলো সামাজিক বীমা, সামাজিক সাহায্য, পারিবারিক ভাতা ও দুর্যোগ মোকাবিলা কর্মসূচি। কমিটি কর্তৃক পেশকৃত সুপারিশের প্রেক্ষিতে প্রণীত কর্মসূচিসহ পরবর্তীকালে 'ক' দেশকে একটি কল্যাণ রাষ্ট্রের মর্যাদা এনে দেয়।

ক. প্যারিশ কী? ১
খ. ১৮৩৪ সালের দরিদ্র আইন সংস্কার বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে উল্লিখিত সুপারিশসমূহের ব্যাখ্যা দাও। ৩
ঘ. উক্ত সুপারিশের প্রেক্ষিতে গৃহীত কর্মসূচিসমূহ তোমার পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

# আনন্দ মোহন কলেজ, ময়মনসিংহ

বিষয় কোড : 2 7 1

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

## সমাজকর্ম প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। জান্নাত আক্তার একটি বিষয় অধ্যয়ন করে জানতে পারে যে, উক্ত বিষয়টির সুসংগঠিত কর্মপদ্ধতি রয়েছে, এটি সামগ্রিক কল্যাণের দিক বিবেচনা করে এবং এটি একটি সক্ষমকারী প্রক্রিয়া।
ক. ওয়ার্নার ডব্লিউ বোহেমের মতে সমাজকর্মের লক্ষ্য কয়টি? ১
খ. সামাজিক কার্যক্রম বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে জান্নাত আক্তারের পঠিত বিষয়টির যেসব বৈশিষ্ট্য প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত বিষয়ের এ ছাড়াও আরও অনেক বৈশিষ্ট্য রয়েছে— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

২। জনাব ইউনুস সাহেব পত্রিকায় একটি নিবন্ধ লিখেন। সেখানে তিনি উল্লেখ করেন, বর্তমান শিল্প বিপ্লবোত্তর সমাজের জটিল ও বহুমুখী সমস্যা যেমন— পারিবারিক বিশৃঙ্খলা, সামাজিক বিচ্ছিন্নতা, কিশোর অপরাধ, মাদকাসক্তি, জলবায়ু পরিবর্তন ইত্যাদি সমস্যা মোকাবিলায় সমাজকর্মের গুরুত্ব তুলে ধরেন।
ক. অক্ষম দরিদ্র কারা? ১
খ. NASW-এর উদ্দেশ্য লেখ। ২
গ. উদ্দীপকের আলোকে সমাজকর্ম শিক্ষার গুরুত্ব তুলে ধর। ৩
ঘ. আধুনিক গতিশীল সমাজের জটিল ও বহুমুখী সমস্যার সমাধানে সমাজকর্ম অঙ্গীকারবদ্ধ— বিশ্লেষণ কর। ৪

৩। সমাজকর্মের শিক্ষক ক্লাসে বলেন যে, ১৬০১ সালে ইংল্যান্ডে যে দরিদ্র আইন পাস হয় তাতে নানা ত্রুটি থাকার কারণে আইনটি সফলতা অর্জন করতে পারেনি। ফলে প্রায় আড়াইশ বছর পর আইনটি সংশোধন করা হয়। কিন্তু সংস্কারকৃত আইনটিও কার্যকর ভূমিকা রাখতে পারেনি।
ক. কত সালে বিভারিজ রিপোর্ট প্রণয়ন করা হয়? ১
খ. শিল্পবিপ্লব বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে শিক্ষক কোন আইনের প্রতি ইঙ্গিত করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. সংস্কারকৃত আইনটিও কার্যকর ভূমিকা রাখতে পারেনি— উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

৪। 'ক' দেশে সমাজসেবা কর্মসূচির সংস্কার সাধনের জন্য রফিক উদ্দীনের নেতৃত্বে একটি কমিটি গঠন করা হয়। কমিটি সামাজিক অগ্রগতির প্রতিবন্ধক হিসেবে পাঁচটি বিষয়কে চিহ্নিত করে। এসব থেকে মুক্তির জন্য কমিটি কিছু সুপারিশ করে।
ক. অক্ষম দরিদ্র কারা? ১
খ. পেশা ও বৃত্তির সম্পর্ক লেখ। ২
গ. উদ্দীপকে 'ক' দেশের রিপোর্টির সাথে তোমার পঠিত কোন রিপোর্টের মিল আছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত রিপোর্টটি ইংল্যান্ডের সামাজিক নিরাপত্তা কাঠামোতে কী ভূমিকা রেখেছিল? বিশ্লেষণ কর। ৪

৫। মনির হোসেন একজন প্রকৌশলী। তিনি বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় হতে পড়াশোনা করেছেন। এখন তিনি প্রকৌশল জ্ঞানের বাস্তব প্রয়োগ করে জনগণকে সেবা দিচ্ছেন। কিন্তু তার ভাই পড়াশোনা না করায় বর্তমানে ব্যবসা করে জীবিকা নির্বাহ করছে।
ক. পেশার আভিধানিক অর্থ কী? ১
খ. সম্পদের সদ্ব্যবহার বলতে কী বোঝ? ২
গ. মনির হোসেনের সেবাদান কার্যক্রমকে সমাজকর্ম পেশার বৈশিষ্ট্যের আলোকে বিশ্লেষণ কর। ৩
ঘ. মনির হোসেন ও তার ভাইয়ের কাজের পার্থক্য রয়েছে— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৬। জনাব তাহসিন করিম একজন সমাজকর্মী। তিনি তার নিকট আগত সমস্যাগ্রস্ত ব্যক্তিদের যথাযথ মর্যাদা দেন এবং সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে ব্যক্তির মতামতের গুরুত্ব দেন।
ক. বৃত্তি কী? ১
খ. সামাজিক মূল্যবোধ বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে জনাব তাহসিন সমাজকর্মের কোন কোন মূল্যবোধ অনুসরণ করেছেন? চিহ্নিত কর। ৩
ঘ. ব্যক্তির সুপ্ত প্রতিভা বিকাশে উক্ত মূল্যবোধগুলোর ভূমিকা আলোচনা কর। ৪

৭। জনাব ইলিয়াস হোসেন একজন সম্পাদশালী ব্যক্তি। তিনি তার গ্রামে ঈদগাহ স্থাপনের জন্য নিজের জমি বিনামূল্যে রেজিস্ট্রি করে দেন। তিনি বলেন যে, ধর্মীয় কাজে তিনি এ সম্পত্তি নিঃশর্তে দান করেছেন।
ক. নিসাব পরিমাণ সম্পদ কী? ১
খ. যাকাত ব্যয়ের খাতগুলো লেখ। ২
গ. উদ্দীপকে জনাব ইলিয়াসের জমি দান তোমার পঠিত কোন বিষয়ের সাথে মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত বিষয়টির গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৮। জনাব রাসেদা বেগমের স্বামী একজন সরকারি চাকরিজীবী। সম্প্রতি তার স্বামীর মৃত্যু হওয়ায় সন্তানদের নিয়ে অসহায় অবস্থায় পড়েন। কিন্তু সরকার একটি বিশেষ তহবিল থেকে তাকে তার স্বামীর বেতনের পরিমাণ মাসিক ভাতা প্রদান করে থাকে।
ক. সদকা কী? ১
খ. গবেষণা বলতে কী বোঝ? ২
গ. জনাব রাসেদা কী ধরনের সামাজিক নিরাপত্তা সুবিধা ভোগ করছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. বাংলাদেশের এ ছাড়া আরও কিছু সামাজিক নিরাপত্তাব্যবস্থা আছে— কথাটি বিশ্লেষণ কর। ৪

৯। জনাব নজরুল একজন সমাজকর্মী। তিনি তার নিকট আগত সাহায্যার্থীদের সমস্যার কথা মনোযোগ দিয়ে শোনেন এবং প্রয়োজনীয় সাড়া প্রদান করেন। সাহায্যার্থীদের তথ্য তিনি অন্য কারও নিকট প্রকাশ করেন না।
ক. POSDCORB ধারণাটি ব্যাখ্যা কর। ১
খ. ব্যক্তি সমাজকর্মের র‍্যাপো প্রতিষ্ঠার গুরুত্ব কী? ২
গ. উদ্দীপকে শিহাব ব্যক্তি সমাজকর্মের কোন কোন নীতি অনুসরণ করেন? চিহ্নিত কর। ৩
ঘ. এ ছাড়াও জনাব শিহাব সমাজকর্মী হিসেবে আর কী কী নীতি অনুসরণ করবেন? মতামত দাও। ৪

১০। আফরোজা একাদশ শ্রেণির শিক্ষার্থী। তাদের পরিবারে অভাব-অনটনের কারণে মা-বাবার মধ্যে প্রতিনিয়ত ঝগড়া-বিবাদ লেগেই থাকে। এ কারণে আফরোজা পড়াশোনায় মনোযোগ বসাতে পারে না।
ক. প্রশাসন কী? ১
খ. সমাজকর্মকে সাহায্যকারী পেশা বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে আফরোজার পরিবারের সমস্যার সমাধানে সমাজকর্মের কোন মৌলিক পদ্ধতির প্রয়োগ করা যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত পদ্ধতির অন্যান্য প্রয়োগক্ষেত্রগুলো বিশ্লেষণ কর। ৪

১১। সমাজকর্মী খালিদ আহমেদ সামাজিক সমস্যা সমাধানে সমাজকর্মের একটি সহায়ক পদ্ধতির সহায়তায় কিছু ধাপ অনুসরণের মাধ্যমে কাজ করে থাকেন। প্রথমত, তিনি সমস্যা চিহ্নিত করেন। দ্বিতীয়ত, তিনি গবেষণা পরিচালনা করেন। তৃতীয়ত, তিনি সমস্যাটি সম্পর্কে সচেতনতা সৃষ্টি করেন। চতুর্থত, তিনি সমাধান পরিকল্পনা করেন।
ক. সমষ্টি সমাজকর্মের উপাদানগুলো লেখ। ১
খ. সমষ্টি সমাজকর্ম কাকে বলে? ২
গ. উদ্দীপকে খালিদ আহমেদ সমাজকর্মের কোন সহায়ক পদ্ধতির ধাপ অনুসরণ করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. সামাজিক সমস্যা সমাধানে উক্ত পদ্ধতির গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে— মতামত দাও। ৪

# আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা

বিষয় কোড : 2 7 1

সময়—৩০ মিনিট

## সমাজকর্ম প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

**১. সমাজকর্মের ত্রিবিধ ভূমিকা কী?**
K প্রতিকার, প্রতিরোধ, সংস্কার
L প্রতিকার, সংশোধন, উন্নয়ন
M প্রতিকার, প্রতিরোধ, উন্নয়ন
N প্রতিরোধ, প্রতিকার, বাস্তবায়ন

**২. কোন বিষয়গুলোর সমন্বয় সমাজকর্মের স্বতন্ত্র রূপ দিয়েছে?**
K কলা ও ব্যবসায়ের
L ব্যবসায় ও বিজ্ঞানের
M বিজ্ঞান ও নীতিশাস্ত্রের
N কলা ও বিজ্ঞানের

**৩. সমাজকর্মের বহুল প্রচলিত সংজ্ঞা প্রদান করেন কেন?**
K James Midgly L W. A. Friedlander
M Herbert Bisno N Grertrude Wilson
[* বি. দ্র. : সঠিক উত্তর Warner W. Bohem]

**৪. সাহায্যার্থীর অন্তর্নিহিত শক্তি বলতে নিচের কোনটিকে ইঙ্গিত করা হয়?**
K ব্যক্তির সুপ্ত প্রতিভা ও দক্ষতা
L ব্যক্তির মূল্যবোধ
M ব্যক্তির নৈতিকতা N ব্যক্তির সততা

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
রুবেল ঢাকা বিশ্ববিদ্যালয়ের এমন একটি বিষয়ে অধ্যয়ন করছে যে, বিষয়টি মানুষের বহুমুখী সমস্যার কার্যকর সমাধানের জন্য বৈজ্ঞানিক জ্ঞান প্রয়োগ করে থাকে।

**৫. উদ্দীপকের রুবেলের পঠিত বিষয় কোনটি?**
K সমাজবিজ্ঞান L জনবিজ্ঞান
M মনোবিজ্ঞান N সমাজকর্ম

**৬. উদ্দীপকের রুবেলের পঠিত বিষয়টি—**
i. কলা ii. বিজ্ঞান
iii. ব্যবসা
**নিচের কোনটি সঠিক?**
K i ও iii L ii ও iii M i ও ii N i, ii ও iii

**৭. ১৬০১ সালের দরিদ্র আইনের স্থানীয় সংস্থার নাম কী?**
K প্যারিস L ওয়ার্ক হাউস
M কাউন্টি-কাউন্সিল N মিউনিসিপ্যালিটি

**৮. ইংল্যান্ডের প্রথম দরিদ্র আইন প্রণয়ন করেন কে?**
K রানি এলিজাবেথ L মার্টিন লুথার
M রাজা অষ্টম হ্যানরি
N রাজা তৃতীয় এডওয়ার্ড

**৯. দরিদ্র আইন প্রণয়নের উদ্দেশ্য কী ছিল?**
K ধনীদের আইনের আওতায় আনা
L সমাজজীবন থেকে দারিদ্র্য দূর করা
M সামন্তবাদের অবসান
N শাসকদের মন রক্ষা

**১০. বিভারিজ রিপোর্টে সমাজসেবা কার্যক্রমের প্রতিবন্ধক হিসেবে পাঁচটি সমস্যাকে পঞ্চদৈত্য হিসেবে চিহ্নিত করা হয়। ঐ দৈত্য পাঁচটি কী?**
K অভাব, অলসতা, মলিনতা, রোগ-ব্যাধি, এবং অজ্ঞতা
L স্বাস্থ্যহীনতা, অসুস্থতা, শিক্ষাহীনতা এবং বেকারত্ব
M কর্মহীনতা, বিলাসিতা, আলস্য, দরিদ্রতা এবং অজ্ঞতা
N অসুস্থতা, দারিদ্র্য, অভাববোধ, বেকারত্ব এবং শিক্ষাহীনতা

**১১. কোন সমিতির কার্যক্রমের ফলে দরিদ্ররা স্বনির্ভর হয়ে ওঠে?**
K শ্রমিক সমিতির L বণিক সমিতির
M দন সংগঠন সমিতির N সমবায় সমিতির

**১২. শিল্পবিপ্লব-পূর্ববর্তী সময়ে পরিচালিত সমাজসেবামূলক কার্যক্রমের ধরন কেমন ছিল?**
K বিচ্ছিন্ন ও অসংগঠিত
L পুনর্বাসনমূলক
M সংগঠিত
N পুনরাবৃত্তিমূলক

■ **উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :**
বাংলাদেশে আইন শিক্ষার মান উন্নয়নে গড়ে তোলা হয় আইন ও সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠায়, 'আমরা' নামক একটি সংগঠন। এটি শিক্ষার্থীদের ভবিষ্যতে কীভাবে আইন বাস্তবায়ন করতে হবে সেই বিষয়ে দক্ষতাসম্পন্ন করে গড়ে তুলছে।

**১৩. উদ্দীপকের সংগঠনটি নিচের কোন সংগঠনের প্রতিনিধিত্ব করছে?**
K NASW L CSWE
M COS N TSAP

**১৪. উদ্দীপকের আলোকে এ সংগঠনটির উদ্দেশ্য হচ্ছে—**
i. দক্ষ সমাজকর্মী সৃষ্টি
ii. সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠা
iii. সমাজকর্ম শিক্ষার প্রসার
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৫. হিন্দু বিধবা বিবাহ প্রবর্তন করেন কে?**
K রাজা রামমোহন রায়
L বেগম রোকেয়া
M ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
N এ. কে. ফজলুল হক

**১৬. ভাগলপুর বেগম রোকেয়া সাখাওয়াত মেমোরিয়াল গার্লস স্কুল প্রতিষ্ঠিত হয়েছিল কত সালে?**
K ১৯০৯ সালে L ১৯১১ সালে
M ১৯২৯ সালে N ১৯৩১ সালে

**১৭. বর্তমান সময়ে সমাজসেবা কর্মসূচির প্রকৃতি কেমন?**
K সংকীর্ণ ও সীমাবদ্ধ
L সংগঠিত ও পরিকল্পিত
M রক্ষণশীল ও পরিকল্পিত
N অযাচিত ও সীমাবদ্ধ

**১৮. সমাজের এক অবস্থা থেকে অন্য অবস্থায় রূপান্তরকে কী হিসেবে চিহ্নিত করা যায়?**
K রাষ্ট্রীয় পরিবর্তন L গোষ্ঠীগত পরিবর্তন
M ধর্মীয় পরিবর্তন
N সামাজিক পরিবর্তন

**১৯. জীবিকা নির্বাহের উপায় যার জন্য উচ্চতর দক্ষতা ও নৈপুণ্যের অধিকারী হতে হয়, তাকে কী বলে?**
K বৃত্তি L পেশা
M উপপেশা N উপবৃত্তি

**২০. কোনটি না থাকলে কোন কোন বৃত্তি পেশা হিসেবে স্বীকৃতি নাও পেতে পারে?**
K পারিবারিক স্বীকৃতি L সামাজিক স্বীকৃতি
M রাষ্ট্রীয় স্বীকৃতি
N সাংবিধানিক স্বীকৃতি

**২১. নিচের কোন মূল্যবোধ গঠনমূলক সামাজিক পরিবেশ সৃষ্টিতে সহায়তা করে?**
K ব্যক্তির মর্যাদার স্বীকৃতি
L পারস্পরিক সহনশীলতা ও শ্রদ্ধাবোধ
M সবার জন্য সমান সুযোগ
N স্বনির্ভরতা

**২২. ধর্মীয় মূল্যবোধ গড়ে ওঠে কীভাবে?**
K সামাজিক প্রথা ও রীতিনীতির ভিত্তিতে
L রাষ্ট্রীয় আইনের ভিত্তিতে
M সামাজিক আচার-অনুষ্ঠানের ভিত্তিতে
N ধর্মীয় অনুশাসন ও নির্দেশনার ভিত্তিতে

**২৩. কত সালে সমাজকর্ম পেশার গোড়াপত্তন হয়?**
K ১৯১৬ সালে L ১৯১৭ সালে
M ১৯১৮ সালে N ১৯১৯ সালে

■ **উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও :**
দানশীল রহমান সাহেব প্রতি শুক্রবার ঢাকা থেকে গ্রামে আসেন এবং দরিদ্র লোকদের আর্থিক সাহায্য করেন। কেউ অসুস্থ হলে তার চিকিৎসার ব্যবস্থা করেন।

**২৪. রহমান সাহেবের কাজ কীসের অন্তর্ভুক্ত?**
K সনাতন সমাজকর্ম
L আধুনিক সমাজকর্ম
M পেশাদার সমাজকর্ম
N উপরের সবকয়টি

**২৫. রহমান সাহেবের দানগুলো আরও কার্যকর হতো যদি—**
i. কর্মসংস্থান সৃষ্টি করতেন
ii. প্রশিক্ষণের ব্যবস্থা করতেন
iii. সুসংগঠিত উপায়ে দান করতেন
**নিচের কোনটি সঠিক?**
K i L ii M ii ও iii N i, ii ও iii

**২৬. সমস্যাগ্রস্ত ব্যক্তি সমস্যা সমাধানের জন্য প্রথমে কার শরণাপন্ন হন?**
K সমাজবিজ্ঞানীর L অর্থনীতিবিদের
M সমাজকর্মীর N রাজনীতিবিদের

**২৭. সমাজকর্মের কোন পদ্ধতিকে বিজ্ঞানভিত্তিক অনুসন্ধান বলা হয়?**
K সামাজিক প্রশাসন
L সামাজিক গবেষণা
M ব্যক্তি সমাজকর্ম
N সমষ্টি সংগঠন ও উন্নয়ন

**২৮. কীভাবে দলের সদস্যদের সামাজিক ভূমিকা পালনে সহায়তা করা হয়?**
K অর্থ সাহায্য দিয়ে
L সুনির্দিষ্ট নীতি প্রণয়ন করে
M রাজনৈতিক কর্মকাণ্ডের সাহায্যে
N গঠনমূলক দলীয় অভিজ্ঞতার মাধ্যমে

■ **উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**
মিলন একটি অনুন্নত দেশে বসবাস করে। উক্ত দেশের সরকার ও জনগণ দেশের উন্নয়নের জন্য সমন্বিতভাবে কার্যক্রম গ্রহণ করেছে। ফলে দেশটির জনগণের জীবনযাপন পূর্বের তুলনায় উন্নত হয়েছে।

**২৯. মিলনের দেশের কার্যক্রম নিচের কোনটিকে নির্দেশ করে?**
K সমষ্টি উন্নয়ন L ব্যক্তিগত উন্নয়ন
M দলীয় উন্নয়ন N প্রশাসনিক উন্নয়ন

**৩০. উক্ত কার্যক্রমের উদ্দেশ্যের ক্ষেত্রে বলা যায়—**
i. জনগণের আর্থসামাজিক অবস্থার উন্নয়ন করা
ii. জাতীয় অগ্রগতিতে অবদান রাখা
iii. ধূমপানমুক্ত সমাজ গড়ে তোলা।
**নিচের কোনটি সঠিক?**
K i ও iii L ii ও iii M i ও ii N i, ii ও iii

# বীরশ্রেষ্ঠ মুন্সী আব্দুর রউফ পাবলিক কলেজ, ঢাকা

বিষয় কোড : 2 7 1

সময়–৩০ মিনিট

## সমাজকর্ম প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

**১. সমাজকর্ম কীভাবে মানুষকে স্বাবলম্বী করতে চায়?**
K অর্থনৈতিক সাহায্যদানের মাধ্যমে
L উৎসাহ প্রদানের মাধ্যমে
M সুপ্ত প্রতিভার বিকাশ সাধনের মাধ্যমে
N প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে

**২. ব্যক্তির সামাজিক ভূমিকা পালনে অক্ষমতার কারণ হচ্ছে–**
i. ব্যক্তিত্বের দুর্বলতা
ii. সামাজিক ও অর্থনৈতিক বিচ্যুতি
iii. সীমিত সম্পদ
**নিচের কোনটি সঠিক?**
K i  L ii
M ii ও iii  N i, ii ও iii

**৩. কোনটির জন্য উচ্চতর শিক্ষা ও প্রশিক্ষণের প্রয়োজন নেই?**
K মাঝি  L সাংবাদিকতা
M শিক্ষকতা  N ডাক্তার

**৪. স্পিনহ্যামল্যান্ড অ্যাক্ট কত সালে প্রণীত হয়েছে?**
K ১৬০১  L ১৬৬২
M ১৭৯৫  N ১৮৩৪

**৫. রাজা তৃতীয় এডওয়ার্ড কত সালে দরিদ্র আইন প্রণয়ন করেন?**
K ১৩৪৮ সালে  L ১৩৪৯ সালে
M ১৫৩১ সালে  N ১৫৩৬ সালে

**৬. সমাজকর্ম পদ্ধতি প্রধানত কত প্রকার?**
K দুই  L তিন
M চার  N ছয়

**৭. তথ্য সংগ্রহ কেন সমাধান প্রক্রিয়ায় গুরুত্বপূর্ণ স্তর?**
K সমস্যার সমাধান সহজতর
L তথ্য বাস্তববাদী
M সমস্যার জটিলতা কম
N সমস্যার নমনীয়তা বেশি

**৮. সমস্যা নির্ণয় করার জন্যে কয়টি মুখ্য পদক্ষেপ গ্রহণ করতে হয়?**
K ২টি  L ৩টি
M ৪টি  N ৫টি

**৯. সমাজে মানুষের আচরণের মানদণ্ড হিসেবে কাজ করে কোনটি?**
K সামাজিক মূল্যবোধ
L রাজনৈতিক মূল্যবোধ
M ধর্মীয় মূল্যবোধ
N সাংস্কৃতিক মূল্যবোধ

**১০. দল সমাজকর্মের প্রধান উপাদান কী?**
K সাহায্যার্থী  L সমাজকর্মী
M সামাজিক দল  N রাজনৈতিক দল

**১১. ১৬০১ সালের দরিদ্র আইনে স্থানীয় সংস্থার নাম কী?**
K প্যারিশ  L ওয়ার্ক হাউস
M কাউন্টি কাউন্সিল  N মিউনিসিপ্যালিটি

**১২. নিচের কোনটি সনাতন খাদ্যশস্য সংরক্ষণ পদ্ধতি?**
K ধর্মগোলা
L বায়তুল মাল
M কোল্ড স্টোরেজ
N লঙ্গরখানা

**১৩. সমাজকর্মের মূল লক্ষ্য হলো–**
i. ব্যক্তি, দল ও সমষ্টির সামাজিক ভূমিকা পালনে সক্ষম করে তোলা
ii. ব্যক্তি ও পরিবেশের মধ্যে কার্যকর মিথস্ক্রিয়া স্থাপন
iii. ভৌত অবকাঠামোগত উন্নয়ন ও পরিবেশের ভারসাম্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L ii ও iii  M i ও iii
N i, ii ও iii

**১৪. ১৮২৯ সালের কত তারিখে সতীদাহ প্রথা রদ করা হয়?**
K ৪ ডিসেম্বর  L ৪ নভেম্বর
M ৪ অক্টোবর  N ৪ জানুয়ারি

**১৫. কোন নীতি দলীয় গতিশীলতা, পারস্পরিক সুসম্পর্ক ও সদস্যদের উন্নয়নের জন্য অতীব গুরুত্বপূর্ণ?**
K মূল্যায়ন নীতি
L সম্পদের সদ্ব্যবহার নীতি
M নিয়ন্ত্রিত দলীয় ক্রিয়া-প্রতিক্রিয়া নীতি
N পরিকল্পিত দল গঠন নীতি

**১৬. বিধবা বিবাহ আইন পাস হয় কোন সালে?**
K ১৮২৯  L ১৮৩৩  M ১৮৫৬  N ১৮৭০

**১৭. নারী জাগরণের শানিত হাতিয়ার 'সুলতানার স্বপ্ন' গ্রন্থের লেখক কে?**
K নওয়াব ফয়জুন্নেছা  L ভিকারুন্নেছা
M বদরুন্নেছা  N বেগম রোকেয়া

■ **উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও :**
দানবীর রহমান সাহেব প্রতি শুক্রবার ঢাকা থেকে গ্রামে আসেন এবং দরিদ্র লোকদের আর্থিক সাহায্য করেন। কেউ অসুস্থ হলে তার চিকিৎসার ব্যবস্থা করেন।

**১৮. রহমান সাহেবের কাজ কীসের অন্তর্ভুক্ত?**
K পেশাদার সমাজকর্ম
L আধুনিক সমাজকর্ম
M সনাতন সমাজকর্ম
N সবকটি

**১৯. রহমান সাহেবের দানগুলো আরও কার্যকর হতো যদি–**
i. কর্মসংস্থান সৃষ্টি করতেন
ii. প্রশিক্ষণের ব্যবস্থা করতেন
iii. সুসংগঠিত উপায়ে দান করতেন
**নিচের কোনটি সঠিক?**
K i  L ii  M ii ও iii  N i, ii ও iii

**২০. সরাইখানা কাদের জন্য প্রতিষ্ঠিত হয়েছিল?**
K যুদ্ধে ক্ষতিগ্রস্তদের জন্য
L বিপদগ্রস্ত পথিকদের জন্য
M এতিমদের জন্য  N দরিদ্রের জন্য

■ **উদ্দীপকটি পড়ে ২১ ও ২২নং প্রশ্নের উত্তর দাও :**
রিপা ব্রিটিশ সরকারের শিক্ষাবৃত্তি নিয়ে গত মাসে ব্রিটেনে গিয়েছে। সেখানে গিয়ে সে জানতে পারে উনবিংশ শতাব্দীতে ওই দেশে একটি আইন প্রণয়ন করা হয়েছিল। এ আইনের একটি বিশেষ দিক ছিল এতে দরিদ্র ও অসহায় শ্রেণির মানুষের রোগব্যাধি দূরীকরণে প্রয়োজনীয় ব্যবস্থা রাখা হয়। এছাড়া এ আইনের আওতায় পুরোনো শ্রমাগার ও দরিদ্রাগার সংস্কার করা হয়।

**২১. উদ্দীপকে কোন আইনের কথা বলা হয়েছে?**
K দরিদ্র আইন, ১৩৩৯
L দরিদ্র সংস্কার আইন, ১৮৩৪
M নারী ও শিশু নির্যাতন আইন, ১৫৭২
N ১৬০১ সালের এলিজাবেথীয় দরিদ্র আইন

**২২. এই আইনের কার্যকারিতার ফলে–**
i. জনগণ সুস্থ জীবনযাপন করতে সক্ষম হবে
ii. শ্রমাগারে স্বাস্থ্যকর পরিবেশ বিরাজ করবে
iii. সামাজিক নিরাপত্তা নিশ্চিত হবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L ii ও iii  M i ও iii  N i, ii ও iii

**২৩. পেশা ও বৃত্তির মধ্যে কোন বিষয়টির মিল রয়েছে?**
K নীতি ও মূল্যবোধ আশ্রিত
L মানদণ্ড ও আইনকানুন রয়েছে
M জীবিকা অর্জনের পন্থা
N বিশেষ জ্ঞান ও দক্ষতা নির্ভর

**২৪. সমাজকর্মের মূল্যবোধ কোনটি?**
K পারস্পরিক সহনশীলতা
L আর্থিক সাহায্য প্রদান
M পারস্পরিক যোগাযোগ
N আত্মসচেতনতা

**২৫. ব্যক্তি সমাজকর্মের সমস্যা সমাধান প্রক্রিয়ার আওতাভুক্ত–**
i. সমস্যা নির্ণয়
ii. সমাধান
iii. প্রয়োগ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L ii ও iii  M i ও iii  N i, ii ও iii

**২৬. সনাতন সমাজকল্যাণ ব্যবস্থার মূল চালিকাশক্তি কোনটি?**
K ধর্ম ও নৈতিক শিক্ষা
L ধর্ম ও মানবতাবোধ
M পরোপকারিতা ও সহযোগিতা
N শান্তি ও জনকল্যাণমুখিতা

**২৭. সমাজকর্মের বিশেষ তাৎপর্যপূর্ণ সংজ্ঞা নির্ধারণ করেছে কোন সংস্থা?**
K আমেরিকার জাতীয় সমাজকর্মী সংস্থা
L জার্মান জাতীয় সমাজকর্মী সংস্থা
M গ্রিক জাতীয় সমাজকর্মী সংস্থা
N ইংল্যান্ডের জাতীয় সমাজকর্মী সংস্থা

**২৮. সমাজকর্মের বিকাশে কোন সংগঠন মুখ্য ভূমিকা পালন করে?**
K NASWF  L AASW
M NASW  N CSWE

**২৯. পেশার অপরিহার্য বিষয়বস্তু হলো–**
K আনুষ্ঠানিক স্বীকৃতি  L চাকরি
M ব্যক্তির মর্যাদা
N অনানুষ্ঠানিক স্বীকৃতি

**৩০. NASW সমাজকর্মের তার প্রথমটি হলো–**
K ব্যক্তির মূল্য ও মর্যাদার স্বীকৃতি
L মানুষের প্রতি সম্মান প্রদর্শন
M গোপনীয়তা
N আত্মনিয়ন্ত্রণ অধিকার

# উত্তরা হাই স্কুল এন্ড কলেজ, ঢাকা

বিষয় কোড : 2 7 1

সময়—৩০ মিনিট

## সমাজকর্ম প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

**১. সমাজকর্ম পেশার উদ্ভব ঘটে কোন দেশে?**
K জাপান L অস্ট্রেলিয়া
M ইংল্যান্ড N আমেরিকা

**২. সমাজকর্মের লক্ষ্য হলো—**
i. ব্যক্তি ও পরিবারের মধ্যে কার্যকর মিথস্ক্রিয়া স্থাপন করা
ii. ব্যক্তি, দল ও সমষ্টির সামাজিক ভূমিকা পালনে সক্ষম করে তোলা
iii. ভৌত অবকাঠামো উন্নয়ন ও প্রাকৃতিক পরিবেশের ভারসাম্য স্থাপন করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৩. সমস্যা সমাধান প্রক্রিয়া হিসেবে সমাজকর্ম একটি—**
i. অর্থনৈতিক প্রক্রিয়া
ii. বৈজ্ঞানিক প্রক্রিয়া
iii. প্রাকৃতিক প্রক্রিয়া
**নিচের কোনটি সঠিক?**
K i L ii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**
আধুনিক প্রযুক্তির উন্নয়নের ফলে জীবনে যেমন যান্ত্রিকভাবে উৎকর্ষতার সৃষ্টি হয়েছে তেমনি সমাজের সৃষ্টি হয়েছে পারিবারিক ভাঙন, কিশোর অপরাধসহ বহুমাত্রিক সমস্যা।

**৪. উদ্দীপকে উল্লিখিত পরিস্থিতি মোকাবিলার জন্য কোন শিক্ষার প্রয়োজন?**
K সমাজকর্ম L আইন
M সাংবাদিক
N পৌরনীতি ও সুশাসন

**৫. সেবাদানকারী প্রতিষ্ঠান ও কর্মীরা—**
i. জনগণকে সচেতন করা
ii. সামঞ্জস্য বিধান সক্ষম করে তুলবে
iii. বহুমাত্রিক ও জটিল সমস্যা চিহ্নিত করে সমাধান করবে
**নিচের কোনটি সঠিক?**
K i L ii M iii N i, ii ও iii

**৬. বর্তমান সময়ে মানুষের আয়ু বৃদ্ধি পাচ্ছে। এর যথার্থ কারণ হলো—**
i. চিকিৎসা বিজ্ঞানের উন্নতি
ii. পুষ্টিকর খাদ্য গ্রহণ
iii. সচেতনতা বৃদ্ধি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৭. সমাজকর্মের উদ্ভব ও বিকাশের কারণ—**
i. জটিল সমস্যার সমাধানে সহায়তা
ii. সমস্যার বিজ্ঞানভিত্তিক সমাধানে সহায়তা
iii. শিল্পায়ন ও নগরায়ণ সহায়তা
**নিচের কোনটি সঠিক?**
K i L ii M i ও ii N i, ii ও iii

**৮. কোন রাজা প্রথম দরিদ্র আইন প্রণয়ন করেন?**
K রাজা জয়ান কার্মোস
L রাজা অষ্টম হেনরি
M পঞ্চম হেরাল্ড
N তৃতীয় মসওয়াতি

**৯. ইংল্যান্ডে প্রথম দরিদ্র আইন, ১৩৪৯ প্রণয়নের মূল লক্ষ্য ছিল—**
i. সক্ষম শ্রমিকদের যেকোনো ইচ্ছুক মালিকদের অধীনে নিজ এলাকায় কাজ করতে বাধ্য করা
ii. ভবঘুরেমি ও ভিক্ষাবৃত্তি বন্ধ করা
iii. সক্ষম দরিদ্রদের ভিক্ষাদানে জনগণকে উৎসাহিত করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১০. ইংল্যান্ডে দান সংগঠন সমিতি কত সালে গড়ে ওঠে?**
K ১৮৬৯ L ১৮৭৭ M ১৯০৫ N ১৯৪২

**১১. আমেরিকায় পেশাদার সমাজকর্মের একটি অলাভজনক জাতীয় সংগঠন হলো—**
K NASW L ACSW
M CSWE N COS

**১২. কোন ভাষা থেকে পেশা শব্দটিকে বাংলা ভাষায় নেওয়া হয়েছে?**
K ফরাসি L ল্যাটিন M গ্রিক N ইংরেজি

**১৩. পেশার বৈশিষ্ট্য হলো এটি—**
K পরিবর্তনীয় L শ্রমনির্ভর
M অর্থ উপার্জনশীল N স্বেচ্ছাশ্রমনির্ভর

**১৪. পেশা ও বৃত্তির মূল সাদৃশ্য হলো, উভয়ই—**
K জীবিকা অর্জনের পন্থা
L নীতি ও মূল্যবোধ মেনে চলা
M দায়িত্ব ও জবাবদিহিতার আওতাধীন
N বিশেষ জ্ঞান ও নৈপুণ্যসম্পন্ন

**১৫. প্রাক শিল্পযুগে সমাজকল্যাণের মূল অনুপ্রেরণা ছিল?**
K ব্যক্তি চেতনা L গোষ্ঠী চেতনা
M ধর্মীয় অনুশাসন N সামাজিকতা

■ **উদ্দীপকটি পড়ে ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব শফিকুল বলেন, সামাজিক নিরাপত্তামূলক কর্মসূচি হচ্ছে এমন এক অর্থনৈতিক প্রতিরক্ষামূলক কর্মসূচি, যা আধুনিক সমাজে বৈ বা অদৃষ্টপূর্ব ঘটনা ও বিপর্যয়মূলক পরিস্থিতিতে সমাজ বা রাষ্ট্র কর্তৃক প্রদান করা হয়।

**১৬. নিচের কোন কর্মসূচিসমূহ সামাজিক নিরাপত্তামূলক কর্মসূচির আওতাভুক্ত?**
i. সামাজিক বিমা
ii. সামাজিক সাহায্য
iii. সমাজসেবা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৭. সমাজকর্মের সাথে উক্ত কর্মসূচির সাদৃশ্যপূর্ণ বৈশিষ্ট্য হচ্ছে—**
i. উভয়ই শিল্পবিপ্লবের ফলে উদ্ভূত
ii. উভয়ের লক্ষ্য কল্যাণ রাষ্ট্র প্রতিষ্ঠা
iii. উভয়ই মৌলিক বিজ্ঞানের অন্তর্ভুক্ত
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৮. সতীদাহ প্রথা নিষিদ্ধ হওয়ার যথার্থ কারণ হলো—**
i. পৈশাচিত প্রথা
ii. নিন্দনীয় হত্যা
iii. কুসংস্কার
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৯. মৌলিক পদ্ধতিসমূহকে বাস্তব ক্ষেত্রে সুষ্ঠুভাব প্রয়োগে কোন পদ্ধতি প্রয়োগ করা হয়?**
K মৌলিক পদ্ধতি L উন্নয়ন পদ্ধতি
M সহায়ক পদ্ধতি N গবেষণা পদ্ধতি

**২০. Social Case Works : A Problem Solving Process বইটির লেখক কে?**
K M.G Ross L H. Perlman
M Shafer N Hitty

■ **উদ্দীপকটি পড়ে ২১ ও ২২নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব রহিম সাহেবের কলেজ পড়ুয়া ছেলে বন্ধুদের প্ররোচনায় পড়ে মাদকাসক্ত হয়ে পড়ে। ক্রমান্বয়ে তার অবস্থার এতটাই অবনতি হয় যে, তাকে মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে একজন সমাজকর্মীর তত্ত্বাবধানে ভর্তি করতে হয়।

**২১. উদ্দীপকে সমাজকর্মী সাহায্যার্থীকে কোন পদ্ধতিতে সহায়তা প্রদান করবেন?**
K ব্যক্তি সমাজকর্ম L দল সমাজকর্ম
M সমষ্টি সমাজকর্ম N সমষ্টি সংগঠন

**২২. উদ্দীপকে উল্লিখিত পদ্ধতিতে কয়টি উপাদানের কথা বলা হয়েছে?**
K তিন L চার
M পাঁচ N ছয়

**২৩. গোপনীয়তা রক্ষা, ব্যক্তি মর্যাদার স্বীকৃতি, যোগ্যতার মূল্যায়ন, ব্যক্তি স্বাধীনতা প্রদান এগুলো কোন পদ্ধতির নীতি?**
K ব্যক্তি সমাজকর্মের
L দল সমাজকর্মের
M সমষ্টি উন্নয়নের
N সামাজিক কার্যক্রমের

**২৪. অংশগ্রহণ নীতি অনুশীলনে সাহায্যার্থীর—**
i. সমস্যা সমাধান হয়
ii. আত্মবিশ্বাস যোগায়
iii. স্বয়ংসম্পূর্ণতা অর্জনে প্রেরণা যোগায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬নং প্রশ্নের উত্তর দাও :**
মিসেস সাদিয়া মহিলা সহায়তা কেন্দ্রের একজন নির্বাহী কর্মকর্তা। তিনি সাহায্যার্থীদের কল্যাণে তাদের মতামত পছন্দ-অপছন্দের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করেন।

**২৫. উদ্দীপকে মিসেস সাদিয়া ব্যক্তি সমাজকর্মের কোন নীতিটি করেছেন?**
K যোগাযোগ নীতি
L অংশগ্রহণ নীতি
M আত্মনিয়ন্ত্রণ অধিকার নীতি
N ব্যক্তিস্বাতন্ত্রীকরণ নীতি

**২৬. উদ্দীপকের অনুসৃত নীতির গুরুত্বপূর্ণ দিক হলো—**
i. সাহায্যার্থীর নিজস্ব দৃষ্টিভঙ্গি প্রয়োগের সুযোগ থাকে
ii. স্বেচ্ছাপূর্বক সিদ্ধান্ত চাপিয়ে দেওয়া হয়
iii. সাহায্যার্থী নিজের সমস্যা, সম্পদ ও সমাধান সম্পর্কে অবগত থাকেন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৭. Psycho Social Study কী?**
K মনোসামাজিক তথ্য সংগ্রহ
L সমস্যা নির্ণয়
M সমাধান N মূল্যায়ন

**২৮. সমস্যা সমাধান প্রক্রিয়ার দ্বিতীয় ধাপ কী?**
K তথ্য সংগ্রহ L সমস্যা নির্ণয়
M সমাধান N মূল্যায়ন

**২৯. সমস্যা নির্ণয় কখন থেকে শুরু হয়?**
K প্রথম সাক্ষাৎকার থেকে
L দ্বিতীয় সাক্ষাৎকার থেকে
M তৃতীয় সাক্ষাৎকার থেকে
N শেষ সাক্ষাৎকার থেকে

**৩০. গোটা সমাজের কল্যাণ নির্ভরশীল—**
i. ব্যক্তির সমস্যা সমাধানের ওপর
ii. দলের সমস্যা সমাধানের ওপর
iii. সমষ্টির সমস্যা সমাধানের ওপর
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

# রাজশাহী কলেজ, রাজশাহী

বিষয় কোড : 2 7 1

সময়—৩০ মিনিট

## সমাজকর্ম প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

**১. 'Introduction to Social Work' গ্রন্থের লেখক কে?**
K ডব্লিউ এ ফ্রিডল্যান্ডার
L মরেলস ও শেফর
M আরমান্ডো মরেলস
N স্কিডমোর ও থ্যাকারি

**২. সমাজকর্মকে কলা ও বিজ্ঞান হিসেবে অভিহিত করেছেন কে?**
K ডব্লিউ এ ফ্রিডল্যান্ডার
L হাবার্ট বিসনো
M জি উইলসন
N স্কিডমোর ও থ্যাকারি

**৩. সমাজকর্ম কী রূপ সেবাকর্ম?**
K সনাতন L ব্যক্তিকেন্দ্রিক
M পেশাদার N অপেশাদার

■ **উদ্দীপকটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**
শিক্ষার্থী 'ক' এমন একটি বিষয়ে বিশ্ববিদ্যালয়ে লেখাপড়া করে যা সমাজের সমস্যা সমাধানের আধুনিক বিজ্ঞানভিত্তিক ও সেবামূলক প্রক্রিয়া। বিষয়টি মানুষের সুপ্ত প্রতিভার বিকাশ সাধন, সম্পদের সদ্ব্যবহার ও স্বনির্ভরতা অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

**৪. উদ্দীপকে কোন বিষয়ের প্রতি ইঙ্গিত প্রদান করা হয়েছে—**
K সমাজবিজ্ঞান L সমাজকর্ম
M পৌরনীতি ও সুশাসন
N অর্থনীতি

**৫. উক্ত বিষয়ের লক্ষ্য হলো—**
i. সার্বজনীন কল্যাণ
ii. স্বাবলম্বন
iii. সমন্বিত কল্যাণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৬. সমাজকর্মের পরিধি কী রূপ?**
K সংকীর্ণ L ব্যাপক
M সীমিত N নাতিদীর্ঘ

**৭. সুদূর অতীত থেকে সমাজকল্যাণের যাত্রা শুরু হয় কীভাবে?**
K সাময়িক সমস্যা সমাধানের মধ্য দিয়ে
L সমস্যার স্থায়ী সমাধানের মধ্য দিয়ে
M অর্থনৈতিক সমস্যা সমাধানের মধ্য দিয়ে
N মনস্তাত্ত্বিক সমস্যা সমাধানের মধ্য দিয়ে

**৮. সমাজকর্ম মূলত একটি—**
K বিষয়ের নাম
L একটি প্রত্যয়ের নাম
M সাহায্যকারী পেশা N সমন্বয়ধর্মী লেখা

**৯. সমাজের সকল মানুষের জীবনমানের উন্নয়ন করা কোন বিষয়ের অন্যতম লক্ষ্য?**
K অর্থনীতি L সমাজকর্ম
M সমাজবিজ্ঞান N মনোবিজ্ঞান

**১০. সমাজকর্মের উদ্ভব ও বিকাশের কারণ—**
i. আর্থসামাজিক সমস্যার সমাধানে সহায়তা
ii. সমস্যার বিজ্ঞানভিত্তিক সমাধানে সহায়তা
iii. শিল্পায়ন ও শহরায়নে সহায়তা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১১. ইংরেজি Charity শব্দটি কোন ভাষা থেকে এসেছে?**
K ল্যাটিন L ফারসি
M আরবি N স্প্যানিস

**১২. সমাজ বলতে বোঝায়—**
K পারস্পরিক সম্পর্কযুক্ত জনসমষ্টি
L কিছু লোকের একত্রে বসবাস
M এলাকার সকল প্রতিবেশী
N রক্তের সম্পর্কীয় জনগোষ্ঠী

**১৩. প্রাক্-শিল্পযুগে সমাজকল্যাণের মূল অনুপ্রেরণা কী ছিল?**
K ব্যক্তি চেতনা L গোষ্ঠী চেতনা
M ধর্মীয় অনুশাসন N সামাজিক অনুশাসন

**১৪. সমাজকল্যাণ ব্যক্তিগত উদ্যোগে পরিচালিত অসংগঠিত ও বিচ্ছিন্ন সেবা কাজ কথাটি গ্রহণযোগ্য কোন ক্ষেত্রে?**
K আধুনিক সমাজকল্যাণ
L সনাতন সমাজকল্যাণ
M আধুনিক সমাজসেবা
N পেশাদার সমাজকর্ম

**১৫. সমাজকল্যাণ কীভাবে মানুষকে সচেতন ও স্বাবলম্বী করে তোলে?**
K নৈতিক শিক্ষা প্রদান করে
L মানবিক চাহিদা পূরণ করে
M অর্থনৈতিক ক্ষমতা প্রদান করে
N সুপ্ত ক্ষমতার বিকাশ সাধন করে

**১৬. ইংরেজি Charity শব্দের উৎপত্তি হয়েছে কোন শব্দ থেকে?**
K C harecter L Cherety
M Charitas N Charility

■ **উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব X একজন সম্পদশালী ব্যক্তি। তিনি প্রতিবছর একটা নির্দিষ্ট সময়ে নিজ এলাকার দরিদ্র জনসাধারণ ও বিপদগ্রস্তদের মাঝে নির্দিষ্ট পরিমাণ অর্থ দান করেন। এটি ইসলামের মৌলিক ইবাদত ও ইসলামি অর্থনৈতিক ব্যবস্থার মূলভিত্তি।

**১৭. উদ্দীপকে উল্লিখিত ব্যবস্থার ব্যয়ের খাতগুলো পবিত্র কোরআনের কোথায় উল্লেখ আছে?**
K সূরা বাকারা : আয়াত-১০
L সূরা ইয়াসিন : আয়াত-১০
M সূরা তওবা : আয়াত-৬০
N সূরা আর রহমান : আয়াত-৬০

**১৮. উদ্দীপকে উল্লিখিত ব্যবস্থার বৈশিষ্ট্যাবলি হলো—**
i. অর্থনৈতিকভাবে সামর্থ্যবান মুসলমানদের জন্য প্রযোজ্য
ii. এটি দেওয়ার নির্দিষ্ট খাত ও হার রয়েছে
iii. নিসাব পরিমাণ অর্থ ও সম্পদ না থাকলে এটি প্রযোজ্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও :**
বাংলাদেশের গ্রামীণ জনপদগুলোতে বিশেষ বিশেষ সময়ে ব্যাপক খাদ্যাভাব দেখা দেয়। এ সকল অঞ্চলের খাদ্যাভাব মোকাবিলা করতে এলাকার শিক্ষিত ব্যক্তিবর্গ সমবায় শস্যগোলা প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করে। যা এলাকার সাধারণ মানুষের খাদ্যের চাহিদা মেটাবে।

**১৯. উদ্দীপকে ইঙ্গিতকৃত সনাতন সমাজকল্যাণ ব্যবস্থা কোনটি?**
K বায়তুল মাল L লঙ্গরখানা
M ধর্মগোলা N সরাইখানা

**২০. উদ্দীপকে উল্লিখিত ব্যবস্থার ক্ষেত্রে প্রযোজ্য—**
i. সরকারি-বেসরকারি যৌথ ব্যবস্থায় খাদ্য সংকট মোকাবিলা
ii. সমষ্টিগত শস্যভাণ্ডার
iii. স্থানীয় ভিত্তিতে স্থানীয় সমস্যার সমাধান
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২১. সমাজকর্মের পদ্ধতি কয়টি?**
K ২টি L ৩টি
M ৪টি N ৬টি

**২২. What is Social Case Work গ্রন্থের লেখক কে?**
K ম্যারি রিচমন্ড L গ্রেস কয়েল
M এইচ. এইচ. পার্লম্যান
N ভার্জিনিয়া রবিনস

**২৩. Rapport শব্দটি কোন শব্দ থেকে উদ্ভূত?**
K ফরাসি শব্দ Reporter থেকে
L ফরাসি শব্দ Rapporter থেকে
M ল্যাটিন শব্দ Rapporter থেকে
N জার্মান শব্দ Rapporter থেকে

**২৪. দল সমাজকর্ম কত সালে আনুষ্ঠানিক স্বীকৃতি লাভ করে?**
K ১৯৩০ সালে L ১৯৩২ সালে
M ১৯৩৫ সালে N ১৯৩৬ সালে

**২৫. We feeling ভিত্তিতে যেসব দল গড়ে ওঠে—**
K প্রাথমিক দল L পরোক্ষ দল
M বহির্দল N মাধ্যমিক দল

**২৬. কার উদ্যোগে দল সমাজকর্ম বৈজ্ঞানিক রূপ লাভ করে?**
K ম্যারি রিচমন্ড
L এইচ. এইচ. পার্লম্যান
M গ্রেস কয়েল
N ভার্জিনিয়া রবিনস
[* বি. দ্র. : সঠিক উত্তর ড. গিসেলা কনোপকা]

**২৭. প্রাথমিক ও মাধ্যমিক দলের প্রবক্তা কে?**
K ম্যারি রিচমন্ড
L এইচ. এইচ. পার্লম্যান
M গ্রেস কয়েল
N সি. এইচ. কুলি

**২৮. সমষ্টি সমাজকর্ম কত প্রকার?**
K দুই প্রকার L তিন প্রকার
M চার প্রকার N পাঁচ প্রকার

■ **উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**
X একটি গ্রাম। এ গ্রামের অধিকাংশ মানুষ দরিদ্র ও অশিক্ষিত। এ এলাকার রাস্তাঘাট তেমন উন্নত নয়। তাদের জীবনযাত্রার মান নিম্ন।

**২৯. উদ্দীপকে X গ্রামের উন্নয়নের জন্য সমাজকর্মের কোন পদ্ধতি প্রয়োগ করা যায়?**
K ব্যক্তি সমাজকর্ম L দল সমাজকর্ম
M সমষ্টি উন্নয়ন N সমষ্টি সংগঠন

**৩০. উদ্দীপকে X গ্রামের উন্নয়নের জন্য সমাজকর্মের মৌলিক পদ্ধতির সাথে সহায়ক পদ্ধতি হিসেবে গ্রহণ করা যায়—**
i. সমাজকর্ম প্রশাসন
ii. সমাজকর্ম গবেষণা
iii. সামাজিক কার্যক্রম
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

## কাদিরাবাদ ক্যান্টনমেন্ট স্যাপার কলেজ, নাটোর

বিষয় কোড : 2 7 1

সময়–৩০ মিনিট

**সমাজকর্ম প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা**

পূর্ণমান–৩০

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

**১. পেশা ও বৃত্তির মূল সাদৃশ্য হলো, উভয়ই—**
K জীবিকা অর্জনের পন্থা
L নীতি ও মূল্যবোধ মেনে চলে
M দায়িত্ব ও জবাবদিহিতার আওতাধীন
N বিশেষ জ্ঞান ও নৈপুণ্যসম্পন্ন

**২. 'বৃত্তি' শব্দের ইংরেজি প্রতিশব্দ কী?**
K Profession L Job
M Career N Occupation

**৩. বেগম রোকেয়ার স্কুলটি কত সালে ভাগলপুর থেকে কলকাতায় স্থানান্তরিত হয়?**
K ১৯০৯ L ১৯১১
M ১৯১৫ N ১৯২৯

**৪. সতীদাহ প্রথা উচ্ছেদ আইন কত সালে প্রণীত হয়?**
K ১৮২৯ L ১৮৫৬
M ১৮৭০ N ১৯১১

**৫. সাহায্যার্থীর মতামত, পছন্দ-অপছন্দকে প্রাধান্য দিয়ে সমস্যার সমাধান সমাজকর্মের কোন মূল্যবোধের অনুশীলনকে বোঝায়?**
K সকলের সমান সুযোগ
L আত্মনিয়ন্ত্রণ অধিকার
M ব্যক্তির মূল্য ও মর্যাদার স্বীকৃতি
N সামাজিক দায়িত্ববোধ

**৬. সমাজকর্মের মূল্যবোধ যার ভিত্তিতে গড়ে ওঠে—**
i. সামাজিক রীতি
ii. ধর্মীয় অনুশাসন
iii. বুদ্ধিবৃত্তিক আদর্শ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৭ ও ৮নং প্রশ্নের উত্তর দাও :**
জারিফ কৃতিত্বের সাথে ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অর্জন করে একটি ইঞ্জিনিয়ারিং ফার্মে চাকরিতে যোগদান করে জীবিকা নির্বাহ করছে।

**৭. জারিফের চাকরি কোন ধরনের আয় ব্যবস্থা—**
K চাকরি L পেশা
M বৃত্তি N আত্মকর্মসংস্থান

**৮. পেশা নির্বাচিত হয়—**
K দেশে-বিদেশে অবস্থানের ভিত্তিতে
L পেশার মানদণ্ডের ভিত্তিতে
M জ্ঞানের প্রয়োগের ভিত্তিতে
N বেশি বেশি উপার্জনের ভিত্তিতে

**৯. সমাজের কু-প্রথা দূর করে বাঞ্ছিত পরিবর্তন আনয়নকে কী বলে?**
K সামাজিক পরিবর্তন
L সমাজ সংস্কার
M সামাজিক নিয়ন্ত্রণ N সামাজিক উন্নয়ন

**১০. সমাজকর্ম নীতির অন্তর্ভুক্ত হলো—**
i. বিচার নিরপেক্ষ দৃষ্টিভঙ্গি
ii. মানব মর্যাদা ও মূল্যের প্রতি সম্মান প্রদর্শন
iii. আবেগ অনুভূতির উদ্দেশ্যমূলক প্রকাশ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১১. ধর্মগোলা গড়ে তোলা হয় কেন?**
K সামাজিক নিরাপত্তা নিশ্চিত করার জন্য
L দুর্যোগ মোকাবিলার জন্য
M ভবিষ্যৎ নিশ্চয়তা বিধানের জন্য
N মৌল মানবিক চাহিদা পূরণের জন্য

**১২. সরাইখানা কাদের জন্য প্রতিষ্ঠিত হয়েছিল?**
K যুদ্ধে ক্ষতিগ্রস্তদের জন্য
L এতিমদের জন্য
M বিপদগ্রস্ত পথিকদের জন্য
N দরিদ্রদের জন্য

**১৩. সমাজকর্ম গবেষণার প্রথম ধাপ কোনটি?**
K উদ্দেশ্য নির্ধারণ
L অনুমান গঠন
M গবেষণার নকশা প্রণয়ন
N সমস্যা নির্বাচন

**১৪. কোন দলে "আমরা অনুভূতি" অত্যন্ত প্রকট থাকে?**
K অন্তর্বর্তী দলে
L প্রাথমিক দলে
M মাধ্যমিক দলে
N অনানুষ্ঠানিক দলে

**১৫. অপেক্ষাকৃত উন্নত ও সংগঠিত এলাকায় সমাজকর্মের কোন মৌলিক পদ্ধতি প্রয়োগ করা যায়?**
K ব্যক্তি সমাজকর্ম
L দল সমাজকর্ম
M সমষ্টি সংগঠন
N সমষ্টি উন্নয়ন

**১৬. সমাজকর্ম প্রশাসন বলতে বোঝায়—**
i. ব্যক্তিগত প্রতিষ্ঠানকে সংগঠিত করার প্রক্রিয়া
ii. সামাজিক প্রতিষ্ঠানকে সংগঠিত করার প্রক্রিয়া
iii. সামাজিক প্রতিষ্ঠানকে পরিচালনা করার প্রক্রিয়া
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৭. সমাজকর্মের মৌলিক ও সহায়ক পদ্ধতি কয়টি?**
K তিনটি L চারটি
M পাঁচটি N ছয়টি

**১৮. দল সমাজকর্মের মূল চাবিকাঠি কে?**
K ব্যক্তি সমাজকর্মী
L দল সমাজকর্মী
M সভাপতি
N সংগঠন

**১৯. 'Social Work : A Profession of Many Faces' গ্রন্থের লেখক কে?**
K Morales and Sheafor
L Helen H. Perlaman
M Mary Richmond
N G. Konopka

**২০. সমাজকর্মকে কলা ও বিজ্ঞান হিসেবে অভিহিত করেছেন কে?**
K ওয়াল্টার এ ফ্রিডল্যান্ডার
L হার্বার্ট বিসনো
M জি উইলসন
N স্কিডমোর ও থ্যাকারি

**২১. সনাতন সমাজকল্যাণ ব্যবস্থার মূল চালিকাশক্তি কোনটি?**
K শান্তি ও জনকল্যাণমুখিতা
L ধর্ম ও মানবতাবোধ
M পরোপকারিতা ও সহযোগিতা
N ধর্ম ও নৈতিক শিক্ষা

**২২. সমাজকর্মের 'ত্রিবিধ ভূমিকা' কী?**
K প্রতিকার, প্রতিরোধ, সংস্কার
L প্রতিকার, সংশোধন, উন্নয়ন
M প্রতিকার, প্রতিরোধ, উন্নয়ন
N প্রতিকার, প্রতিরোধ, বাস্তবায়ন

**২৩. সমস্যা সমাধান প্রক্রিয়া হিসেবে সমাজকর্ম একটি—**
i. অর্থনৈতিক প্রক্রিয়া
ii. বৈজ্ঞানিক প্রক্রিয়া
iii. প্রাকৃতিক প্রক্রিয়া
**নিচের কোনটি সঠিক?**
K i L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৪. শিল্প বিপ্লব প্রত্যয়টির নামকরণ করেন কেন?**
K ওয়াল্টার এ ফ্রিডল্যান্ডার
L আরনল্ড টয়েনবি
M এল বার্কার N পি.বি. হর্টন

**২৫. সরকারি পর্যায়ে দরিদ্র সমস্যা মোকাবিলা করার লক্ষ্যে ইংল্যান্ডে সর্বপ্রথম গঠনমূলক পদক্ষেপ গ্রহণ করেন কে?**
K রানি এলিজাবেথ
L রাজা তৃতীয় এডওয়ার্ড
M উইলিয়াম হেনরি বিভারিজ
N রাজা অষ্টম হেনরি

**২৬. NASW কত সালে গঠিত হয়?**
K ১৮৬৯ L ১৮৭৩
M ১৮৪২ N ১৯৫৫

**২৭. 'দারিদ্র্য' শব্দটির ইংরেজি প্রতিশব্দ কী?**
K Proverty L Poverty
M Poor N Pure

**২৮. শিল্প বিপ্লবের প্রভাব হলো—**
i. অবকাঠামো ও যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন
ii. অপরাধ ও কিশোর অপরাধ বৃদ্ধি
iii. জনসংখ্যা বৃদ্ধি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**
১৭৬০ সাল থেকে ১৮৫০ সাল পর্যন্ত ইংল্যান্ড ও ইউরোপের অন্যান্য দেশে উৎপাদন ক্ষেত্রে যুগান্তকারী ও আকস্মিক পরিবর্তন ঘটে।

**২৯. উদ্দীপকে উল্লিখিত পরিবর্তন ইতিহাসে কী নামে পরিচিত?**
K ব্ল্যাক ডেথ L প্রযুক্তির উৎকর্ষতা
M শিল্প বিপ্লব N রেনেসাঁ

**৩০. উদ্দীপকে উল্লিখিত ঘটনার ফলে উদ্ভব ঘটে—**
i. নগরায়ণ
ii. শিল্পায়ন
iii. সমাজকর্ম
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

# কুমিল্লা কমার্স কলেজ

বিষয় কোড : 2 7 1

সময়—৩০ মিনিট

## সমাজকর্ম প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

**১. ব্যক্তি সমাজকর্মের আত্মা হিসেবে নিচের কোনটি অধিক যুক্তিযুক্ত?**
K র‍্যাপো L উপাদান
M প্রক্রিয়া N নীতিমালা

**২. ব্যক্তি সমাজকর্মে সমস্যা সমাধানের প্রথম স্তর কোনটি?**
K সমস্যা নির্ণয় L অনুধ্যান
M সমাধান N সমাপ্তি

**৩. সমাজকর্মের মৌলিক ও সহায়ক পদ্ধতি মোট কয়টি?**
K তিনটি L চারটি
M পাঁচটি N ছয়টি

**৪. সমাজকর্মের সুপ্ত ক্ষমতার বিকাশ সাধনে সহায়তা করে—**
K আত্মনিয়ন্ত্রণে অধিকার
L আত্মসচেতনতা
M ব্যক্তিস্বাতন্ত্রীকরণ
N সামাজিক ন্যায়বিচার

**৫. দল সমাজকর্মের প্রথম ও প্রধান উপাদান কী?**
K অন্তর্দল L বহির্দল
M সামাজিক দল N রাজনৈতিক দল

**৬. দল সমাজকর্মের মূল চাবিকাঠি কে?**
K ব্যক্তি সমাজকর্মী
L দল সমাজকর্মী
M সভাপতি
N সংগঠন

**৭. গবেষণার ইংরেজি প্রতিশব্দ কী?**
K Research L Invention
M Reform N Reaction


**৮. ব্যক্তি সমাজকর্মে 'স্থান' বলতে বোঝায়—**
i. নির্দিষ্ট জায়গা
ii. সরকারি এজেন্সি
iii. বেসরকারি এজেন্সি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৯. সমষ্টি সংগঠনের মূল কেন্দ্রবিন্দু কী?**
K ব্যক্তি L সমস্যা
M দল N সমষ্টি

**১০. সুসংগঠিত সাহায্যকারী পেশা কোনটি?**
K ব্যবসায় L চিকিৎসা
M সাংবাদিকতা N আধুনিক সমাজকর্ম

**১১. ব্যক্তি সমাজকর্মের উপাদান কয়টি?**
K তিনটি L চারটি
M পাঁচটি N ছয়টি

■ **উদ্দীপকটি পড়ে ১২নং প্রশ্নের উত্তর দাও :**




**১২. উদ্দীপকের '?' স্থানে কোনটি বসবে?**
K ব্যক্তি সমাজকর্ম L দল সমাজকর্ম
M সমষ্টি সমাজকর্ম N সমষ্টি সমাজকর্ম
[* বি. দ্র. : 'গ' ও 'ঘ' উভয়ই একই রকম]

**১৩. 'এনসাইক্লোপিডিয়া অব সোশ্যাল ওয়ার্ক' গ্রন্থটি কোন প্রতিষ্ঠান কর্তৃক প্রকাশিত হয়?**
K COS L NASW
M AASW N CSWE

**১৪. "সমাজকর্ম হলো মানবীয় সম্পর্কবিষয়ক বৈজ্ঞানিক জ্ঞান ও দক্ষতা বিষয় পেশা।"— সংজ্ঞাটি কে দিয়েছেন?**
K W.A. Friendlander
L Morales and Sheafor
M Herbert Bisno
N R.A. Skidmore and M.G Thackeray

**১৫. সামাজিক ভূমিকা পালন ক্ষমতার উন্নয়ন, পুনরুদ্ধার, সংরক্ষণ এবং শক্তিশালীকরণে নিম্নোক্ত কোন বিষয়টি কার্যকর ভূমিকা পালন করে?**
K অর্থনীতি L মনোবিজ্ঞান
M জ্ঞানবিজ্ঞান N সমাজকর্ম

**১৬. ১৬০১ সালের দরিদ্র আইন কত সালে সংস্কার করা হয়?**
K ১৮৩৪ L ১৯০৫
M ১৯৪২ N ১৯৪৫

**১৭. জেরি এবং জেরির মতে, শিল্পবিপ্লবের মেয়াদকাল কত?**
K ১৫৬০-১৬৫০ L ১৬৬০-১৭৬০
M ১৭৬০-১৮৫০ N ১৮৬০-১৯৬০


**১৮. শিল্পবিপ্লবের ধারণাটি নামকরণ করেছিলেন কে?**
K Arnold Toynbee L Lady Williams
M Jarry and Jarry N S.P Huntingion

**১৯. সর্বপ্রথম কোথায় ও কত সালে COS গঠিত হয়?**
K আমেরিকা, ১৮৭৭
L ইংল্যান্ড, ১৮৬৯
M কানাডা, ১৮৬৯
N অস্ট্রেলিয়া, ১৮৭৭

**২০. কোন আইনকে '৪৩তম প্রয়াস' বলে অভিহিত করা হয়?**
K শ্রমিক আইন
L রিভারিজ রিপোর্ট
M দরিদ্র সংস্কার আইন
N এলিজাবেথীয় দরিদ্র আইন

**২১. NASW কত সালে গঠিত হয়?**
K ১৮৬৯ L ১৮৭৩
M ১৯৪২ N ১৯৫৫

■ **উদ্দীপকটি পড়ে ২২নং প্রশ্নের উত্তর দাও :**




**২২. উদ্দীপকের (?) স্থানটিতে কোনটি বসবে?**
K শিক্ষকতা পেশার মূল্যবোধ
L সমাজকর্ম পেশার মূল্যবোধ
M ওকালতি পেশার মূল্যবোধ
N ডাক্তারি পেশার মূল্যবোধ

■ **উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪নং প্রশ্নের উত্তর দাও :**
আবিদ ও নাবিদ দুই ভাই। আবিদ চট্টগ্রাম মেডিকেল কলেজ থেকে এমবিবিএস পাস করে চট্টগ্রামের একটি খ্যাতনামা হাসপাতালে চিকিৎসক হিসেবে কর্মরত আছেন। আবিদের ভাই নাবিদ তাদের গ্রামের বাজারে একটি মুদি দোকান চালান।

**২৩. আবিদের জীবিকা নির্বাহের উপায়কে কী হিসেবে চিহ্নিত করা যায়?**
K চাকরি L চিকিৎসক
M বৃত্তি N পেশা

**২৪. আবিদ ও নাবিদের জীবিকা নির্বাহের পদ্ধতি পার্থক্য হলো—**
i. দক্ষতা ও নৈপুণ্য
ii. বিশেষ জ্ঞানভান্ডার
iii. সেবা প্রদান
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৫. 'বিধবা বিবাহ প্রবর্তন আমার জীবনের প্রধান সৎকর্ম।'— উক্তিটি কার?**
K রাজা রামমোহন রায়
L ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
M বেগম রোকেয়া
N এ. কে. ফজলুল হক

**২৬. যাকাতের অর্থ ব্যয়ের খাত কয়টি?**
K ৬টি L ৭টি
M ৮টি N ৯টি

**২৭. 'সমাজকর্ম একটি ব্যবহারিক বিজ্ঞান'- উক্তিটি কে করেছেন?**
K ডব্লিউ এ ফ্রিডল্যান্ডার
L আরমান্ডো মরেলস
M বি ডব্লিউ শেফর
N সমাজকর্ম অভিধান

**২৮. 'Introduction to Social Work' গ্রন্থের লেখক কে?**
K Walter A Friedlander
L Skidmore and Thockeray
M Morels and Shegfor
N Herbert Bisno

**২৯. সামজকর্মের লক্ষ্য ও উদ্দেশ্য নির্ধারণে কত সালে NASW প্রকাশিত বিষয়গুলোকে প্রাসঙ্গিক হিসেবে বিবেচনা করা হয়?**
K ১৯৮০
L ১৯৮১
M ১৯৮২
N ১৯৮৪

**৩০. কত সালে প্রথম দরিদ্র আইন প্রণীত হয়?**
K ১৪৪৯ সালে
L ১৩৪৯ সালে
M ১৬৪৯ সালে
N ১৪৪৯ সালে

SURE SUCCESS

# কুমিল্লা রেসিডেন্সিয়াল কলেজ

বিষয় কোড : 2 7 1

সময়—৩০ মিনিট

## সমাজকর্ম প্রথম পত্র ⊙ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

১. **'Introduction to Social Welfare' গ্রন্থের লেখক কে?**
K Walter A Friedlander
L Morales and Sheafor
M Skidmore and Thackeray
N Warner W Boehm

২. **সমাজকর্ম পেশার বিকাশ ঘটে কোন দেশে?**
K ইংল্যান্ড L আমেরিকা
M চীন N অস্ট্রেলিয়া

৩. **"সমাজকর্ম হলো মানবীয় সম্পর্কবিষয়ক বৈজ্ঞানিক জ্ঞান ও দক্ষতাভিত্তিক পেশা।"— সংজ্ঞাটি কে দিয়েছেন?**
K W. A. Friedlander
L Morales and Sheafor
M Herbert Bison
N R. A. Skidmore and M. G. Thackeray

৪. **সমাজকর্মের বৈশিষ্ট্য হলো—**
i. মুনাফা অর্জনের জন্য পরিচালিত কার্যক্রম
ii. সংযোগকারী হিসেবে নিজস্ব সম্পদ কাজে লাগানো প্রক্রিয়া
iii. এটি একটি সাহায্যকারী সেবামূলক কার্যক্রম
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৫. **কত সালে NASW সমাজকর্মের লক্ষ্য ও উদ্দেশ্য নির্ধারণ করে?**
K ১৯৭১ সালে
L ১৯৮১ সালে
M ১৯৯১ সালে
N ২০০১ সালে

৬. **সাহায্যার্থীদের অন্তর্নিহিত শক্তি বলতে নিচের কোনটিকে ইঙ্গিত করা হয়?**
K ব্যক্তি নৈতিকতা
L ব্যক্তির সুপ্ত প্রতিভা ও দক্ষতা
M ব্যক্তির মূল্যবোধ
N ব্যক্তির সততা

৭. **ইংল্যান্ডে দান সংগঠন সমিতি কত সালে গড়ে ওঠে?**
K ১৮৬৯ L ১৮৭৭
M ১৯০৫ N ১৯৪২

৮. **NASW-এর পূর্ণরূপ কী?**
K National Association of Social Work
L National Association of Social Workers
M National Adhock Committee of Social Work
N National Administration of Social Work

৯. **১৩৪৯ সাল থেকে ১৫৯৭ সাল পর্যন্ত ইংল্যান্ডে কতটি দরিদ্র আইন প্রণীত হয়?**
K ৪১ L ৪২
M ৪৩ N ৪৪

১০. **শিল্পবিপ্লব প্রত্যয়টির নামকরণ করেন কে?**
K ওয়াল্টার ও ফ্রিডল্যান্ডার
L আরনল্ড টয়েনবি
M এল বার্কার N পি.বি. হর্টন

১১. **ইংল্যান্ড প্রথম দরিদ্র আইন, ১৩৪৯ প্রণয়নে মূল লক্ষ্য ছিল—**
i. সক্ষম শ্রমিকদের যেকোনো ইচ্ছুক মালিকদের অধীন নিজ এলাকায় কাজ করাতে বাধ্য করা
ii. ভবঘুরেমি ও ভিক্ষাবৃত্তি বন্ধ করা
iii. সক্ষম দরিদ্রদের ভিক্ষাদানে জনগণকে উৎসাহিত করা
**নিচের কোনটি সঠিক?**
K i L ii M iii N i, ii ও iii

১২. **NASW কত সালে গঠিত হয়?**
K ১৮৬৯ L ১৮৭৩
M ১৯৪২ N ১৯৫৫

১৩. **পেশা ও বৃত্তির মধ্যে কোনটি সঠিক?**
K বৃত্তিমূলক কাজ প্রযুক্তিসম্পন্ন
L পেশা চাইলেই পরিবর্তন করা যায়
M সকল পেশা বৃত্তি কিন্তু সকল বৃত্তি পেশা নয়
N সকল বৃত্তিই পেশা কিন্তু সকল পেশা বৃত্তি নয়

১৪. **পেশার বৈশিষ্ট্য হলো—**
i. সুশৃঙ্খল জ্ঞান
ii. সামাজিক স্বীকৃতি
iii. পেশাগত সংগঠন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১৫. **জীবিকা নির্বাহের উপায় যার জন্য উচ্চতর দক্ষতা ও নৈপুণ্যের অধিকারী হতে হয়, তাকে কী বলে?**
K বৃত্তি L পেশা
M উপপেশা N উপবৃত্তি

১৬. **নিচের কোনটি পেশার গতিশীলতা বৃদ্ধির মাধ্যম?**
K স্বচ্ছতা L জবাবদিহিতা
M চাটুকারিতা N সততা

১৭. **কাদেরকে সমাজের চিকিৎসক বলা হয়?**
K রাজনীতিবিদদের
L সমাজকর্মীদের
M চিকিৎসকদের
N প্রকৌশলীদের

১৮. **সমাজকর্ম পেশা হিসেবে স্বীকৃতি লাভ করে কখন?**
K ১৯১৬ সালে L ১৯১৮ সালে
M ১৯৪০ সালে N ১৯৬০ সালে

১৯. **সমাজের ক্ষতিকর ও অবাঞ্ছিত রীতিনীতি সংশোধন বলতে নিম্নের কোন প্রত্যয়টিকে বোঝায়?**
K সমাজ সংস্কার
L সামাজিক পরিবর্তন
M সামাজিক নিয়ন্ত্রণ
N সামাজিক উন্নয়ন

২০. **সামাজিক নিরাপত্তা কর্মসূচি কত ভাগে বিভক্ত?**
K ২ L ৩
M ৪ N ৫

২১. **ব্যবহারিক দিক হতে ওয়াক্ফ কত প্রকার?**
K ২ L ৩
M ৪ N ৮

২২. **সতীদাহ প্রথা উচ্ছেদ আইন কত সালে প্রণীত হয়?**
K ১৮২৯ L ১৮৫৬
M ১৮৭০ N ১৯১১

২৩. **"বিধবা বিবাহ প্রবর্তন আমার জীবনের প্রধান সংকল্প"— উক্তিটি কার?**
K রাজা রামমোহন রায়
L ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
M বেগম রোকেয়া
N এ. কে. ফজলুল হক

২৪. **মূলত বায়তুল মাল বলতে বোঝায়—**
K রাষ্ট্রীয় কোষাগার
L পবিত্রকরণ ও বৃদ্ধি
M সম্পদের ঘর
N ইসলামি রাষ্ট্রের রাষ্ট্রীয় কোষাগার

২৫. **সমাজকর্ম পদ্ধতি কয় ধরনের?**
K ২ L ৩
M ৪ N ৫

২৬. **আভিধানিক দিক থেকে 'Administer' শব্দের অর্থ কী?**
K পরিবেশন করা
L পর্যবেক্ষণ করা
M পর্যালোচনা করা
N পরিচালনা করা

২৭. **ব্যক্তি সমাজকর্মের উপাদান কয়টি?**
K ২ L ৩
M ৪ N ৫

২৮. **সমস্যা নির্ণয় বলতে বোঝায়—**
K ব্যক্তির সমস্যা চিহ্নিত করা
L ব্যক্তির মনো-সামাজিক অনুধ্যান করা
M সেবাগ্রহীতা সম্পর্কে তথ্য সংগ্রহ করা
N তথ্য সংগ্রহের মাধ্যমে সমাধান

২৯. **ব্যক্তি সমাজকর্ম বিকাশ লাভ করে কখন?**
K ১৯০০–১৯৩০ সালের মধ্যে
L ১৯১০–১৯৩০ সালের মধ্যে
M ১৯২০–১৯৩০ সালের মধ্যে
N ১৯৩০–১৯৪০ সালের মধ্যে

৩০. **ব্যক্তি সমাজকর্মে পেশাদার প্রতিনিধি ও সাহায্যার্থীর মধ্যে তথ্য বিনিময়কে কী বলা হয়?**
K প্রত্যক্ষণ
L যোগাযোগ
M প্রক্রিয়া
N অভিজ্ঞতা

# ঝালকাঠি সরকারি কলেজ

বিষয় কোড : 2 7 1

সময়—৩০ মিনিট

## সমাজকর্ম প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

**১. সমাজকর্ম সমস্যাগ্রস্ত ব্যক্তির সামাজিক ভূমিকা পালনে সাহায্য করে— কথাটির তাৎপর্য কী?**
K নাগরিকের মধ্যে দায়িত্ব-কর্তব্যের অনুভূতি সৃষ্টি করে
L ব্যক্তির সুপ্ত ক্ষমতাকে জাগ্রত করে
M ব্যক্তির সামাজিকীকরণকে ফলপ্রসূ করে
N ব্যক্তির মনোজাগতিক পরিবর্তন ঘটায়

**২. সমাজকর্মের লক্ষ্য ও উদ্দেশ্য নির্ধারণে কত সালে NASW কর্তৃক প্রকাশিত বিষয়গুলোকে প্রাসঙ্গিক হিসেবে বিবেচনা করা হয়?**
K ১৯৮০ সালে L ১৯৮১ সালে
M ১৯৮২ সালে N ১৯৮৪ সালে

**৩. কাকে Change Agent বলা হয়?**
K সমাজতত্ত্ববিদকে L সমাজকর্মীকে
M রাজনীতিবিদকে N শিক্ষককে

**৪. সমাজকর্মকে বিশেষায়িত করা যায়—**
i. আর্থিক সাহায্য পরিচালনাকারী কার্যক্রম হিসেবে
ii. বিশেষ জ্ঞাননির্ভর পদ্ধতি হিসেবে
iii. দক্ষতানির্ভর সেবাকর্ম হিসেবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
শিশু অধিকার উন্নয়ন কেন্দ্র শিশুর বিকাশ, অধিকার প্রতিষ্ঠা এবং এদের সুরক্ষার জন্য কাজ করছে। প্রতিষ্ঠানটি শিশুনীতির কার্যকর বাস্তবায়নে শিশু সুরক্ষা শিক্ষার ওপর শিখন সামগ্রী প্রণয়ন করেছে। কর্মীদের দক্ষতা উন্নয়নে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে প্রতিষ্ঠানের উদ্দেশ্য কার্যকর করছে।

**৫. প্রতিষ্ঠানটির গৃহীত কার্যক্রম সমাজকর্মের নিচের কোন পরিধির অন্তর্ভুক্ত?**
K জ্ঞানের বিভিন্ন শাখাকেন্দ্রিক
L পরিকল্পনা প্রণয়ন সংশ্লিষ্ট
M সেবাদান কর্মসূচিভিত্তিক
N সমাজ উন্নয়নকেন্দ্রিক

**৬. উক্ত পরিধিভুক্ত কার্যক্রমটি বাস্তবায়নে প্রতিষ্ঠানটির কর্মীদের দক্ষতা বৃদ্ধি এবং প্রাতিষ্ঠানিক উদ্দেশ্য কার্যকরী করা সম্পর্কিত বিষয় সমাজকর্মের যে শিক্ষার সাথে সামঞ্জস্যপূর্ণ তা হলো—**
i. সামাজিক প্রশাসন ও গবেষণা
ii. সমাজকর্ম পদ্ধতিনির্ভর শিক্ষা
iii. মানবসম্পদ উন্নয়ন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**৭. নিচের কোনটি ১৬০১ সালে দরিদ্র সহায়তা ও সাহায্যদানের জন্য অর্থায়নের মূল উৎস ছিল?**
K আয়কর
L মূল্য সংযোজন কর
M বাণিজ্য কর
N দরিদ্র কর

**৮. ১৮৩৪ সালের দরিদ্র আইনে দরিদ্র শ্রমাগারকে 'দরিদ্রদের জেলখানা' হিসেবে অভিহিত করেন কে?**
K জন ব্রিড সামনার L রিচার্ড ওয়েস্টলার
M অ্যাডউইন চ্যাডউইক
N কার্ল মার্কস

**৯. রাজকীয় কমিশনের সুপারিশ অনুযায়ী দরিদ্র আইন কত তারিখে কার্যকর হয়?**
K ১৪ আগস্ট ১৮৩৪ L ১৫ আগস্ট ১৮৩৪
M ১৪ আগস্ট ১৮৩৫ N ১৫ আগস্ট ১৮৩৫

**১০. ১৯০৫ সালের দরিদ্র আইন কমিশনের সদস্য সংখ্যা কত ছিল?**
K ১৭ জন L ১৮ জন
M ১৯ জন N ২০ জন


**১১. আধুনিক ইংল্যান্ডের সামাজিক নিরাপত্তা কাঠামো গড়ে উঠেছে নিচের কোনটিকে কেন্দ্র করে?**
K হ্যামিল্টন রিপোর্ট L বিভারিজ রিপোর্ট
M চেমসফোর্ড রিপোর্ট N ফিংক রিপোর্ট

**১২. শিল্পবিপ্লবের পরবর্তী সময়ে ইংল্যান্ডের একটি কোম্পানিতে চাকরিরত অবস্থায় মি. মিল্টনের একটি হাত ক্ষতিগ্রস্ত হয়। এ অবস্থায় তিনি কী ধরনের সহায়তা পেয়েছেন?**
K সামাজিক বিমা L পারিবারিক ভাতা
M শিল্প দুর্ঘটনা বিমা N জাতীয় স্বাস্থ্য বিমা

**১৩. Profession শব্দটি কোন শব্দ থেকে এসেছে?**
K আরবি L ফারসি M গ্রিক N ল্যাটিন

**১৪. পেশা ও বৃত্তির মধ্যে কোনটি সঠিক?**
